উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

COB

সেনসেক্স : ৮৩,৬০৬.৪৬ (-৪৫২.৪৪)

নিফটি : ২৫,৫১৭.০৫ (-১২০.৭৫)







**কল্যাণ, মহুয়াকে সতর্কবার্তা অভিষেকের**

কসবা কাণ্ড নিয়ে প্রকাশ্যে বিতর্কিত মন্তব্য করায় সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং মহুয়া মৈত্রকে সোমবার সতর্ক করেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। » ৭

**ভারতকে বাদ দিয়ে জোট উপমহাদেশে**

ভারতীয় উপমহাদেশে ভারতকেই একঘরে করার চেষ্টা করছে চিন। সম্প্রতি চিন-পাকিস্তান-বাংলাদেশের বৈঠকে নয়া জোট গঠনের চেষ্টা চলে বলে ইঙ্গিত মিলেছে। » ৮

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | সর্বোচ্চ | সর্বনিম্ন |
|---|---|---|
| শিলিগুড়ি | ৩৪° | ২৫° |
| জলপাইগুড়ি | ৩৩° | ২৬° |
| কোচবিহার | ৩৪° | ২৭° |
| আলিপুরদুয়ার | ৩৪° | ২৬° |

**রেলভাড়া বাড়ছে আজ থেকে**

ভারতীয় রেল যাত্রী পরিষেবায় ১ জুলাই থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিচ্ছে। তার মধ্যে রয়েছে যাত্রীভাড়া বৃদ্ধি, টিকিট বুকিংয়ের নিয়মের পরিবর্তন ইত্যাদি। » ৮


১৬ আষাঢ় ১৪৩২ মঙ্গলবার ৫.০০ টাকা 1 July 2025 Tuesday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 44




*পহলগাম হামলার পর ছাম্বা-ভদ্রবা ট্রেকিংয়ের রাস্তা পর্যটকদের জন্য খুলে দেওয়া হল। সোমবার ডোডায়। -পিটিআই*

## ভোটাধিকারের বিজ্ঞপ্তি বদল

### কমিশনের নির্দেশে চর্চায় মমতার আপত্তি

**দীপ্তিমান মুখোপাধ্যায়**

**কলকাতা, ৩০ জুন :** ভোল বদল নির্বাচন কমিশনের। ভোটার তালিকা সংশোধনে নিবিড় সমীক্ষার শর্তগুলি কার্যত প্রত্যাহার হয়ে গিয়েছে। সোমবার কমিশনের প্রকাশ করা নতুন বিজ্ঞপ্তিতে ১৯৮৭ সালের ১ জুলাইয়ের পর জন্ম নিলেও কাউকে অতিরিক্ত নথি দিয়ে নিজের নাগরিকত্ব প্রমাণের দায় থাকবে না। বিহার বিধানসভার নির্বাচন প্রসঙ্গে বিজ্ঞপ্তিটি জারি হয়েছে বটে। কিন্তু তাতে আগের অবস্থান থেকে নির্বাচন কমিশনের সরে আসা স্পষ্ট।

কমিশনের আগের বিজ্ঞপ্তি সম্পর্কে গত বৃহস্পতিবার দিঘায় সাংবাদিক বৈঠকে বাংলার মুখ্যমন্ত্রী বেশ কিছু আপত্তি তুলেছিলেন। সেই আপত্তির জায়গাগুলিই সোমবারের বিজ্ঞপ্তিতে বদলে গিয়েছে। আগের বিজ্ঞপ্তিতে ২০০৩ সালের ভোটার তালিকাকে ভিত্তি ধরে বলা হয়েছিল, ওই তালিকায় নাম না থাকলে শুধু জন্ম নয়, জন্মস্থানের সরকারি নথি জমা না দিলে ভোটাধিকার থাকবে না।

সোমবার বিহারের জন্য প্রকাশ করা বিজ্ঞপ্তিতে সেই বাধ্যবাধকতা তুলে নেওয়া হয়েছে। আগের বিজ্ঞপ্তিতে ক্ষেত্রবিশেষে শুধু ভোটারের জন্য আবেদনকারীর নয়, তাঁর বাবা অথবা মা, কোনও ক্ষেত্রে তিনজনের জন্ম ও জন্মস্থানের শংসাপত্র পেশ বাধ্যতামূলক ছিল। সেই নিয়মও তুলে নেওয়া হয়েছে।

তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ সোমবার দাবি করেন, 'মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের চাপেই কমিশন সিদ্ধান্ত বদল করতে বাধ্য হয়েছে। মুখ্যমন্ত্রী এই নিয়ে প্রথম সরব হয়েছিলেন। কিন্তু বিড়ালের গলায় ঘণ্টা বাঁধতে কেউ এগিয়ে আসেননি। ওঁর আন্দোলনের জন্য সারা দেশ একসময় সচিত্র পরিচয়পত্র পেয়েছিল। সেই ধারা এখনও বহাল রয়েছে বোঝা গেল।'

যদিও তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন কিছুটা ভিন্নকথা বলেছেন। তাঁর বক্তব্য, আগেরটির সঙ্গে সোমবারের বিজ্ঞপ্তির খুব বেশি ফারাক নেই। তাঁর কথায়, 'বিহারের কথা বলা হলেও নির্বাচন কমিশনকে দিয়ে বিজেপি বাংলা দখলের কাজ করাচ্ছে।' বিজেপির রাজ্যসভা সদস্য শমীক ভট্টাচার্য পালটা বলেন, 'কমিশন কী সিদ্ধান্ত নেবে, তা তাদের ব্যাপার। তবে ভুয়ো ভোটারের নাম যাতে না থাকে, সেদিকে আমাদের নজর থাকবে।'



প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্যের বক্তব্য, 'নির্বাচন কমিশনের ভাবমূর্তি নিয়ে প্রশ্ন ওঠা উচিত নয়।' সোমবার কমিশনের ওয়েবসাইটে নতুন যে বিজ্ঞপ্তি দেখা গিয়েছে, তাতে স্পষ্ট বিহারের ৪.৯৬ কোটি ভোটারের নাম তালিকায় রাখতে তাঁদের বাবা-মায়ের কোনও নথি জমা দিতে হবে না। ২০০৩ সালের ভোটার তালিকায় কারও নাম না থাকলেও আলাদা করে কোনও নথি দিতে হবে না। অর্থাৎ বিহারের প্রায় ৬০ শতাংশ ভোটারের আর নথি জমা দেওয়ার প্রয়োজন নেই। কমিশন জানিয়ে দিয়েছে, পুরোনো তালিকায় যাঁদের নাম রয়েছে, তাঁদের শুধু ফর্ম ফিলআপ করে জমা দিলেই হবে।

সহপাঠীদের কথা

## মনোজিতের কাছে কেউ নিরাপদ নন

**রিমি শীল**


**কলকাতা, ৩০ জুন :** গণধর্ষণের শিকার প্রথম বর্ষের ছাত্রী শুধু নয়, ওই ঘটনায় মূল অভিযুক্ত মনোজিৎ মিশ্রের কাছে নিরাপদ ছিলেন না কলকাতার ওই আইন কলেজের কোনও ছাত্রীই। বয়সে বড় হোন বা ছোট, সিনিয়ার থেকে জুনিয়ার নির্বিশেষে অনেক তরুণী মনোজিতের হেনস্তার মুখে পড়েছেন বলে অভিযোগ উঠছে। কলেজ কর্তৃপক্ষের কাছে এরকম অভিযোগ কম জমা পড়েনি। এতদিন অভিযোগপত্রে শুধুই ধুলো জমত। সুরাহা কিছু হত না। অভিযোগকারিণীরা একসময় পাশ করে বেরিয়ে যেতেন। সব ধামাচাপা পড়ে যেত।

মনোজিতের বিরুদ্ধে পদক্ষেপ করার উদ্যোগই কলেজ কর্তৃপক্ষের ছিল না বলে মনোজিতের এক সহপাঠী জানালেন। ২০২২ সালে তৃণমূল ছাত্র পরিষদের ইউনিট সভাপতিও তাঁর বিরুদ্ধে অভিযোগ (যে অভিযোগপত্রের কপি উত্তরবঙ্গ সংবাদের কাছে আছে) জানিয়েছিলেন ওই আইন কলেজের ভাইস প্রিন্সিপাল, পরিচালন সমিতির সভাপতি অশোক দেব, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, এমনকি সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে। তারপরেও কোনও পদক্ষেপ করা হয়নি।

মনোজিতের ওই সহপাঠী জানান, 'নতুন কেউ কলেজে আসার পর থেকেই মনোজিৎ র‍্যাগিং করত, তোলাবাজি চালাত। ওর চোখ থেকে সিনিয়ার, জুনিয়ার কেউ ছাড় পেত না। তখন কলেজ কর্তৃপক্ষ ব্যবস্থা নিলে আজ এই ঘটনা ঘটত না।' ২০১২ থেকে ২০১৯ সাল পর্যন্ত এই কলেজে মনোজিতের ওই সহপাঠীর অভিযোগ, ২০১৩ সালে চেতলা ব্রিজের ওপর কেটারিং কর্মীদের আঙুল কেটে দেওয়া, মারধর ইত্যাদির জন্য ওঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছিল। তিন বছর গা ঢাকা দিয়ে থেকে ২০১৬ সালে ফের কলেজে গিয়ে দাপট দেখাতে শুরু করেছিলেন।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্যের বিশেষ অনুমতি নিয়ে আবার ভর্তি হন মনোজিৎ। তারপর তাঁর কুকীর্তি বাড়তে থাকে বলে অভিযোগ।

*এরপর দশের পাতায়*






এডিশন স্পেশাল

**আইএমএ'র অনুষ্ঠানে বিতর্কিত নেতা**

» *দুইয়ের পাতায়*

**হাটের জমি বিক্রির অভিযোগ**

» *তিনের পাতায়*



**কলেজে ভর্তির আবেদন কম**

» *চারের পাতায়*

অভিযুক্ত তৃণমূল নেত্রী গ্রেপ্তার

## সিপিএম নেতাকে জুতোপেটা

**চিত্ত মাহাতো ও রিমি শীল**

**খড়্গপুর ও কলকাতা, ৩০ জুন :** প্রবীণ সিপিএম নেতা অনিল দাসকে রাস্তায় ফেলে জুতোপেটার সাক্ষী থাকল পশ্চিম মেদিনীপুর জেলার খরিদা এলাকা। ওই ঘটনার ভাইরাল ভিডিওতে (যার সত্যতা উত্তরবঙ্গ সংবাদ যাচাই করেনি) স্থানীয় তৃণমূল নেত্রী বেবি কোলে ও তাঁর সহযোগীদের অনিলকে রাস্তায় ফেলে প্রকাশ্যে বেধড়ক মারধর করতে দেখা গিয়েছে। ওই নেত্রীর একজনের বাড়ির দেওয়াল ভেঙে ফেলার প্রতিবাদ করেছিলেন ওই সিপিএম নেতা। তার জেরে সোমবার ওই হামলা বলে অভিযোগ।

ঘটনাটি নিয়ে রাজ্যজুড়ে শোরগোল পড়ে যায়। তৃণমূল নেতৃত্ব শেষপর্যন্ত ওই নেত্রীর পাশে দাঁড়ায়নি। বরং আক্রান্ত সিপিএম নেতার পাশাপাশি দলের পক্ষ থেকেও অভিযোগ জানানো হয় থানায়। পশ্চিম মেদিনীপুরের তৃণমূল নেতা তথা বিধায়ক অজিত মাইতি বলেন, 'দল কোনও অনৈতিক কাজ সমর্থন করে না। পুরো ঘটনা খতিয়ে দেখে রাজ্য নেতৃত্বের কাছে রিপোর্ট পাঠানো হবে। রাজ্য নেতৃত্ব চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।'

তৃণমূলের মেদিনীপুর সাংগঠনিক জেলা সভাপতি তথা বিধায়ক সুজন হাজরা বলেন, 'দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশে আগামী তিনদিনের মধ্যে ওঁকে এই অশোভনীয় আচরণের জন্য উপযুক্ত কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হয়েছে।' সিপিএম নেতা সুজন চক্রবর্তী অবশ্য বলেন, 'তৃণমূলের সংস্কৃতি এটা। তাই এই ধরনের ঘটনা ঘটিয়েছে।' পুলিশ অবশ্য দেরি না করে অভিযুক্ত তৃণমূল নেত্রীকে গ্রেপ্তার করে হেপাজতে নিয়েছে।

আক্রান্ত সিপিএম নেতা অনিল দাস বলেন, 'ওরা প্রাণে মেরে দিত। পুলিশ কড়া ব্যবস্থা না নিলে খড়্গপুর শহরে আর কেউ কোনও লোককে সহযোগিতা করবে না।' খড়্গপুর শহরের খরিদা এলাকায় সম্প্রতি ওই তৃণমূল নেত্রী একটি বাড়ির দেওয়াল ভেঙে ফেলেন। ওই বাড়ির জলের সংযোগ বিচ্ছিন্ন করে দেন। শৌচাগারের পাইপ নষ্ট করেন। ঘটনাটি জানতে পারেন স্থানীয় বর্ষীয়ান সিপিএম নেতা অনিল দাস। তিনি পরিবারটিকে থানায় অভিযোগ দায়ের এবং সাংবাদিকদের জানানোর পরামর্শ দেন।

এতেই ক্রুদ্ধ হয়ে বেবি কোলে নামে ওই তৃণমূল নেত্রী সোমবার রাস্তায় ফেলে জুতোপেটা করেন অনিলকে। প্রাণে বাঁচতে অনিল একটি রঙের দোকানে আশ্রয় নিলে বেবি ও তাঁর সাঙ্গোপাঙ্গরা দোকানে ঢুকে তাঁকে টেনে বের করে মারধর করেন। তাঁর গায়ে রং ছুড়ে দেওয়া হয়। স্থানীয়রা ওই প্রৌঢ়কে উদ্ধার করার পর থানায় অভিযোগ জানান তিনি। ঘটনার প্রতিবাদে সিপিএম কর্মীরা খড়্গপুর সদর থানায় বিক্ষোভ দেখান।



*নিগৃহীত হওয়ার পর বিধ্বস্ত অবস্থায় সিপিএম নেতা অনিল দাস।*

কথায় কথায়

## 'আ মরি বাংলা ভাষা' এখন বিপদ ভিনরাজ্যে

**আশিস ঘোষ**



মোদের গরব মোদের আশা/ আ মরি বাংলা ভাষা।

স্বাধীনতার এত বছর পরে সন্দেহ হচ্ছে, সত্যিই কি আমার মাতৃভাষা আমার গর্ব, আমার আশা! হয়তো ছিল এককালে। এখন বাংলা বলা আর আশা-ভরসা নয়। বরং চরম অগৌরবের, চূড়ান্ত হেনস্তার। এখন, এই অমৃতকালে বাংলা বললে অন্য রাজ্যে ঘাড়ধাক্কা খেতে হয়। শুনতে হয়, তুমি বাংলাদেশি। তোমার বাপ-ঠাকুরদা চোদ্দো পুরুষের এই ভিটেতে তোমার ঠাঁই হবে না। তুমি বেরিয়ে যাও। এ দেশ তোমার নয়। মুসলিম হলে তো কথাই নেই। পত্রপাঠ ঘাড়ধাক্কা।

তারপরেও হেনস্তা। দুই দেশের সীমান্তে ঠেলাঠেলি। এ বলে এরা আমাদের নয়, ও ঠেলে পাঠায় এপারে। শুধু বাঙালি বলে, শুধু বাংলা ভাষায় কথা বলাবলি করেন বলে। এখন ব্যাপক হারে শুরু হয়েছে এই বিতাড়নপর্ব। হাজার প্রমাণ দেখালেও রেহাই নেই, হাতে-পায়ে ধরলেও না। সোজা ফেরত পাঠিয়ে দেওয়া হচ্ছে এই রাজ্যে, যেখান থেকে তাঁরা ভিনরাজ্যে কাজ করতে গিয়েছিলেন। কখনও বা রাজ্য সরকারকে থোড়াই কেয়ার, সরাসরি তুলে দেওয়া হচ্ছে বিএসএফের হাতে। তারাই পুশ ব্যাক করছে বাংলাদেশে।

যেমন কোচবিহারের আটজন। বাংলাদেশি সন্দেহে আটক করা হয়েছিল যাঁদের। পরে একজনকে ছেড়ে দিলেও বাকি সাতজন এখনও আটক।

*এরপর দশের পাতায়*

## বন্ধকি সোনা ফেরত চেয়ে প্রহৃত

**প্রসেনজিৎ সাহা**

**দিনহাটা, ৩০ জুন :** প্রয়োজনে প্রতিবেশীর কাছে একটি সোনার আংটি বন্ধক রেখেছিলেন। সেটি ফেরত চাইতে যাওয়ায় এক মহিলাকে বেধড়ক মারধর করা হল। মায়া দাস নামে গুরুতর আহত ওই মহিলাকে স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে। রবিবার রাতে দিনহাটা-২ ব্লকের চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েত জায়গির বালাবাড়ির এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। পুলিশ এই ঘটনায় মূল অভিযুক্ত মজিদুল হক ও তাঁর স্ত্রী সাহিদা বিবিকে গ্রেপ্তার করেছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে বলে দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিক ধীমান মিত্র জানিয়েছেন।

ঠিক কী ঘটেছে? স্বাস্থ্যকেন্দ্রের বেডে শুয়ে মায়া দাস বললেন, 'অভাবের কারণে প্রতিবেশী মজিদুল হকের কাছে একটি সোনার আংটি বন্ধক রেখেছিলাম। রবিবার ধারের সেই টাকা শোধ করে ওই আংটি ফেরত নিতে যাই। নানা টালবাহানায় মজিদুল ওই আংটি ফেরত দিতে অস্বীকার করেন। এক-একবার এক-এক কথা বলেন। কখনও তাঁর দাবি, তিনি ওই আংটি বিক্রি করে দিয়েছেন, কখনও বা তিনি ওই আংটির জন্য ১৫ হাজার টাকা দাবি করেন।'



*অভিযুক্তকে নিয়ে যাচ্ছে পুলিশ।*

মায়ার দাবি, এনিয়ে তিনি প্রতিবাদ করলে মজিদুল ও তাঁর স্ত্রী বাটাম দিয়ে তাঁকে বেধড়ক মারধর করেন। খবর পেয়ে মায়ার স্বামী ও মেয়ে সেখানে গিয়ে তাঁকে উদ্ধার করে দিনহাটা-২ ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান। এদিকে, ওই ঘটনার পর স্থানীয় পঞ্চায়েত প্রধান ও গ্রাম পঞ্চায়েত সদস্য সহ বাসিন্দাদের অনেকে অভিযুক্ত ব্যক্তির বাড়ি ঘেরাও করেন। সাহেবগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে যায়। মূল অভিযুক্ত ও তাঁর স্ত্রীকে গ্রেপ্তার করা হয়। সোমবারও ওই এলাকায় চাপা উত্তেজনা বজায় ছিল।

চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েত প্রধান রাধারানি বর্মনের কথায়, 'মায়া মজিদুলের কাছে তাঁর বন্ধক রাখা সোনা চাইতে গেলে কয়েক হাজার টাকা দাবি করা হয় বলে জানতে পারি। টাকা ধার দেওয়ার সময় কোনও সুদ লাগবে না বলে মজিদুল তাঁকে জানিয়েছিলেন বলেও পরে খবর পাই। মজিদুল ও তাঁর স্ত্রী মায়াকে বেধড়ক মারধর করেছেন বলে জানতে পারি। এর জেরে এলাকায় ব্যাপক ক্ষোভ ছড়ায়।' ঘটনায় জড়িতদের উপযুক্তদের শাস্তির দাবিতে বাসিন্দারা সরব হয়েছেন।

**ধৃত দুই**

- বন্ধক রাখা সোনার আংটি ফেরত চাওয়ায় প্রতিবেশীর হাতে প্রহৃত মহিলা
- গুরুতর আহত ওই মহিলাকে ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে
- পুলিশ এই ঘটনায় মূল অভিযুক্ত ও তাঁর স্ত্রীকে গ্রেপ্তার করেছে
- ঘটনায় জড়িতদের উপযুক্ত শাস্তির দাবিতে বাসিন্দারা সরব হয়েছেন

## মাছ ধরতে গিয়ে ডুবল ২ পড়ুয়া, পলাতক শিক্ষক

**রাজেশ দাস**

**গোপালপুর, ৩০ জুন :** মানসাই নদীতে শিক্ষকের সঙ্গে মাছ ধরতে গিয়ে তলিয়ে গেল মাদ্রাসার দুই পড়ুয়া। ঘটনাটি মাথাভাঙ্গা-১ ব্লকের হাজরাহাট-১ গ্রাম পঞ্চায়েতের পূর্ব বালাসি গ্রামের। নিখোঁজ দুই ছাত্রের নাম রাজ আলম (১৪) ও জাহাঙ্গির আলম (১৬)। তাদের বাড়ি শীতলকুচি বড় মরিচা ও শুকটাবাড়ি এলাকায়। দুই ছাত্র কোন শ্রেণিতে পড়ত, তা জানা যায়নি। প্রশ্ন উঠেছে, ওই শিক্ষকের ভূমিকা নিয়ে। এই সময় নদীতে জল বেশি থাকা সত্ত্বেও কেন তিনি পড়ুয়াদের নিয়ে নদীতে মাছ ধরতে গেলেন, এই প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। মাদ্রাসার ওই শিক্ষকের শাস্তির দাবি উঠেছে। ঘটনার পর থেকে পলাতক হুজ্জাতুর রহমানিয়া খারিজিয়া হাফিজি মাদ্রাসার অভিযুক্ত শিক্ষক আবদুল সামাদ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দুপুর নাগাদ ওই মাদ্রাসার একমাত্র শিক্ষক ছয় পড়ুয়াকে নিয়ে মানসাই নদীতে মাছ ধরতে যান। নদী পেরোনোর সময় তিন পড়ুয়া তলিয়ে যায়। একজনকে বাকিরা উদ্ধার করতে পারলেও দুজন তলিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে মাথাভাঙ্গা থানার পুলিশ ও সিভিল ডিফেন্স কর্মীরা। নিখোঁজ দুই কিশোরের জন্য তল্লাশি চালানো হচ্ছে।

মাছ ধরতে যাওয়া মাদ্রাসার ছাত্র কবীর হোসেন বলে, 'আমরা ছয়জন নদী পেরোনোর সময় চারজন আলাদা হয়ে গিয়েছিল। সেই সময় তিনজন জলে ডুবে যায়। একজনকে উদ্ধার করা গেলেও বাকি দুজনকে উদ্ধার করা যায়নি। স্রোতে ওরা ভেসে যায়।'

এই খবর ছড়িয়ে পড়তেই মানসাই নদীর তীরে ভিড় জমান গ্রামবাসীরা। তাঁরাই প্রথমে নদীতে নেমে খোঁজাখুঁজি শুরু করেন। পরে সিভিল ডিফেন্সকর্মীরা ঘটনাস্থলে আসেন।

নিখোঁজ রাজ আলমের জ্যাঠা নাজিমুল আলম ক্ষোভ প্রকাশ করে বলেন, *এরপর দশের পাতায়*



*হাজরাহাট পূর্ব বালাসি গ্রামে মানসাই নদীর পাড়ে উদ্বিগ্ন গ্রামবাসীরা।*

## রাসমেলার দুর্নীতি নিয়ে তদন্তের নির্দেশ রাজ্যের

**শুভঙ্কর চক্রবর্তী**

**শিলিগুড়ি, ৩০ জুন :** ঐতিহ্যবাহী কোচবিহার রাসমেলা পরিচালনায় আর্থিক তছরুপের অভিযোগের তদন্তের নির্দেশ দিল রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তর। পুরসভার বোর্ড অফ কাউন্সিলারকে গোটা বিষয়টি তদন্ত করে আইন মেনে দ্রুত পদক্ষেপ করতে বলা হয়েছে। কী পদক্ষেপ করা হল তা জানিয়ে একটি রিপোর্টও পুর দপ্তরে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। ১১ জুন পুরসভায় সেই চিঠি পৌঁছেছে। অভিযোগ, সেই চিঠি ধামাচাপা দিয়েছেন পুর চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। নির্দেশের বিষয়টি কাউন্সিলারদের জানাননি তিনি। ৭ জুলাই পুরসভার বোর্ড মিটিং ডাকা হয়েছে। সেখানেও আলোচ্যসূচিতে তদন্তের নির্দেশের উল্লেখ করা হয়নি। রাসমেলা দুর্নীতি নিয়ে যে অভিযোগ উঠেছে তাতে পুর চেয়ারম্যানই মূল অভিযুক্ত। তাই ফেঁসে যাওয়ার ভয়েই কী তদন্তের চিঠি আটকাতে চাইছেন রবীন্দ্রনাথ? উঠেছে সেই প্রশ্নও।

রাসমেলা দুর্নীতির তদন্ত নিয়ে যখন কাউন্সিলারদের অন্ধকারে রাখার অভিযোগ উঠছে তখন রবীন্দ্রনাথ জানিয়েছেন, তিনি চিঠির উত্তর পাঠিয়ে দিয়েছেন। তদন্ত করতে বলা হয়েছে বোর্ড অফ কাউন্সিলারকে। তাহলে তাদের না জানিয়েই চেয়ারম্যান কীভাবে চিঠির উত্তর দিলেন? রবীন্দ্রনাথের সাফাই, 'বোর্ড মিটিংয়ের আলোচ্যসূচিতে এই বিষয়গুলি থাকে না। অভিযোগের বিষয়ে উত্তর দেওয়ার জন্য আমাকে বলা হয়েছিল। সেইমতো উত্তর দেওয়া হয়েছে।' পুরসভার কোনও আধিকারিকই বিষয়টি নিয়ে প্রকাশ্যে মুখ খুলতে চাননি। তবে রবীন্দ্রনাথ যে যুক্তি দিয়েছেন তা মানতে নারাজ পুরসভার তৃণমূল কাউন্সিলার এবং প্রাক্তন চেয়ারম্যান ভূষণ সিং। তাঁর বক্তব্য, 'বোর্ড অফ কাউন্সিলারকে যে নির্দেশ দেওয়া হয়েছে সে বিষয়ে বোর্ড মিটিংয়ে আলোচনা না করে কোনওভাবেই চেয়ারম্যান একক সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন না। পুর দপ্তরের নির্দেশের বিষয়ে আমরা কিছুই জানি না। কেন তিনি জানাননি তা চেয়ারম্যানের কাছে জানতে চাইব। সরকারি সিদ্ধান্ত অমান্য করতে দেওয়া হবে না।' চিঠির বিষয়ে তিনিও পুরোপুরি অন্ধকারে বলেই জানিয়েছেন পুরসভার ভাইস চেয়ারম্যান আমিনা আহমেদ।

মেলায় স্টল বসানো থেকে কর আদায়ের ক্ষেত্রে বড়সড়ো আর্থিক দুর্নীতি হয়েছে বলে তদন্ত চেয়ে রাজ্যের মুখ্যসচিব, পুরসচিব, ভিজিলেন্স কমিশনার সহ বিভিন্ন দপ্তরে লিখিত অভিযোগ জমা করেছিলেন কোচবিহার শহরের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা শ্যামল চক্রবর্তী। পুর চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ এবং তাঁর ঘনিষ্ঠ কাউন্সিলার অভিজিৎ মজুমদার (রুপু) ছাড়াও পুরসভার বর্তমান ও প্রাক্তন এগজিকিউটিভ অফিসার ও ফিন্যান্স অফিসারের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। সেই অভিযোগের প্রেক্ষিতেই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। পুর দপ্তরের চিঠির প্রতিলিপি পেয়েছেন শ্যামল। তাঁর কথা, 'চিঠি পাওয়ার ১৯ দিন পরও পুর চেয়ারম্যান তা গোপন রেখেছেন। এর থেকেই বোঝা যাচ্ছে তিনি তদন্তে ভয় পাচ্ছেন। আমি নিরপেক্ষ তদন্ত চাই। অভিযুক্ত পুর চেয়ারম্যান এবং তাঁর ঘনিষ্ঠ কাউন্সিলারকে বাদ দিয়ে তদন্ত কমিটি তৈরির দাবি জানাচ্ছি।'

কর বৃদ্ধি ইস্যুতে এমনিতেই বেশ বেকায়দায় পড়েছেন রবীন্দ্রনাথ। গোষ্ঠীকোন্দলের জেরে দলেও কোণঠাসা হয়ে পড়েছেন। ইতিমধ্যেই পুরসভার দশটিরও বেশি প্রকল্পে দুর্নীতির অভিযোগে তদন্তের নির্দেশ দিয়েছেন জেলা শাসক। এবার রাসমেলা দুর্নীতি নিয়ে রাজ্য সরকারের তদন্ত করতে বলায় ল্যাজেগোবরে অবস্থা হয়েছে এক সময়কার দাপুটে তৃণমূল নেতার। তৃণমূল কাউন্সিলারদের একটা বড় অংশই দীর্ঘদিন থেকেই অভিযোগ তুলছেন, তাঁদের ব্রাত্য করে চেয়ারম্যান ইচ্ছে অনুসারে পুরসভা পরিচালনা করছেন। তাঁদের কাছে রাসমেলার তদন্তের নির্দেশ বড় হাতিয়ার। ফলে ওই ইস্যুতে চেয়ারম্যানকে চেপে ধরতে চাইছেন তাঁরা। বিরোধীরাও বিষয়টি নিয়ে সরব হয়েছেন। পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের সিপিএম কাউন্সিলার মধুছন্দা সেনগুপ্তর কথা, 'তদন্তের নির্দেশের বিষয়টি জানানো হয়নি। আসলে পুরসভা কার্যত চেয়ারম্যানের মর্জিমতোই চলছে। তদন্তের বিষয়ে অবশ্যই বোর্ড মিটিংয়ে জানতে চাইব।'



*কোচবিহার রাসমেলার ফাইল চিত্র।*

*নাবালিকা উদ্ধার :* কুমারগঞ্জ থানার তৎপরতায় মহারাষ্ট্রের পুনে থেকে উদ্ধার হল নিখোঁজ নাবালিকা। ১৪ বছর বয়সি ওই নাবালিকা গত ৯ জুন কুমারগঞ্জ থানার অন্তর্গত একটি গ্রাম থেকে নিখোঁজ হয়ে যায়। তদন্তে জানা যায় ওই নাবালিকা পুনেতে আছে। এরপর মহিলা পুলিশ সহ চার সদস্যের একটি টিম পুনে পৌঁছে নাবালিকাকে উদ্ধার করে।

**হাওড়া ডিভিসনে নন-ইন্টারলকিং কাজের জন্য ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ**

**সংশোধনী এবং সংযোজনী**

হাওড়া ডিভিসনের বর্ধমান-খানা শাখায় খানা স্টেশনে প্রি নন-ইন্টারলকিং (০২.০৯.২০২৫ থেকে ০৫.০৯.২০২৫ তারিখ পর্যন্ত) এবং নন-ইন্টারলকিং (০৬.০৯.২০২৫ থেকে ০৮.০৯.২০২৫ তারিখ পর্যন্ত) কাজের জন্য ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ সম্পর্কিত পূর্বে প্রকাশিত উপরোক্ত শীর্ষাঙ্কিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে জানানো হচ্ছে যে, ১৩১৭৬ শিলচর-শিয়ালদহ-কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ০৫.০৯.২০২৫) আহমদপুর-কাটোয়া-ব্যান্ডেল-নৈহাটি-দমদম জং. হয়ে পথ পরিবর্তন করে চলার পরিবর্তে **বাতিল** থাকবে। অন্যান্য সকল ব্যবস্থা অপরিবর্তিত থাকবে। যাত্রীগণকে স্টেশনে পাবলিক অ্যাড্রেস সিস্টেম অনুসরণ করতে অনুরোধ করা হচ্ছে। অসুবিধার জন্য দুঃখিত।

ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, হাওড়া

**পূর্ব রেলওয়ে**

অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter

**JAWAHAR NAVODAYA VIDYALAYA**
Chhabbisay, Darjeeling, West Bengal - 734214

**WALK-IN-INTERVIEW**

**Jawahar Navodaya Vidyalaya, Chhabbisay, Darjeeling (West Bengal) invites application (from Female candidates only) for walk in interview for the post of Matron on contract basis on session 2025-26.**

| SI.NO. | Job Responsibility & Eligibility Criteria |
|---|---|
| 1 | Educational Qualification of Minimum Class X (Higher Education Preferred) |
| 2 | No. of Post-01(One) |
| 3 | Married Female, which includes windows or divorces with encumbrances |
| 4 | Age between 35 to 55 as on the date of interview |
| 5 | Minimum wages rate of Govt. (Unskilled) |
| 6 | Free boarding and lodging with girls students and Medical facilities available in the M.I. Room of the Vidyalaya |
| 7 | The matron will have to reside with the girls students in the dormitory |
| 8 | The tenure of contract appointment shall be for a period of **10 Months** |

Interested candidates should report for the walk-in-interview on **09.07.2025 at 10:00 A.M.** with relevant original documents as well as one set of self attested copy at Jawahar Navodaya Vidyalaya, Chhabbisay, Mirik, Darjeeling (W.B.). Helpline No: 8918467983, 8016494381

Sd/-
PRINCIPAL

# মুখ্যমন্ত্রীর দ্বারস্থ ৭ শ্রমিকের পরিবার

প্রসেনজিৎ সাহা


*ভারপ্রাপ্ত মহকুমা শাসককে স্মারকলিপি দিচ্ছেন আটক শ্রমিকের আত্মীয়রা।*

**দিনহাটা, ৩০ জুন :** দিল্লি পুলিশের হাতে ৫ দিন আগে আটক হয়েছিলেন সাবেক ছিটমহলের ৭ জন বাসিন্দা। তাঁরা দিল্লিতে কাজের সূত্রে গিয়েছিলেন। এখনও ফেরেননি কেউ। দিশেহারা অবস্থায় আটকদের পরিবারের সদস্যরা। অভিযোগ, স্থানীয় প্রশাসন থেকে পুলিশ প্রশাসন, কারও কোনও হেলদোল নেই। দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিক ধীমান মিত্র আবার বলছেন, 'দিল্লির শালিমার বাগ থানার স্টেশন হেড অফিসারের অফিশিয়াল নম্বরে আটক হওয়া বাসিন্দাদের সমস্ত বৈধ কাগজপত্রের ছবি পাঠিয়ে এসএমএস করে দেওয়া হয়েছে। কিন্তু তাদের তরফ থেকে এখনও পর্যন্ত কোনও প্রতিক্রিয়াই পাওয়া যায়নি।' এবার পরিবারের সদস্যরা চাইছেন বিষয়টিতে মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করুন। সোমবার এবিষয়ে স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধানকে সঙ্গে নিয়ে মহকুমা শাসকের কাছে একটি দাবিপত্রও দেন আটক হওয়া পরিবারের সদস্যরা।

আসমা খাতুন নামে এক পরিবারের সদস্য বলেন, 'ভাই গত পাঁচদিন থেকে দিল্লি পুলিশের হাতে আটক। দিনহাটা থানার পুলিশ শুধু আশ্বাস দিয়ে যাচ্ছে। এখানেও দাবিপত্র দিতে এসে সেই একই কথা শুনলাম। কিন্তু, আমরা চাই মুখ্যমন্ত্রী বিষয়টি খতিয়ে দেখুন। যাতে আমার ভাই সহ বাকি যারা আটক রয়েছে সকলে দ্রুত মুক্তি পেয়ে যায়।' আরেক আটক সামসুল হকের স্ত্রী আজিনা বেগম মহকুমা শাসকের সামনে দাঁড়িয়ে ভারী গলায় বললেন, 'কী করে আশ্বস্ত হব? আজ পাঁচদিন হয়ে গেল কাউকে ছাড়া হল না। তাই আমরা চাই মুখ্যমন্ত্রী বিষয়টিতে হস্তক্ষেপ করুন। এবং সকলকে দ্রুত ফিরিয়ে নিয়ে আসুন।' এদিন সাবেক ছিটের বাসিন্দাদের সঙ্গে মহকুমা শাসকের দপ্তরে গিয়েছিলেন দিনহাটা-১ গ্রাম পঞ্চায়েত প্রধান রুমা খাসনবিশও।

ভারপ্রাপ্ত মহকুমা শাসক বিজয় গিরি অবশ্য এদিন বলেন, 'আমরা বিষয়টি ইতিমধ্যে জেলা প্রশাসনকে জানিয়েছি।' এদিন দিল্লিতে আটক শ্রমিকদের প্রসঙ্গে উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেন, 'বিষয়টি নবান্নে জানানো হয়েছে। পাশাপাশি জেলা প্রশাসনের সঙ্গেও কথা হয়েছে।'

> ভাই গত পাঁচদিন থেকে দিল্লি পুলিশের হাতে আটক। দিনহাটা থানার পুলিশ শুধু আশ্বাস দিয়ে যাচ্ছে। আমরা চাই মুখ্যমন্ত্রী বিষয়টি খতিয়ে দেখুন।
>
> **আসমা খাতুন** পরিবারের সদস্য

# শৃঙ্গ জয়ের লক্ষ্য


*দলনেতার হাতে জাতীয় পতাকা তুলে দিচ্ছেন কর্নেল রজনীশ যোশি।*

**জলপাইগুড়ি, ৩০ জুন :** শৃঙ্গ জয়ের স্বপ্ন পূরণ করতে চলেছেন ১২ জন পর্বতারোহী। তাঁদের মধ্যে কেউ নতুন, আবার কেউ অভিজ্ঞ। পেশা বা অভিজ্ঞতা যেমনই হোক না কেন সকলের লক্ষ্য এক। ভারতের পতাকা নিয়ে শৃঙ্গ জয় করা। সোমবার জলপাইগুড়ির সুভাষ ভবনে এই সফরের উত্তরবঙ্গের দলনেতার হাতে জাতীয় পতাকা তুলে দেন হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্নেল রজনীশ যোশি। ২০,৯৬০ ফুট উচ্চতাবিশিষ্ট পোলোগংকা শৃঙ্গে দেশের জাতীয় পতাকা ওড়ানোর আশা নিয়ে মঙ্গলবার দলটি রওনা দেবে।

সোমবার কর্নেল রজনীশ সকল পর্বতারোহীদের সফল অভিযানের জন্য শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এই অভিযানের কনভেনার সুব্রত গঙ্গোপাধ্যায় সহ উত্তরবঙ্গের বিভিন্ন অ্যাডভেঞ্চার ক্লাবের কর্মকর্তারা।

# সাবিনার অস্ত্রোপচার

**কালিয়াচক, ৩০ জুন :** সোমবার দুপুরে কলকাতার একটি নার্সিংহোমে মোথাবাড়ির বিধায়ক তথা সেচ, জলপথ ও উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিনের অপারেশন হয়েছে। এদিন দুপুর ১২টা নাগাদ অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হয় তাঁকে। দুপুর দুটো নাগাদ তাঁর সফল অস্ত্রোপচার হয়। তিনি ক্রমশ সুস্থ হয়ে উঠছেন বলে পরিবার সূত্রে খবর। গত ২৫ জুন প্রেশার, হিমোগ্লোবিনের সমস্যা ও কিছু গাইনিকলজিক্যাল সমস্যার কারণে তাঁকে মালদা মেডিকেলে ভর্তি করা হয়। ২৭ জুন তাঁকে স্থানান্তরিত করা হল কলকাতায়। প্রথমে পিজিতে ভর্তি হন। সেখান থেকে একটি নার্সিংহোমে স্থানান্তরিত করা হয়। সাবিনার স্বামী নিলাম শেখ বলেন, 'অস্ত্রোপচার হয়েছে। সকলের দোয়ায় উনি সুস্থ আছেন।'

**সোনা ও রুপোর দর**

| | |
|---|---|
| পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৯৬৩০০ |
| পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৯৬৮০০ |
| হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম) | ৯২০০০ |
| রুপোর বাট (প্রতি কেজি) | ১০৬৪৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি) | ১০৬৫৫০ |

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজারদর

**eNIT NO :- 03/WBSRDA/DD/2025-26 (1st Call) of The Executive Engineer, P&RD Department & HPIU, WBSRDA, Dakshin Dinajpur Division**

**Vide Memo No. : 534/WBSRDA/DD, Dated : 20.06.2025**

**(E-Procurement)**

Details of **eNIT No :- 03/WBSRDA/DD/2025-26 (1st Call) of the Executive Engineer, P&RD Department & HPIU, WBSRDA, Dakshin Dinajpur Division** may be seen in the office of the undersigned between 11.00 hrs. to 16.00 hrs. on any working day and also be seen from Website https://wbtenders.gov.in (under the following organization chain 'PANCHAYAT AND RURAL DEVELOPMENT || WBSRDA || DAKSHIN DINAJPUR DIVISION) on 30.06.2025 at 16.00 Hrs.

**Sd/-**
**Executive Engineer**
**P&RD Department & HPIU, WBSRDA**
**Dakshin Dinajpur Division**

**পূর্ব রেলওয়ে**

ওপেন ই-টেন্ডার নোটিস নং. ঃ ৮৪ তারিখঃ ২৭.০৬.২০২৫। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, অফিস বিল্ডিং, ডাকঘর- ঝলঝলিয়া, জেলা- মালদা, পিন- ৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ওপেন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ টেন্ডার নং. ঃ ৮৪-এমএলডিটি -২৫-২৬; স্থান সহ কাজের নাম ঃ ডিভিসনাল ইঞ্জিনিয়ার /১/মালদার অধিক্ষেত্রে এইএন/মালদার অধীনে আইজিওটি ট্রেনিং সেন্টার তথা কমপিউটারভিত্তিক পরীক্ষা-কেন্দ্র সম্পর্কিত সিভিল কাজের ওপেন ই-টেন্ডার; টেন্ডার মূল্য ঃ ১,৫৬,৫২,২৮৩.৪৬ টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ ২১.০৭.২০২৫ তারিখ বিকেল ৩.৩০ মিনিটে; ওয়েবসাইট বিবরণ ও নোটিস বোর্ড ঃ www.ireps.gov.in/ ডিআরএম অফিস/ মালদা টাউন। টেন্ডারদাতাগণকে ওয়েবসাইটে বিশদ টেন্ডার বিজ্ঞপ্তি এবং নথিগুলি পড়ে দেখতে বলা হচ্ছে।

(MLD-104/2025-26)

টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

**কর্মখালি**

শিলিগুড়ি প্রধাননগরে প্রাইভেট গাড়ি চালানোর জন্য স্থানীয় ড্রাইভার চাই। M : 90919 17122. (C/116863)

Job Opening for School in Gangtok, 1. PE Teacher Male/ Female). 2. Music Teacher (Keyboard/Drums). 3. Phonics Teacher. 4. Pre-Primary Teacher. 5. Site Incharge. 6. Dance Teacher. Email : sakhaacademicfoundation@gmail.com (C/116863)

শিলিগুড়িতে চিমনি সেলস ও সার্ভিসিং করার জন্য ছেলে ও মেয়ে নিয়োগ করা হচ্ছে, ফিক্সড বেতন ১৩০০০/- ইন্সেনটিভ,কমিশন এক্সট্রা, কাজের সময়- সকাল ৮.৩০ থেকে ২টা, 8th পাশ। Ph: 8250106017. (C/116862)

Siliguri-তে Courier Service-এ Official কাজের জন্য Computer জানা লোক চাই। Cont- 9832061242. (C/117250)

A Computer Tally knowing English Medium background Female Teacher is required. Contact : 9434075541. (C/113535)

শিলিগুড়ি সেবক রোডে মল-এর পার্কিং-এর জন্য দিনের গার্ড চাই। স্যালারি-10,800/- এবং দেশবন্ধুপাড়ায় ফ্ল্যাট-এর জন্য নাইটগার্ড চাই-9933119446. (C/117251)

**অ্যাফিডেভিট**

ড্রাইভিং লাইসেন্স (No.338/13-14/NT)-এ আমার নাম ভুল থাকায় ২৯/০৬/২০২৫ তারিখে আলিপুরদুয়ার LD. EM কোর্টে অ্যাফিডেভিট করে আমি Arati Sarkar থেকে Aroti Sarkar হলাম। (C/117014)

**UNIVERSITY OF NORTH BENGAL**
**OFFICE OF THE REGISTRAR**
(ACCREDITED BY NAAC WITH GRADE B++)

Applications are invited within 7 days from the date of publication of this advertisement from eligible candidates for the post of Project Fellow (Junior)-I in UGC-DAE CSR project under the supervision of Dr. Swamendu Roy, Department of Botany, University of North Bengal. For details, visit **www.nbu.ac.in**

Advt. No. 12/R-2025 Joint Registrar
Dated : 01.07.2025

## আজ টিভিতে


খনার কাহিনী সন্ধে ৭.৩০ আকাশ আট

**সিনেমা**

**জি বাংলা সিনেমা :** বেলা ১১.০০ অভাগিনী, দুপুর ২.০০ অগ্নিপথ, বিকেল ৫.০০ ভালোবাসি তোমাকে, রাত ১০.৩০ আক্রোশ, ১.০০ তিন ইয়ারি কথা

**কালার্স বাংলা সিনেমা :** সকাল ৮.০০ অন্নদাতা, দুপুর ১.০০ ফান্দে পড়িয়া বগা কান্দে রে, বিকেল ৪.০০ সুদ আসল, সন্ধে ৭.০০ অপরাধী, রাত ১০.০০ বিন্দাস

**জলসা মুভিজ :** দুপুর ১২.৩০ কেলোর কীর্তি, বিকেল ৩.৪৫ বাংলার বধূ, সন্ধে ৭.১০ আনন্দ আশ্রম, রাত ১০.২৫ অন্ধ বিচার

**ডিডি বাংলা :** দুপুর ২.৩০ সীমাবদ্ধ

**কালার্স বাংলা :** দুপুর ২.০০ দেবতা

**আকাশ আট :** বিকেল ৩.০৫ কুলাঙ্গার

**অ্যান্ড পিকচার্স :** সকাল ১০.৪৫ অখণ্ড, দুপুর ১.৫০ জানোয়ার, বিকেল ৫.১৫ বিম্বিসার, সন্ধে ৭.৩০ ইন্ডিয়ান, রাত ১০.৩০ খিলাড়ি ৭৮৬

**রমেডি নাউ :** দুপুর ১.২৪ মাই বেস্ট ফ্রেন্ডস ওয়েডিং, বিকেল ৩.০৭ মিউন, ৫.৫৬ পেনেলোপ, সন্ধে ৭.২৪ দ্য ওয়ে, ওয়ে ব্যাক, রাত ১০.৩৪ বিগ মমাজ হাউস-টু

**মুভিজ নাউ :** দুপুর ১.৩৭ জাস্টিস লিগ, বিকেল ৩.২৭ চাইল্ডস প্লে, সন্ধে ৬.৫৩ এলিয়েন্স ইন দ্য অ্যাটিক, রাত ৯.৪৬ ইভিল ডেড, ১১.০৩ রেড ডন


সীমাবদ্ধ দুপুর ২.৩০ ডিডি বাংলা


ভালোবাসি তোমাকে বিকেল ৫.০০ জি বাংলা সিনেমা



ডক্টরস ডে উপলক্ষ্যে **স্প্যানিশ ব্রেকফাস্ট** তৈরি শেখাবেন ডাঃ অরিন্দম বিশ্বাস। রাঁধুনি দুপুর ১.৩০ আকাশ আট


খিলাড়ি ৭৮৬ রাত ১০.৩০ অ্যান্ড পিকচার্স

# কলকাতা লিগে দলগাঁওয়ের উত্তম

আয়ুষ্মান চক্রবর্তী

**আলিপুরদুয়ার, ৩০ জুন :** ছোটবেলায় দাদার হাত ধরে প্রথম মাঠে ফুটবল খেলা দেখতে যাওয়া শুরু। দাদা নিজেও ফুটবলার। মাঠের ধারে বসে দাদার অনুশীলন খুব মনোযোগ সহকারে দেখত সে। তখন থেকেই ফুটবলের প্রতি আগ্রহ বাড়তে থাকে দলগাঁও গ্রাম পঞ্চায়েতের দলগাঁও চা বাগানের গাড়ি লাইনের বাসিন্দা উত্তম কুজুরের। সেখান থেকে বর্তমানে কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনে সাদার্ন সমিতির প্রতিনিধিত্ব। এই কাহিনী হয়তো রূপকথাকেও হার মানাবে। ইতিমধ্যে ওই দলের হয়ে একটি ম্যাচও খেলে ফেলেছে সে। এর আগেও আলিপুরদুয়ার জেলার অনেকেই কলকাতা ফুটবল লিগে খেলে সুনাম অর্জন করেছে। প্রত্যন্ত এলাকা থেকে কঠিন লড়াইয়ের মধ্য দিয়ে উঠে এসে এই জায়গায় পৌঁছানোয় জেলায় ফুটবলের সংগঠক থেকে শুরু করে ফুটবলার, পরিবারপরিজন সকলেই খুবই খুশি



এবং তাকে অভিনন্দন জানাচ্ছে।

দাদা-বন্ধুদের সঙ্গে ফুটবল খেলতে খেলতে বীরপাড়া জুবিলি ক্লাবে ফুটবলে ভর্তি হয়। সেখানে ১-২ বছর খেলার পর ডিটিওয়াইডিএফ-এ যোগদান। এরপর জলপাইগুড়িতে স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার একটি ট্রায়ালে সুযোগ পেয়ে যায় উত্তম। এরপর সাইয়ের হয়ে খেলো ইন্ডিয়া ও সুব্রত কাপে খেলে শুনাম অর্জন করে। আবার সেই সময় অনূর্ধ্ব-১৭ ন্যাশনাল ফুটবল টুর্নামেন্টেও সাইয়ের হয়ে খেলার সুযোগ পায়। সেখানে ভালো পারফরম্যান্স করে সকলের নজর কাড়েন। তারপর, কেরল ফুটবল লিগেও একটি ক্লাবের হয়ে খেলার সুযোগ পেয়েছিল। তারপরই এক মাস আগে কলকাতার সাদার্ন সমিতিতে ট্রায়াল দিয়ে সুযোগ। মিডফিল্ডার উত্তমের স্বপ্ন দেশের হয়ে খেলা। সে টনি ক্রুজ এবং মদ্রিচের ভক্ত। দিনে পাঁচ ঘণ্টা নিজেকে অনুশীলনে ডুবিয়ে রাখে।

উত্তমের বাবা আলোক কুজুর ও মা পুনম কুজুর পেশায় চা শ্রমিক। দাদা আশিস ফুটবলার। সে জানায়, ভাই খুব ভালো খেলছে, খুবই মনোযোগী। ও আরও এগিয়ে যাক, আমরা ওর পাশে আছি। জেলা ক্রীড়া সংস্থার সচিব সঞ্জয় ঘোষ বলেন, 'খুবই ভালো খবর। ওকে দেখে ফুটবল শিক্ষার্থীরা উৎসাহিত হবে। ওর ফুটবল ক্যারিয়ার সফল হোক।'

# আইএমএ'র অনুষ্ঠানে বিতর্কিত চিকিৎসক নেতা

রণজিৎ ঘোষ

**শিলিগুড়ি, ৩০ জুন :** যাঁকে নিয়ে কিছুদিন আগে পর্যন্ত এত বিরোধ, রাস্তায় নেমে আন্দোলন, কনভেনশন ডেকে সমূলে উপড়ে ফেলার হুংকার, সেই ডাঃ সুশান্ত রায়কে নিয়েই রবিবার ডক্টরস ডে পালন করল ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের (আইএমএ) শিলিগুড়ি শাখা। যা নিয়ে আইএমএ-র সদস্য চিকিৎসকদের মধ্যেই তীব্র ক্ষোভ ছড়িয়েছে। উত্তরবঙ্গ লবির অন্যতম মাথা, আরজি কর মামলায় জেরার মুখে পড়া এই চিকিৎসককে কেন সংগঠনের কর্মসূচিতে ডাকা হল, তা নিয়ে প্রশ্ন উঠেছে। যদিও আইএমএ-র শিলিগুড়ি শাখার তরফে দাবি করা হয়েছে, ডাঃ সুশান্ত রায়কে এই অনুষ্ঠানে আমন্ত্রণ করা হয়নি। আইএমএ-র শিলিগুড়ি শাখার সম্পাদক ডাঃ শঙ্খ সেন বলেন, 'সুশান্ত রায়ের উপস্থিতি নিয়ে আমি কিছু জানতাম না। তাঁকে আমন্ত্রণের বিষয়ে কিছু জানা ছিল না। এবিষয়ে সংগঠনের সভাপতি বলতে পারবেন।'

আইএমএ-র শিলিগুড়ি শাখার সভাপতি ডাঃ অরুণ গুপ্তা বলেন, 'সুশান্ত রায়কে আমরা আমন্ত্রণ করিনি। তিনি তো রাজ্য মেডিকেল কাউন্সিলের সহ সভাপতি। সেই হিসাবে খবর পেয়ে হয়তো এসেছেন। এটা নিয়ে বিতর্কের কী আছে?' সুশান্ত অবশ্য দাবি করেছেন, 'আমন্ত্রণ পেয়েই শিলিগুড়ির ওই অনুষ্ঠানে গিয়েছিলাম।'

অভিযোগ, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থায় জাঁকিয়ে বসেছিল উত্তরবঙ্গ লবি। চিকিৎসকদের পোস্টিং থেকে শুরু করে ডাক্তারি পরীক্ষার প্রায় পুরোটারই নিয়ন্ত্রণ নিয়ে ফেলেছিল এই গোষ্ঠী। রাজ্য মেডিকেল কাউন্সিলেরও দখল এই গোষ্ঠীর হাতেই রয়েছে। গতবছর আরজি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ এবং হত্যার ঘটনার পর উত্তরবঙ্গ লবি নিয়ে বেশ চর্চা হয়েছে। রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থায় অত্যন্ত প্রভাব বিস্তারকারী এই গোষ্ঠীর একাধিক কর্তাব্যক্তি ঘটনার পরের দিন সকালেই ওই মেডিকেল কলেজে পৌঁছে গিয়েছিলেন। যা নিয়ে বিস্তর জলঘোলা হয়।

আরজি করের ঘটনার প্রতিবাদে গোটা রাজ্য রাস্তায় নেমে আন্দোলন করেছে। উত্তরবঙ্গ লবিকে সমূলে উপড়ে ফেলার দাবি উঠেছে। এই দাবিগুলি নিয়ে লাগাতার রাস্তায় থেকেছেন চিকিৎসকরাও। শিলিগুড়িতেও রাতের পর রাত মিছিল, পথসভা, কনভেনশন করেছেন চিকিৎসকরা। তাঁদের দাবি ছিল, শুধু আরজি করের ঘটনার বিচার নয়, উত্তরবঙ্গ লবির মাথা সহ পুরো টিমের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। শিলিগুড়িতে যে চিকিৎসকরা এই আন্দোলনের নেতৃত্ব দিয়েছেন, তাঁদের মধ্যে আইএমএ-র বর্তমান শাসকগোষ্ঠীর নেতৃত্বই রয়েছে।

অথচ এই নেতৃত্বের আয়োজনে রবিবার অনুষ্ঠিত ডক্টরস ডে-র অনুষ্ঠানে ডাঃ সুশান্ত রায়ের উপস্থিতি নিয়ে প্রশ্ন উঠেছে। চিকিৎসকরা জানিয়েছেন, রবিবার সকালে অনুষ্ঠান শুরু হয়েছিল। কন্টিনিউইং মেডিকেল এডুকেশন (সিএমই) দুপুরের মধ্যে শেষ হয়ে গিয়েছে। তারপর থেকে অন্যান্য কর্মসূচি, সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে রাতের খাবারের ব্যবস্থা ছিল। সন্ধ্যা সাড়ে ৭টায় শ্রুতিনাটক চলাকালীন আচমকা সেখানে সুশান্ত-র প্রবেশ ঘটে। আইএমএ-র শিলিগুড়ি শাখার সভাপতি ডাঃ অরুণ গুপ্তা সহ অন্যরা আলাদা সোফা এনে তাঁকে বসতে দেন। পরে মঞ্চে তুলে তাঁর হাত দিয়ে শ্রুতিনাটকে অংশগ্রহণকারী কয়েকজনের হাতে পুষ্পস্তবকও তুলে দেওয়া হয়। কিন্তু সুশান্ত কীভাবে সেখানে এলেন, তা নিয়ে অনুষ্ঠানস্থলেই ফিশফাশ শুরু হয়ে যায়। তিনি ফিরে যাওয়ার পর কমিটির নেতৃত্বকে চেপে ধরেন একাধিক চিকিৎসক।

আইএমএ-র বক্তব্য, এই অনুষ্ঠান বিশেষ করে সিএমই করা হলে রাজ্য মেডিকেল কাউন্সিলকে জানাতে হয়। কেননা সংগঠনেরও শ্রীবৃদ্ধির জন্য ক্রেডিট পয়েন্ট এই মেডিকেল কাউন্সিলই দেয়। ফলে সিএমইগুলিতে রাজ্য মেডিকেল কাউন্সিল থেকে একজন পর্যবেক্ষক পাঠানো হয়। কিন্তু সেটা সিএমই-র জন্যই। সুশান্ত রায় রাজ্য মেডিকেল কাউন্সিলের পর্যবেক্ষক হিসাবে এলে সিএমইতে আসতে পারতেন। এই ঘটনার পিছনে চিকিৎসকদের একাংশ আইএমএ-র রাজ্য শাখার আগামী নির্বাচনের ঘুঁটি সাজানোর অঙ্ক খুঁজতে শুরু করেছেন।

> **উঠছে প্রশ্ন**
>
> ■ আরজি কর মামলায় জেরার মুখে পড়া এই চিকিৎসককে কেন সংগঠনের কর্মসূচিতে ডাকা হল, তা নিয়ে প্রশ্ন উঠছে
>
> ■ আইএমএ-র শিলিগুড়ি শাখার তরফে দাবি করা হয়েছে, ডাঃ সুশান্ত রায়কে এই অনুষ্ঠানে আমন্ত্রণ করা হয়নি

**NIT NO-DDP/N-12/2025-26**

e-Tenders for 07 (Seven) nos. of works under 15th FC, BEUP & 5th SFC invited by Dakshin Dinajpur Zilla Parishad. **Last Date of submission for NIT NO-DDP/N-12/2025-26 is 07.07.2025 at 13.00 Hours. Details of NIT can be seen in www.wbtenders.gov.in.**

**Sd/-**
**Additional Executive Officer**
**Dakshin Dinajpur Zilla Parishad**

**NIT NO-DDP/N-14/2025-26**

e-Tenders for 14 (Fourteen) no. of works under 15th FC, BEUP & 5th SFC invited by Dakshin Dinajpur Zilla Parishad. **Last Date of submission for NIT NO-DDP/N-14/2025-26 is 08/07/2025 at 13.00 Hours. Details of NIT can be seen in www.wbtenders.gov.in.**

**Sd/-**
**Additional Executive Officer**
**Dakshin Dinajpur Zilla Parishad**

**Corrigendum Notice of NIT No. DDP/N-09 of 20254-26 SL No- 1,6,7,9 & 12**

Corrigendum Notice of NIT No. DDP/N-09 of 20254-26 SL No- 1, 6, 7, 9 & 12 Closing date extended upto 04/07/2025 14.00 Hours. Details of NIT may be seen in the Website www.wbtenders.gov.in.

**Sd/-**
**Additional Executive Officer**
**Dakshin Dinajpur Zilla Parishad**

PM SHRI KENDRIYA VIDYALAYA BSF GANDHINAGAR,
POST. K K BARI, DIST. COOCH BEHAR - 736179 (WB)
SCHOOL WEBSITE : https://bsfgandhinagar.kvs.ac.in

**PM SHRI KENDRIYA VIDYALAYA BSF GANDHINAGAR**
**Admission Notice for Class XI & XII Science**

**Date : 30/06/2025**

All concerned are informed that some seats are vacant in **class 11th & 12th Science.** For **Class 11,** all interested and eligible candidates from all service categories and for **Class 12,** the children studying in **CBSE board** of parents belonging to service **Category 1 and 2 (Central Government Employees)** can submit their applications to the Admission dept. between **09.00 am to 11.00 am** from **30/06/2025 to 30/07/2025.**

For more information please visit the school website - **https://bsfgandhinagar.kvs.ac.in**

Or you can call this number : **03582291709**

**Principal**




জন্মদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হবু জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূন্যপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।

আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারছেন।

**হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন**
**৯০৬৪৮৪৯০৯৬**
**এই নম্বরে**

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

## আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ : পারিবারিক কারণে ভ্রমণের পরিকল্পনা বাতিল করতে হতে পারে। উচ্চশিক্ষায় টাকার বাধা কাটবে। বৃষ : স্বাস্থ্য নিয়ে চিন্তা কেটে যাবে। শিক্ষায় আশানুরূপ সাফল্য পাওয়ার সম্ভাবনা। মিথুন : আত্মীয়দের থেকে সাহায্যের আশা না করাই ভালো। সন্তানের চাকরিপ্রাপ্তিতে আনন্দ। কর্কট : দূরের কোনও বন্ধুর সহায়তায় ব্যবসার অচলাবস্থা কাটবে। কর্মক্ষেত্রে কর্তৃপক্ষের সুনজরে পড়ার সম্ভাবনা। সিংহ : নিজের বুদ্ধিবলে পারিপার্শ্বিক শত্রুদের মোকাবিলা করতে পারবেন। আধ্যাত্মিক চিন্তায় আগ্রহ বাড়বে। কন্যা : আয়ের রাস্তা সুগম হবে। আমদানি রপ্তানি ব্যবসায় প্রচুর মুনাফার সম্ভাবনা। তুলা : বাড়ির কোনও কাগজপত্র বাইরের লোককে দেখাতে যাবেন না। আর্থিক সংকট কাটবে। বৃশ্চিক : বাসস্থান পরিবর্তনের সম্ভাবনা। রক্তচাপজনিত সমস্যায় ভোগান্তি হতে পারে। ধনু : পথঘাটে সাবধানে চলাফেরা করুন। কোনও প্রভাবশালী লোকের দ্বারা উপকৃত হবেন। মকর : সম্পত্তি সংক্রান্ত মামলার ফল আপনার পক্ষে যাওয়ার সম্ভাবনা। কর্মক্ষেত্রে সহকর্মীদের সহযোগিতা পাবেন। কুম্ভ : প্রেমে সামান্য অস্থিরতা লক্ষ করা যায়। নিজের বাড়ি কেনার স্বপ্ন সফল হবে। মীন : মায়ের হস্তক্ষেপে সংসারের সংকট কেটে যাবে। উচ্চশিক্ষায় বিদেশযাত্রার সুযোগ আসতে পারে।

## দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ১৬ আষাঢ়, ১৪৩২, ভাঃ ১০ আষাঢ়, ১ জুলাই ২০২৫, ১৬ আহার, সংবৎ ৬ আষাঢ় সুদি, ৫ মহরম। সূঃ উঃ ৪।৫৯, অঃ ৬।২৪। মঙ্গলবার, ষষ্ঠী দিবা ১২।২৮। পূর্ব্বফল্গুনীনক্ষত্র দিবা ১১।৩৮। ব্যতীপাতযোগ রাত্রি ৮।২৮। তৈতিলকরণ দিবা ১২।২৮ গতে গরকরণ রাত্রি ১২।৫৯ গতে বণিজকরণ। জন্মে- সিংহরাশি ক্ষত্রিয়বর্ণ নরগণ অষ্টোত্তরী মঙ্গলের ও বিংশোত্তরী শুক্রের দশা, দিবা ১১।৩৮ গতে বিংশোত্তরী রবির দশা, সন্ধ্যা ৬।৩ গতে কন্যারাশি বৈশ্যবর্ণ মতান্তরে শূদ্রবর্ণ। মৃতে- একপাদদোষ, দিবা ১১।৩৮ গতে ত্রিপাদদোষ, দিবা ১২।২৮ গতে চতুষ্পাদদোষ। যোগিনী- পশ্চিমে, দিবা ১২।২৮ গতে বায়ুকোণে। বারবেলাদি ৬।৩৯ গতে ৮।২০ মধ্যে ও ১।২১ গতে ৩।২ মধ্যে। কালরাত্রি- ৭।৪৩ গতে ৯।২ মধ্যে। যাত্রা- নাই। শুভকর্ম্ম- নাই। বিবিধ(শ্রাদ্ধ)- ষষ্ঠার একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমৃতযোগ- দিবা ৭।৪৩ মধ্যে ও ৯।২৯ গতে ১২।৯ মধ্যে ও ৩।৪২ গতে ৪।৩৫ মধ্যে এবং রাত্রি ৭।৪ মধ্যে ও ১২।৪ গতে ২।৫৫ মধ্যে। মাহেন্দ্রযোগ- দিবা ২।৪৯ গতে ৩।৪২ মধ্যে ও ৪।৩৫ গতে ৫।২৮ মধ্যে এবং রাত্রি ৮।৩০ গতে ৯।৫৫ মধ্যে।

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনও এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের সততা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনও প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।

## দুর্ভোগে একাদশ ও দ্বাদশ শ্রেণির পড়ুয়ারা

# স্কুলে নেই পর্যাপ্ত শিক্ষক

গৌরহরি দাস

**কোচবিহার, ৩০ জুন :** কোচবিহারে সরকার ও সরকার পোষিত ২০৯টি উচ্চমাধ্যমিক স্কুল রয়েছে। এছাড়া রয়েছে বেশকিছু উচ্চমাধ্যমিক হাই মাদ্রাসা। যদিও গ্রামের অধিকাংশ স্কুল এবং মাদ্রাসায় উচ্চমাধ্যমিকের বিষয়গুলি পড়ানোর শিক্ষক-শিক্ষিকা নেই। এতই ভয়াবহ অবস্থা যে, দীর্ঘদিন রাজ্যের শিক্ষা দপ্তরের কাছে আবেদন করেও স্কুল এবং মাদ্রাসাগুলি শিক্ষক-শিক্ষিকা পাচ্ছে না। পরিস্থিতির চাপে স্কুল এবং মাদ্রাসাগুলি মাধ্যমিকের শিক্ষক-শিক্ষিকাদের দিয়ে উচ্চমাধ্যমিকের ক্লাস চালানোর চেষ্টা করছে। অনেক ক্ষেত্রে জোড়াতালি দিয়ে চুক্তিভিত্তিক শিক্ষক-শিক্ষিকার মাধ্যমে উচ্চমাধ্যমিকের ক্লাস চালানোর চেষ্টা চলছে। এতে পড়ুয়ারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এনিয়ে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ তথা রাজ্য শিক্ষা দপ্তরের কোনও হেলদোল নেই বলেই অভিযোগ।

উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের কোচবিহার জেলা আহ্বায়ক তথা পশ্চিমবঙ্গ তৃণমূল মাধ্যমিক শিক্ষক সমিতির জেলা সভাপতি মানস ভট্টাচার্য বললেন, 'বেশকিছু উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকার ঘাটতি রয়েছে। এখন ক্লাস্টার পদ্ধতিতে ক্লাস নেওয়ার চেষ্টা করা হচ্ছে। শীঘ্রই শিক্ষক নিয়োগ করা হবে। তাতে সমস্যা মিটবে।'

কোচবিহারের শীতলকুচি ব্লকের নগর ডাকালিগঞ্জ হাইস্কুলে উচ্চমাধ্যমিকে বিজ্ঞান নিয়ে পড়ার



*শিক্ষকের অভাবে ধুঁকছে মাথাভাঙ্গার কোদালক্ষেতি হরচন্দ্র উচ্চবিদ্যালয়।*

সুযোগ রয়েছে। স্কুলটিতে ১,৭৫০ জন ছাত্রছাত্রী রয়েছে। বিজ্ঞান বিভাগে একাদশে ৩৫ জন এবং দ্বাদশ শ্রেণিতে ৩০ জন ছাত্রছাত্রী রয়েছে। উচ্চমাধ্যমিকে অঙ্ক, জীবনবিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যা সহ একজন শিক্ষক-শিক্ষিকাও নেই। কলা বিভাগেও বাংলা, সংস্কৃত পড়ানোর শিক্ষক-শিক্ষিকা নেই। স্কুলের প্রধান শিক্ষক স্বপন সিংহ বলেন, 'বাধ্য হয়ে স্কুলের মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের দিয়ে এবং দুই-একজন চুক্তিভিত্তিক শিক্ষক-শিক্ষিকা দিয়ে কোনওভাবে বিজ্ঞান পড়ানোর চেষ্টা করছি।'

মাথাভাঙ্গার কোদালক্ষেতি হরচন্দ্র উচ্চবিদ্যালয়ে প্রায় এক হাজার ছাত্রছাত্রী রয়েছে। উচ্চমাধ্যমিক স্কুলে কলা বিভাগ চালু রয়েছে। কলা বিভাগ পড়ানোর জন্য স্কুলে একজন শিক্ষক-শিক্ষিকা নেই। বাধ্য হয়ে মাধ্যমিক স্তরের শিক্ষক-শিক্ষিকাদের দিয়ে এবং স্কুল কর্তৃপক্ষ নিজস্ব তহবিল থেকে দুই-একজন চুক্তিভিত্তিক শিক্ষক-শিক্ষিকা রেখে কোনওভাবে ক্লাস চালাচ্ছেন। স্কুলের প্রধান শিক্ষক সঞ্জয় সরকার বললেন, 'স্কুলের শিক্ষক-শিক্ষিকারা এতই সমস্যায় পড়েছেন যে প্রতিদিন ক্লাস চালাতে খুবই অসুবিধায় পড়তে হয়। এভাবে কতদিন সম্ভব তা বুঝতে পারছি না।'

শিক্ষক-শিক্ষিকারা জানিয়েছেন, শিক্ষা দপ্তরের নিয়ম অনুযায়ী অষ্টম শ্রেণি পর্যন্ত একটি স্কুলে কমপক্ষে ৬ জন এবং মাধ্যমিক স্কুলে কমপক্ষে ১২ জন শিক্ষক-শিক্ষিকা থাকার কথা। উচ্চমাধ্যমিক কমপক্ষে ১৮ জন শিক্ষক-শিক্ষিকা থাকার কথা। কোচবিহার জেলায় ২০১৫-'১৬ সালে যে স্কুলগুলি উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত হয়েছে, সেগুলিতে গড়ে

> বেশকিছু উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকার ঘাটতি রয়েছে। এখন ক্লাস্টার পদ্ধতিতে ক্লাস নেওয়ার চেষ্টা করা হচ্ছে। শীঘ্রই শিক্ষক নিয়োগ করা হবে। তাতে সমস্যা মিটবে।
>
> **মানস ভট্টাচার্য,** *আহ্বায়ক উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ, কোচবিহার*

দুজন করে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হয়েছে। ২০২১-'২২ সালে যে স্কুলগুলি উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত হয়েছে, সেই স্কুলগুলিতেও কার্যত শিক্ষক-শিক্ষিকা নেই।

দিনহাটার নাজিরহাটের শোলমারি নছিমিয়া হাই মাদ্রাসা ২০১৫-'১৬ সালে উচ্চমাধ্যমিকে উন্নীত হয়েছে। মাদ্রাসাটিতে উচ্চমাধ্যমিকে পড়ানোর জন্য একজন শিক্ষক-শিক্ষিকা নেই। স্কুলের প্রধান শিক্ষক বিদ্যুৎ সরকার বললেন, 'উচ্চমাধ্যমিকে শিক্ষক-শিক্ষিকা চেয়ে শিক্ষা দপ্তরের কাছে একাধিকবার আবেদন করেছি। এপর্যন্ত কোনও সহযোগিতা পাইনি। খুবই সমস্যায় রয়েছি।' বাউদিয়ারডাঙ্গা এইচবি হাইস্কুলের প্রধান শিক্ষক সঞ্জীব আচার্য বললেন, 'উচ্চমাধ্যমিকে কলা বিভাগে রাষ্ট্রবিজ্ঞান, দর্শন এবং বিজ্ঞান বিভাগে অঙ্ক এবং পদার্থবিদ্যা পড়ানোর জন্য স্কুলে কোনও শিক্ষক নেই।'

## রাস্তা বেহাল, ছাট পখিহাগায় ভোগান্তি

**গোপালপুর, ৩০ জুন :** বৃষ্টিতে রাস্তার একাংশ ভেঙে মাথাভাঙ্গা-১ ব্লকের হাজরাহাট-১ গ্রাম পঞ্চায়েতের ছাট পখিহাগা গ্রামে ভোগান্তির সৃষ্টি হয়েছে। গ্রামবাসীদের অভিযোগ, বিষয়টি স্থানীয় প্রশাসনকে জানিয়েও কাজ হয়নি। এ পর্যন্ত স্থানীয় প্রশাসনের তরফে রাস্তা সারাইয়ের কোনও উদ্যোগ নেওয়া হয়নি। মাথাভাঙ্গা-১ পঞ্চায়েত সমিতির সদস্য রূপনশীল শর্মার অবশ্য আশ্বাস, 'রাস্তা সংস্কারে দ্রুত উদ্যোগ নেওয়া হবে।'

গ্রামবাসীদের অভিযোগ, সম্প্রতি কয়েকদিনের বৃষ্টিতে রাস্তার একাংশ ভেঙে পড়েছে। এর ফলে রাস্তা দিয়ে যাতায়াত করতে সমস্যায় পড়তে হয়। রাস্তার একাংশে মোটরবাইক, সাইকেল নিয়ে যাতায়াতের ক্ষেত্রে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। জানা গেল, এই রাস্তা দিয়ে এলাকার বাসিন্দা চার থেকে পাঁচটি গ্রামের



মানুষ যাতায়াত করেন। গ্রামবাসী কল্পনা দাস বললেন, 'গত বছর রাস্তার কিছুটা অংশ ভাঙা থাকলেও কয়েকদিনের বৃষ্টিতে রাস্তার একাংশ ভেঙে যায়। ফলে এই রাস্তা দিয়ে চলাচলে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।'

আরেক গ্রামবাসী চম্পা দাস বললেন, 'বিষয়টি স্থানীয় প্রশাসনকে জানিয়েছি। এই রাস্তা দিয়ে কোনও যানবাহন যাতায়াত করতে পারে না। এমনকি মোটরবাইক, সাইকেল নিয়ে যাতায়াত করতেও ঝুঁকি নিয়ে যাতায়াত করতে হয়।'

গ্রামবাসী গোপাল দাসের আশঙ্কা, 'দ্রুত ধসে যাওয়া রাস্তা সারাই করা প্রয়োজন। ফের বৃষ্টি শুরু হলে রাস্তা ধসে যাবে। রাতের অন্ধকারে ঘটতে পারে বড় দুর্ঘটনা।' দ্রুত সমস্যা মেটাতে সবাই দাবি জানিয়েছেন।




## পানীয় জল অমিল, ভুগছে বামনহাট

**দিনহাটা, ৩০ জুন :** পাইপলাইন বসেছে। কিন্তু পরিস্রুত পানীয় জল সরবরাহ শুরু হয়নি। এর ফলে সমস্যায় পড়েছেন দিনহাটা-২ ব্লকের বামনহাট গ্রামের বাসিন্দারা। বাড়ির টিউবওয়েলের জল পান করে অনেকেই অসুস্থ হয়ে পড়ছেন। বামনহাট-২ গ্রাম পঞ্চায়েতের কালমাটির বাদলগির, আটিয়ালডাঙ্গা, দক্ষিণ কালমাটির বাসিন্দারা এখনও পরিস্রুত পানীয় জল পাননি। পানীয় জল পেতে হলে তাঁদের দু'-তিন কিলোমিটার পথ যেতে হয়। গ্রামের প্রত্যেকটি বাড়িতে টিউবওয়েল রয়েছে। কিন্তু সেই জল পানের অযোগ্য। যার ফলে পেটের রোগ লেগেই থাকে। পেটের রোগের কারণে অসুস্থ হয়ে পড়ে শিশু ও বয়স্করা।

দীর্ঘদিন ধরে গ্রামের রাস্তা খুঁড়ে পাইপলাইন বসানো হয়েছে। কিন্তু সেগুলি অকেজো হয়ে পড়ে রয়েছে। সেখান থেকে জল পাওয়া যায় না। এইসব কারণে গ্রামবাসীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বাদলগির গ্রামের বাসিন্দা শাহ জামাল শেখ বলেন, 'আশপাশের সব গ্রামে জলের সমস্যার সমাধান হয়েছে। কিন্তু দুর্ভাগ্যবশত আমরা বঞ্চিত। রোজ সকালে খাওয়ার জন্য অনেকেই অন্য গ্রাম থেকে ট্যাপের জল নিয়ে আসেন।' পঞ্চায়েতে পাম্প রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা গৌরাঙ্গ বর্মন বললেন, '২০২৪ সালের মধ্যে কাজ শেষ হওয়ার কথা ছিল। ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানাব।' গ্রাম পঞ্চায়েতের সদস্য সন্তোষ রায় বলেন, 'তাড়াতাড়ি যাতে জল আনা যায় সে বিষয়ে জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরকে (পিএইচই) জানিয়েছি।'

# হুল দিবস পালিত বক্সিরহাটে

**বক্সিরহাট, ৩০ জুন :** রাজ্য সরকারের আদিবাসী উন্নয়ন দপ্তরের তত্ত্বাবধানে জেলা অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তরের ব্যবস্থাপনায় হুল দিবস পালিত হল। সোমবার তুফানগঞ্জ-২ ব্লক সমষ্টি উন্নয়ন দপ্তরের পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এদিন প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে জেলা পরিষদের সভাধিপতি সুমিতা বর্মন ও অতিরিক্ত জেলা শাসক শান্তনু বালা অনুষ্ঠানের সূচনা করেন। এছাড়া অনুষ্ঠানে জেলা অনগ্রসর কল্যাণ আধিকারিক জয়ন্ত মণ্ডল, মহকুমা শাসক বাপ্পা গোস্বামী, তুফানগঞ্জ-২ এর বিডিও দালাকি লামা প্রমুখ উপস্থিত ছিলেন। সিধো কানহোর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য দেওয়ার পর উদ্বোধনী সংগীত হিসেবে ধামসা ও মাদলের তালে আদিবাসী গান ও নাচ পরিবেশিত হয়। এরপর তুফানগঞ্জ-২ পঞ্চায়েত সমিতির সভাপতি শীতলচন্দ্র দাস হুল দিবসের ইতিহাস ও তাৎপর্য ব্যাখ্যা করেন।

জেলা পরিষদের সভাধিপতি সুমিতা বর্মন বলেন, 'পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে ও জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় তুফানগঞ্জ-২ ব্লকে হুল দিবস পালিত হল।' আদিবাসী সমাজের পাশাপাশি স্কুল পড়ুয়ারাও এদিন এই অনুষ্ঠানে যোগ দেয়।

**WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION**
"Acharya Prafulla Chandra Bhawan", DK-7/1, Sector-II, Bidhannagar, Kolkata-700091
E-Mail: secretarywbbpe.ptti@gmail.com / Website: https://wbbpe.wb.gov.in

No. 433/WBBPE/D.El.Ed./2025/95P-06/25 Date: 30/06/2025

**NOTIFICATION**

**(Regarding Admission to the 2-year D.El.Ed. Course under Regular/Face to Face Mode for the Session 2025-2027 in D.El.Ed. Institutes Affiliated with West Bengal Board of Primary Education)**

Online applications are invited from the intending eligible candidates (As per NCTE Regulations-2014) for admission to the **2-year D.El.Ed. Course (Regular/Face-to-Face Mode) for the Session 2025-2027** in D.El.Ed. Institutes recognized by the NCTE and affiliated with WBBPE **on and from 4 July, 2025 (Friday) to 20 July, 2025 (Sunday).**

The details regarding eligibility criteria, admission procedures and list of Institutions (Medium-wise & District-wise) will be available in the official website of the WBBPE : **https://wbbpe.wb.gov.in**

Sd/-
Secretary
WBBPE



দুর্গা প্রতিমা তৈরিতে মগ্ন মৃৎশিল্পী। সোমবার কোচবিহার শহরের কুমোরটুলিতে। ছবি : অর্পণা গুহ রায়

## বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু শ্রমিকের

**দিনহাটা, ৩০ জুন :** বিয়েবাড়ির প্যান্ডেলের বাঁশ খুলতে গিয়ে ১১ হাজার ভোল্টের তারের স্পর্শে মৃত্যু হল এক শ্রমিকের। ঘটনাটি ঘটেছে গোসানিমারি-২ গ্রাম পঞ্চায়েতের বড় নাটাবাড়ি গ্রামের মল্লিরহাট বাজার সংলগ্ন এলাকায়। মৃত শ্রমিকের নাম মকসেদুল মিয়াঁ (৩০)। বাড়ি বড়নাচিনা বাঁশতলায়। স্থানীয়রা জানিয়েছেন, বড় নাটাবাড়ির আশরাফুল আলমের বাড়িতে শনিবার বিয়ের অনুষ্ঠান ছিল। সেই উপলক্ষ্যে প্যান্ডেল করা হয়। বিয়ের অনুষ্ঠান শেষ হয়ে গেলে রবিবার প্যান্ডেলের বাঁশ খুলতে ওঠেন মকসেদুল। অসতর্কতার কারণে তারে লেগে বিদ্যুৎস্পৃষ্ট হন ওই তরুণ। অন্য শ্রমিকরা মিলে গোসানিমারি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। ঘটনার পরই এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান ফাতেহা রাব্বানা বলেন, 'এধরনের কাজে সতর্কতা রাখা প্রয়োজন।' দিনহাটা থানার পুলিশ বিষয়টি দেখছে বলে জানিয়েছে।

## আলোচনা সভা

**কোচবিহার, ৩০ জুন :** কবি মাইকেল মধুসূদন দত্তের মৃত্যুদিবস উপলক্ষ্যে লেখক শিল্পী সমন্বয় মঞ্চের তরফে রবিবার কোচবিহারের সাগরদিঘি সংলগ্ন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় গ্রন্থাগারে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় মধুসূদন দত্তের জীবনী নিয়ে আলোচনার পাশাপাশি তাঁর বিভিন্ন কবিতা পাঠ করা হয়। উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি গৌরাঙ্গ সিনহা, সম্পাদক আবদুল মতিন আমেদ প্রমুখ।

## মিছিল

**তুফানগঞ্জ, ৩০ জুন :** কেন্দ্রীয় নয়া শ্রম কোড বাতিল সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে বামপন্থী গণসংগঠনের তরফে ৯ জুলাই সর্বভারতীয় ধর্মঘট ডাকা হয়েছে। সেই ধর্মঘটকে সফল করতে সোমবার ওই সংগঠনের পক্ষ থেকে মিছিল বের হয়। উপস্থিত ছিলেন কিষান খেতমজুর ইউনিয়নের জেলা সভাপতি ধনঞ্জয় রাভা, সিটু জেলা সহ সম্পাদক অসীম সাহা প্রমুখ।

# হাটের জমি বিক্রির অভিযোগ

বিশ্বজিৎ সাহা

**মাথাভাঙ্গা, ৩০ জুন :** পঞ্চায়েত সমিতির হাটের জমিতে ঘর নির্মাণকে কেন্দ্র করে বিতর্ক তৈরি হয়েছে। শুধু তাই নয়, প্রশাসনিক নজরদারির অভাবে হাটের জমি মোটা টাকায় বিক্রি হয়ে যাচ্ছে বলে অভিযোগ। মাথাভাঙ্গা-১ পঞ্চায়েত সমিতির নিয়ন্ত্রিত জোরপাটকি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত শিবপুর বাজারের ঘটনা। স্থানীয় সূত্রে খবর, সিপিএম দলীয় কার্যালয়ের পাশের যে খোলা জায়গায় হাটের দিন কৃষকরা বাঁশের তৈরি সামগ্রী ও ফলমূল বিক্রি করত, সেখানে সরকারি জমিতে ব্যক্তিগত উদ্যোগে ঘর নির্মিত হচ্ছে। পঞ্চায়েত সমিতি নিয়ন্ত্রিত হাটের জমিতে কেন ব্যক্তিগত উদ্যোগে ঘর তৈরি হবে তা নিয়ে প্রশ্ন উঠছে। মাথাভাঙ্গা-১ পঞ্চায়েত সমিতির সভাপতি রাজিবুল হাসান বলেন, 'খোঁজ নিয়ে জেনেছি ওই স্থানে যাঁর ঘর ছিল তিনি আগে নিজেই তা ভেঙে দিয়েছিলেন। বর্তমানে সেখানে পুনরায় ঘর তৈরি করছেন। শিবপুর হাটের নিলাম

> **প্রশ্ন যেখানে**
>
> ■ পঞ্চায়েত সমিতির হাটের জমিতে ঘর নির্মাণকে কেন্দ্র করে বিতর্ক তৈরি হয়েছে
>
> ■ প্রশাসনিক নজরদারির অভাবে হাটের জমি মোটা টাকায় বিক্রি হয়ে যাচ্ছে বলে অভিযোগ
>
> ■ পঞ্চায়েত সমিতি নিয়ন্ত্রিত হাটের জমিতে কেন ব্যক্তিগত উদ্যোগে ঘর তৈরি হবে তা নিয়ে প্রশ্ন উঠছে

সম্প্রতি কোরাম না হওয়ায় বাতিল হয়েছে। দ্রুত নতুন করে নিলামের উদ্যোগ নেওয়া হবে।'

সিপিএমের কোচবিহার জেলা কমিটির সদস্য মকসেদুল ইসলামের অভিযোগ, তৃণমূল কংগ্রেসের একশ্রেণির নেতাকর্মী হাটের জমি বিক্রি করে দিচ্ছেন। সেই জমিতে ঘর তৈরি হচ্ছে। বিষয়টি নিয়ে শীঘ্রই মাথাভাঙ্গা-১ ব্লক বিডিও এবং মাথাভাঙ্গা মহকুমা শাসকের কাছে স্মারকলিপি দেওয়া সহ আন্দোলন করা হবে বলে তিনি জানিয়েছেন।

এদিকে নিজেকে হাটের হাটাই (যিনি নিলামে হাট লিজে নেন) বলে দাবি করে হাসান আলির বক্তব্য, 'শাসকদলের তরফে তরুণদের জন্য কর্মসংস্থানের উদ্দেশ্যে স্টল নির্মাণ করা হচ্ছে।' যদিও জোরপাটকি অঞ্চল তৃণমূল কংগ্রেস সভাপতি বিক্রমজিৎ বর্মনের কথায়, 'দলীয় স্তরে এমন কোনও সিদ্ধান্তের কথা আমি জানি না। বিষয়টি খতিয়ে দেখা হবে।'

হাটের জমিতে বিনা অনুমতিতে ঘর তৈরি সম্পূর্ণ বেআইনি। স্থানীয় তৃণমূল নেতা ও প্রাক্তন পঞ্চায়েত সদস্য আবুয়াল কাসেমের প্রতিক্রিয়া, 'পঞ্চায়েত সমিতিকে অবিলম্বে তদন্ত করে ব্যবস্থা নিতে হবে।'

এদিকে ঘর নির্মাণকারীর অনুমতি ও বৈধতা নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে। পঞ্চায়েত সমিতির তরফে জানানো হয়েছে, নির্মাণকাজ সরকারি নিয়ম অনুযায়ী হচ্ছে কি না, তা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## সেনাকর্মীর বাড়িতে চুরি

**মেখলিগঞ্জ, ৩০ জুন :** রবিবার গভীর রাতে মেখলিগঞ্জে গোকুল রায় নামে এক সেনাকর্মীর বাড়িতে চুরির ঘটনা ঘটে। ঘুমের ওষুধ স্প্রে করে নগদ টাকা, সোনাগয়না নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা বলে অভিযোগ। কারা এই ঘটনার সঙ্গে যুক্ত, পুলিশ তা তদন্ত করে দেখছে।



*সেনাকর্মীর বাড়িতে তদন্তে পুলিশ। সোমবার।*

রবিবার গভীর রাতে মেখলিগঞ্জের নিজতরফ এলাকায় দুষ্কৃতীরা গোকুলের বাড়ির দরজা ভেঙে ঢোকে। কর্মসূত্রে ওই সেনাকর্মী জম্মু-কাশ্মীরে রয়েছেন। বাড়িতে ছিলেন তাঁর স্ত্রী ও দুই সন্তান। ঘুমের স্প্রে দিয়ে অচৈতন্য করে দুষ্কৃতীরা প্রায় এক লক্ষ টাকা নগদ, ১০ লক্ষ টাকার সোনার গয়না এবং জমির গুরুত্বপূর্ণ নথিপত্র নিয়ে চম্পট দেয়।

এদিন সকালে গোকুলের দাদা এসে দেখেন, ঘরের দরজা ভাঙা এবং ঘরের জিনিসপত্র এলোমেলো অবস্থায় ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। মেখলিগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। ঘটনাস্থলে যান স্থানীয় পঞ্চায়েত প্রধান গীতা রায়ও। পুলিশ এলাকার আশপাশের বাসিন্দাদের জিজ্ঞাসাবাদ করছে। ঘটনাটিকে কেন্দ্র করে এলাকায় আতঙ্ক ছড়িয়েছে।




# চিটফান্ডের আদলে আর্থিক প্রতারণা

মুরতুজ আলম

**সামসী, ৩০ জুন :** বাজার থেকে কোটি কোটি টাকা তুলে চম্পট দিলেন চিটফান্ড সংস্থার ৪ কর্তা। সংস্থার চার পরিচালকের বিরুদ্ধে পুলিশের দ্বারস্থ হয়েছেন উপভোক্তারা। চিটফান্ড সংস্থাটির হেড অফিস সামসীতে। অভিযোগ, মালদা জেলার বিভিন্ন এলাকায় পাঁচটি শাখা খুলে প্রতারণা চালিয়েছে ওই চিটফান্ড সংস্থা। এই ঘটনায় এক ম্যানেজারকে গ্রেপ্তার করা হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক সংস্থার এক কর্মী বলেন, 'সামসীর রতনপুরের বাসিন্দা রামপ্রসাদ পাসোয়ান নামে এক তরুণ একটি চিটফান্ড সংস্থা খোলেন ২০১৭ সালে। রামপ্রসাদ পাসোয়ান ছাড়াও এই সংস্থার আরও তিন পরিচালক রয়েছেন। তাঁর স্ত্রী রুম্পা সরকার, বাবা সত্যনারায়ণ সরকার ও আরোজিত সাহা নামে এক তরুণ।' সামসী ঘাসিরাম মোড়ে সংস্থাটির হেড অফিস রয়েছে। সামসী হেড অফিসের অধীন আরও চারটি শাখা অফিস রয়েছে। সেগুলি হল গাজোল, মালতীপুর, তুলসীহাটা ও দুর্গাপুর। এই সংস্থায় ব্যাংকের মতো লেনদেন প্রক্রিয়া চলে। দেওয়া হয় ঋণও। প্রতিদিন অর্থসংগ্রহ করা হত। গ্রাহকদের চার শতাংশ সুদ প্রদান করা হত।

সামসী হেড অফিসে প্রায় বারোশোর মতো গ্রাহক রয়েছেন। মালতীপুরে প্রায় আটশো গ্রাহক, দুর্গাপুরে প্রায় এক হাজার গ্রাহক, তুলসীহাটা ও গাজোল মিলিয়ে প্রায় এক হাজার গ্রাহক রয়েছেন। সামসী হেড অফিসে প্রায় দেড় কোটি টাকা, মালতীপুরে প্রায় এক কোটি,



*সামসীতে তালাবন্ধ চিটফান্ডের দপ্তর। ছবি : মুরতুজ আলম*

দুর্গাপুরে প্রায় এক কোটি, গাজোলে প্রায় চল্লিশ লক্ষ ও তুলসীহাটাতে প্রায় পঞ্চাশ লক্ষ টাকা, সব মিলিয়ে প্রায় চার কোটি টাকা আমানত অর্থ জমা ছিল। এদিকে, সংস্থার কর্মী রয়েছেন ৫০ জনের মতো।

২৩ জুন রাত থেকে ফেরার রয়েছেন সংস্থার মূল পরিচালক রামপ্রসাদ পাসোয়ান। আর বাকি তিন পরিচালকও আত্মগোপন করে রয়েছেন। সংস্থার মূল পরিচালক রামপ্রসাদ পাসোয়ান ফেরার হয়ে যেতেই সোমবার থেকে সংস্থার পাঁচটি দপ্তর তালাবন্ধ রয়েছে। সংস্থার মূল পরিচালকের ফেরার হওয়ার বিষয়টি জানাজানি হতেই সংস্থার হেড অফিস সামসী সহ আরও চারটি শাখায় শয়ে-শয়ে আমানতকারী তাঁদের জমানো টাকা ফেরতের দাবিতে ভিড় জমান। কিন্তু কোনও কর্মচারীর দেখা না পেয়ে বিমুখ হয়ে ফিরতে হয় তাঁদের।

ঘটনার পর থেকেই অসুস্থ হয়ে পড়েছেন সংস্থার এক কর্মী অচিন্ত্য মণ্ডল। ৯ হাজার টাকা মাসিক বেতনে কাজ করতেন তিনি। কাজ হারিয়ে দুই পুত্র ও স্ত্রীকে নিয়ে অসহায় অবস্থা তাঁর। অচিন্ত্যর বক্তব্য, 'পরিচালকরা এভাবে পালিয়ে গিয়ে ঠিক কাজ করেননি। আমিও চাইছি যাতে আমানতকারীরা নিজেদের জমানো টাকা ফেরত পান। পুলিশের দ্বারস্থ হয়েছেন তাঁরা। রবিবার সামসী পুলিশ ফাঁড়িতে সংস্থার ফেরার পরিচালকদের বিরুদ্ধে এক লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।' সোমবার অভিযোগ দায়ের হয়েছে চাঁচল থানাতেও।

চাঁচল থানার পুলিশের এক আধিকারিক জানান, সংস্থার চার পরিচালকের বিরুদ্ধে একটা অভিযোগ জমা পড়েছে। সংস্থার এক কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। অভিযোগ পেয়ে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।



## ছোট্ট তারা

রাবিয়া খাতুন
বক্সিগঞ্জের ৩৫ খাসবস পঞ্চম যোজনা প্রাথমিক বিদ্যালয়ের প্রাকপ্রাথমিকের ছাত্রী। সে পড়াশোনার পাশাপাশি ছবি আঁকায় বেশ পারদর্শী।

## কোর্সের সূচনা

**পুণ্ডিবাড়ি, ৩০ জুন :** উৎকর্ষ বাংলা প্রকল্পের অধীনে এবং মহেশপুর হ্যান্ডিক্র্যাফট অ্যান্ড হ্যান্ডলুম সোসাইটির পরিচালনায় খাগড়াবাড়ি সমবায় ব্যাংক অফিসে সেলাইয়ের বিশেষ কোর্সের সূচনা হয় সোমবার। সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোচবিহারের এডিএম (এলআর) হিমাদ্রি সরকার, কোচবিহার-২ বিডিও বিশ্বজিৎ মণ্ডল সহ অন্য আধিকারিকরা। এই কোর্সের মাধ্যমে স্বনির্ভর গোষ্ঠীর ৯৯ জন মহিলাকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে।

## মিছিল

**কোচবিহার ও মেখলিগঞ্জ, ৩০ জুন :** কলকাতার ল' কলেজে ছাত্রী গণধর্ষণের প্রতিবাদে কোচবিহারে আন্দোলনে নামলেন বিভিন্ন কলেজের পড়ুয়ারা। স্টুডেন্ট ইউনিটি নাম দিয়ে সোমবার বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা হাতে নানা ব্যানার, ফেস্টুন নিয়ে কোচবিহার শহরে একটি বিক্ষোভ মিছিল করে। মিছিলটি সাগরদিঘি লাগোয়া ক্ষুদিরাম স্কোয়ার থেকে বেরিয়ে শহরের বিভিন্ন অংশ পরিক্রমা করে। আন্দোলনকারীদের দাবি, ছাত্রী গণধর্ষণের সঙ্গে জড়িত সকলকে কঠোর থেকে কঠোর শাস্তি প্রদান করতে হবে।

## বসল সিসিটিভি

**দিনহাটা, ৩০ জুন :** চুরির হাত থেকে রেহাই এবং নিরাপত্তার জন্য নয়ারহাট পুলিশ ও গোবরাছড়া বাজার কমিটির উদ্যোগে গোবরাছড়া বাজারে লাগানো হল ১২টি সিসিটিভি ক্যামেরা। গত কয়েকদিনে একাধিক বাইক চুরি হয়েছে এই বাজার থেকে। সেকারণেই এই উদ্যোগ।

## স্মারকলিপি

**পুণ্ডিবাড়ি, ৩০ জুন :** কোচবিহার-২ বিডিওকে স্মারকলিপি দিল বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি। সোমবার সমিতির তরফে প্রাথমিক শিক্ষকদের বিএলও'র কাজে নিযুক্ত না করার দাবিতে বিডিওকে স্মারকলিপি দেওয়া হয়।



*কোচবিহার-শিলিগুড়ি ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ তৃণমূলের।*

## থানা ঘেরাও বিজেপির
# তৃণমূলের অবরোধ

**কৌশিক বর্মন**

**পুণ্ডিবাড়ি, ৩০ জুন :** সকালে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাল তৃণমূল কংগ্রেস। সন্ধ্যায় আবার থানা ঘেরাও করল বিজেপি। সব মিলিয়ে, সোমবার রণক্ষেত্রের পরিস্থিতি পুণ্ডিবাড়িতে।

দলের এক কর্মীকে মারধরের অভিযোগে রাজারহাট এলাকায় কোচবিহার-শিলিগুড়ি ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখায় তৃণমূল। অভিযোগের তির সরাসরি বিজেপির দিকে। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে যায় পুলিশ। মারধরের ঘটনায় সুমন রায় নামে এক বিজেপি কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদিকে দলীয় কর্মীর গ্রেপ্তারির প্রতিবাদে পালটা পুণ্ডিবাড়ি থানা ঘেরাও করল পদ্ম শিবির। উপস্থিত ছিলেন কোচবিহার উত্তরের বিধায়ক সুকুমার রায়। কোচবিহার জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য বলেন, 'ঘটনার তদন্ত শুরু হয়েছে। পুরো বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।'

ঘটনার সূত্রপাত রবিবার। অভিযোগ, রাত এগারোটা নাগাদ রাজারহাট যাত্রাপুর এলাকার বাসিন্দা তৃণমূল কর্মী উত্তম ভৌমিককে কর্মস্থল থেকে জোর করে অন্য জায়গায় নিয়ে গিয়ে বেধড়ক মারধর করেন বিজেপির কয়েকজন কর্মী-সমর্থক। এলাকার একটি ভবনে তিনি নিরাপত্তারক্ষীর কাজ করেন। গুরুতর জখম অবস্থায় এই মুহূর্তে কোচবিহার এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে তাঁর চিকিৎসা চলছে।

জখম তৃণমূল কর্মীর স্ত্রী কাজল ভৌমিক রাজারহাট এলাকার বিজেপির প্রাক্তন মণ্ডল সভাপতি ধীমান দাস সহ মোট ৬ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। আক্রান্ত ব্যক্তির ছেলে জিৎ ভৌমিক ওই এলাকার তৃণমূলের বুথ সভাপতি। তিনি বলেন, 'তৃণমূলকে সমর্থন করায় আমার বাবার ওপর হামলা করা হল।'

### যা ঘটেছে

- রবিবার রাতে তৃণমূলের এক কর্মীকে মারধরে ঘটনার সূত্রপাত
- অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে সোমবার জাতীয় সড়ক অবরোধ করে তৃণমূল
- গ্রেপ্তার করা হয় সুমন রায় নামে বিজেপির এক কর্মীকে
- এরপরই থানা ঘেরাও করে পদ্ম শিবির, উপস্থিত ছিলেন বিধায়ক সুকুমার রায়

অবরোধ কর্মসূচিতে ছিলেন তৃণমূলের জেলা সাধারণ সম্পাদক শুভঙ্কর দে। প্রায় ৩০ মিনিট ধরে অবরোধ চলে। আটকে পড়ে একাধিক বাস ও মালবাহী লরি। ভোগান্তির শিকার সাধারণ মানুষ। পরে পুলিশের হস্তক্ষেপে অবরোধ প্রত্যাহার করেন শাসকদলের কর্মী-সমর্থকরা। শুভঙ্কর বলেন, 'উত্তম ভৌমিককে বিজেপির দুষ্কৃতীরা মারধর করেছে। আইসিইউতে চিকিৎসা চলছে। অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে আমরা বিক্ষোভে শামিল হয়েছি। পুলিশ যতক্ষণ না পর্যন্ত অভিযুক্তদের গ্রেপ্তার করবে, ততক্ষণ পর্যন্ত আমাদের প্রতিবাদ চলবে।'

যদিও নিজের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন ধীমান দাস। তিনি বলেন, 'তৃণমূল রাজারহাট এলাকায় রাজনৈতিকভাবে পেরে উঠছে না। তাই নানাভাবে মিথ্যে মামলা দিয়ে আমাদের কর্মীদের হেনস্তা করার চেষ্টা করছে।'

ধীমান পালটা শাসকদলের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। তাঁর কথায়, 'রবিবার রাতে তৃণমূলের লোকজন আমার বাড়ির মহিলাদের গায়ে হাত দিয়েছে।'

# কলেজে ভর্তির আবেদন কম

**দেবদর্শন চন্দ**

**কোচবিহার, ৩০ জুন :** স্নাতক স্তরে অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া শেষ হতে আর মাত্র একদিন। ১ জুলাই পর্যন্ত অনলাইনে এই আবেদন করতে পারবেন পড়ুয়ারা। কিন্তু সোমবার বিকেল পর্যন্তও জেলার কয়েকটি কলেজে মোট আসন সংখ্যার তুলনায় কম আবেদন জমা পড়ল। কোথাও বা সংখ্যাটি অর্ধেকেরও কম। বিশেষত গ্রামীণ কলেজগুলির এই পরিস্থিতিতে চিন্তিত শিক্ষাবিদরাও। এবছর অবশ্য উচ্চমাধ্যমিক উত্তীর্ণের সংখ্যা গতবারের তুলনায় কম থাকায় কলেজগুলিতে পড়ুয়ার সংখ্যা কমবে বলে মনে করছেন অধ্যক্ষরাও।

সেন্ট্রাল পোর্টালের মাধ্যমে কলেজগুলিতে আবেদন প্রক্রিয়া চালুর পর দু'সপ্তাহ কেটে গিয়েছে। অধিকাংশ পড়ুয়ারাই ইতিমধ্যে ভর্তির আবেদন করে ফেলেছেন। যে সকল পড়ুয়া এই কলেজগুলিতে আবেদন করেছেন, তাঁদের মধ্যে যে সব আবেদনকারীই ওই কলেজগুলিতে ভর্তি হবেন এমনটাও নয়। বক্সিরহাট মহাবিদ্যালয়ে ২,৬০০টি আসন থাকলেও সেখানে এদিন বিকেল পর্যন্ত ১,২৫৫টি আবেদন জমা পড়েছে। এর মধ্যে ১৪৪ জনের প্রথম পছন্দ এই কলেজ। গত বছরের তুলনায় আবেদনকারীর সংখ্যা অনেকটাই কমেছে বলে জানিয়েছেন কলেজের টিআইসি কার্তিক সাহা। তিনি বলেন, 'এবার উচ্চমাধ্যমিক উত্তীর্ণের সংখ্যা কম থাকায় আবেদনকারীর সংখ্যাও কম। তাছাড়া সাধারণ ডিগ্রি কোর্সের প্রতি পড়ুয়াদের আগ্রহ কিছুটা কমেছে।'

তবে, মেখলিগঞ্জ কলেজে ১,৬০০টি আসন থাকলেও সোমবার বিকেল পর্যন্ত সেখানে ১,৬৫০টি আবেদন জমা পড়েছে। এর মধ্যে ২৯৮ জনের প্রথম পছন্দ এই কলেজ। গত ১৮ জুন থেকে কলেজগুলিতে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে।




### চিন্তিত শিক্ষাবিদরাও

- সোমবার বিকেল পর্যন্তও জেলার কয়েকটি কলেজে মোট আসন সংখ্যার তুলনায় কম আবেদন জমা পড়েছে
- কোথাও বা সংখ্যাটি অর্ধেকেরও কম
- বিশেষত গ্রামীণ কলেজগুলির এই পরিস্থিতিতে চিন্তিত শিক্ষাবিদরাও
- এবছর উচ্চমাধ্যমিক উত্তীর্ণের সংখ্যা গতবারের তুলনায় কম থাকায় কলেজগুলিতে পড়ুয়ার সংখ্যা কমবে বলে মনে করছেন অধ্যক্ষরাও

কলেজের অধ্যক্ষ মিঠু দেব। তাঁর কথা, 'বিশেষ করে গ্রামীণ এবং প্রান্তিক কলেজগুলিতে পড়ুয়াদের সংখ্যা এবার গতবারের তুলনায় কমেছে। এবার গতবারের তুলনায় কলেজের ছাত্র আরও কমবে।'

বিশেষত গ্রামীণ কলেজগুলিতে আবেদনকারীর সংখ্যা কম হওয়ায় উৎকণ্ঠায় রয়েছেন কলেজের অধ্যক্ষরা। বাণেশ্বর সারথীবালা মহাবিদ্যালয়ে এদিন বিকেল পর্যন্ত ১,৪৯৮ জনের আবেদন পড়েছে। এর মধ্যে মাত্র ২৫৯ জনের প্রথম পছন্দ এই কলেজ। এই কলেজের মোট আসন সংখ্যা ১,১০০। ঘোকসাডাঙ্গা বীরেন্দ্র মহাবিদ্যালয়ে ১,৬৪৯টি আসন থাকলেও মোট ১,৪২৮টি আবেদন জমা পড়েছে। ২১৬ জন পড়ুয়ার প্রথম পছন্দ এই কলেজ।

শহরের কলেজগুলিতেও গতবারের তুলনায় আবেদন অনেকটাই কম জমা পড়েছে। শহরের ইউনিভার্সিটি বিটি অ্যান্ড ইভনিং কলেজে ২,২২৫টি আসন থাকলেও সেখানে এখনও পর্যন্ত ৩,৮২০ জন আবেদন করেছেন। এতজনের মধ্যে মাত্র ২৬৪ জনের প্রথম পছন্দ এই কলেজ।

তবে শহরের কিছু কলেজে ব্যতিক্রমী চিত্রও ধরা পড়েছে। জেলার কলেজগুলির মধ্যে অন্যতম কোচবিহার কলেজে ৩,০৬০টি আসন থাকলেও সেখানে আবেদনকারীর সংখ্যা ১৩,৯৬৭ পেরিয়েছে। ১,৬৪৯ জন পড়ুয়ার প্রথম পছন্দ এই কলেজ। ঠাকুর পঞ্চানন মহিলা মহাবিদ্যালয়ে সব মিলিয়ে ৪,২২৬টি আবেদন জমা পড়েছে। সেই কলেজের আসন সংখ্যা ১,৮০০। জেলার অন্যতম এবিএন শীল কলেজে ১,৩২৮টি আসন থাকলেও মোট ১১,৫০০টি আবেদন জমা পড়েছে। ৩,৫০০ জনের প্রথম পছন্দ এই কলেজ।

কলেজগুলিতে আবেদনকারীদের সংখ্যা কমার প্রসঙ্গে কোচবিহার কলেজের অধ্যক্ষ তথা রাজ্য অধ্যক্ষ পরিষদের সহ সভাপতি পঙ্কজকুমার দেবনাথ বলেন, 'এবার উচ্চমাধ্যমিক উত্তীর্ণের সংখ্যা অনেকটাই কম। তাছাড়া কলেজগুলিতে মেজর কোর্স হওয়ার পর আসন সংখ্যা অনেকটাই বেড়েছে। আমাদের দু'-তিনটি কলেজ ছাড়া বাকি কলেজগুলির মোট আবেদন এবং প্রথম পছন্দের আবেদনের পরিসংখ্যান খুব কম। ভবিষ্যতে সেই কলেজগুলি আর্থিকভাবে অনেকটাই দুর্বল হয়ে যাবে এবং তাদের বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম ব্যাহত হতে পারে।'



**পাঠকের লেন্সে** 8597258697 picforubs@gmail.com

**চেনা পথ।।** *হলদিবাড়ির রাঙ্গাপানিতে ছবি তুলেছেন পূর্ণেন্দু রায়।*

# বিপাকে ব্যবসায়ীরা
## হয়নি মার্কেট কমপ্লেক্স

**তাপস মালাকার**

**নিশিগঞ্জ, ৩০ জুন :** মার্কেট কমপ্লেক্স তৈরি হবে। সেজন্য সংশ্লিষ্ট জমিতে থাকা নিজেদের টিনশেডের দোকান ভেঙে ফেলেছিলেন নিশিগঞ্জ বাজারের ১০৮ জন ব্যবসায়ী। কোচবিহার নিয়ন্ত্রিত বাজার সমিতির তরফে আশ্বাস দেওয়া হয়েছিল দোতলা মার্কেট কমপ্লেক্সটি তৈরি হয়ে গেলে তাঁদের মধ্যে স্টল বণ্টন করে দেওয়া হবে। কিন্তু, দোকান ভাঙার এক মাসের বেশি হতে চলল মার্কেট কমপ্লেক্সের কাজ শুরুই না হওয়ায় চিন্তায় ওই ব্যবসায়ীরা। বর্ষার এই মরশুমে তাঁদের কেউ ফুটপাথে, কেউবা অন্যত্র ঘর ভাড়া নিয়ে দোকান করছেন। আর কতদিন এভাবে ব্যবসা করতে হবে, জানেন না তাঁরা।

### নিশিগঞ্জ

মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সাবলু বর্মন বলেন, 'কাজটি শুরু হতে দেরি হওয়ায় কিছু জটিলতা তৈরি হয়েছে। নতুন ওয়ার্ক অর্ডার নিয়ে দ্রুত মার্কেট কমপ্লেক্সের কাজ শুরুর জন্য ঠিকাদার ও আরএমসি'র সচিবের সঙ্গে কথা বলেছি।' নিশিগঞ্জ পুরাতন বাজারের বেশ কয়েকটি ঘিঞ্জি গলির দু'পাশের বাজারের দোকানঘর ভেঙে মার্কেট কমপ্লেক্স গড়ার দাবি দীর্ঘদিনের। প্রায় ১৫ মাস আগে নতুন হাটে কৃষক শেডঘর ও পুরাতন বাজারে মার্কেট কমপ্লেক্সের কাজের সূচনা হয়। দুটি কাজের জন্য সাড়ে পাঁচ কোটি টাকা বরাদ্দ করেছিল রাজ্য সরকারের আরআইডিএফ। অভিযোগ, ব্যবসায়ীদের সঙ্গে আরএমসি'র বাজারের নকশা নিয়ে জটিলতার জেরে কাজ শুরু হতে দেরি হয়। গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির হস্তক্ষেপে ব্যবসায়ীদের সঙ্গে গত ৩ এপ্রিল আরএমসি'র পূর্বতন সচিব সাব্বির আলির বৈঠকের পর জট কাটে। শুরু হয় দোকান ভাঙার কাজ।

নিশিগঞ্জ ব্যবসায়ী সমিতির সম্পাদক সুশান্ত মালাকার বলেন, 'অধিকাংশ ব্যবসায়ী এক মাস আগে পুরোনো দোকানঘর সরিয়ে নিলেও মার্কেট কমপ্লেক্স তৈরি শুরু হয়নি। কাজ পিছিয়ে গেলে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হবেন।' কোচবিহার জেলার নতুন দায়িত্বপ্রাপ্ত আরএমসি'র সচিব দেবনাথ মণ্ডলের কথায়, 'সদ্য দায়িত্বভার নিয়ে বাইরে একটি প্রশিক্ষণে এসেছি। জেলায় ফিরে সব কিছু জেনে প্রয়োজনীয় পদক্ষেপের ব্যাপারে জানাতে পারব।' স্বাভাবিকভাবেই কী করবেন ভেবে পাচ্ছেন না সংশ্লিষ্ট শতাধিক ব্যবসায়ী। দোকান তুলে দিয়ে কয়েক মাসের ঘর ভাড়া করে আপাতত দোকান করছেন অজয় দত্ত। তিনি বলেন, 'ভেবেছিলাম পুজোর আগে হয়তো নতুন দোকানঘর পাব। কিন্তু এখনও কাজই শুরু হয়নি।' নিশিগঞ্জ-১ পঞ্চায়েত প্রধান রজনীকান্ত বড়ুয়া জানাচ্ছেন, মার্কেট কমপ্লেক্সের মাপজোখ ও নকশা নিয়ে নানা জটিলতা তৈরি হয়। গ্রাম পঞ্চায়েত অফিসে ব্যবসায়ীদের নিয়ে বারবার বৈঠক করে সমস্যা মিটাতে কিছুটা দেরি হয়েছে।

> অধিকাংশ ব্যবসায়ী এক মাস আগে পুরোনো দোকানঘর সরিয়ে নিলেও মার্কেট কমপ্লেক্স তৈরি শুরু হয়নি। কাজ পিছিয়ে গেলে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হবেন। বিষয়টি নিয়ন্ত্রিত বাজার সমিতির নজরে আনা হয়েছে।
>
> **সুশান্ত মালাকার,** *সম্পাদক, নিশিগঞ্জ ব্যবসায়ী সমিতি*



*নিশিগঞ্জ বাজারের এই স্থানেই মার্কেট কমপ্লেক্স হওয়ার কথা।*

# মা-সন্তানের মৃত্যুতে কাঠগড়ায় নার্সিংহোম

**মালদা, ৩০ জুন :** প্রসবের পরই মৃত্যু হয়েছিল মায়ের। তিনদিনের মাথায় প্রাণ হারিয়েছিল সদ্যোজাত শিশুও। এই ঘটনায় কালিয়াচকের একটি নার্সিংহোমের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলেছিলেন ঝাড়খণ্ডের এক বাসিন্দা। অবশেষে ওই নার্সিংহোমের সিই (ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট) লাইসেন্স বাতিল বা সাসপেন্ড করার জন্য মুখ্য স্বাস্থ্য আধিকারিককে নির্দেশ দিল জেলা প্রশাসন। ওই নার্সিংহোমকে ৫ লক্ষ টাকা জরিমানাও করা হয়েছে।

গত ১৫ জুন ঝাড়খণ্ডের মির্জাপুরের বাসিন্দা মিজান শেখ কালিয়াচকের একটি নার্সিংহোমে চিকিৎসায় গাফিলতিতে তাঁর স্ত্রী ও সন্তানের মৃত্যুর অভিযোগ জানান। তাঁর অভিযোগ, গত ১২ জুন তিনি স্ত্রী ফুলটুসি খাতুনকে নিয়ে মালদা মেডিকেলে ভর্তি করতে আসছিলেন। এক অ্যাম্বুল্যান্সচালক তাঁকে ভুল বুঝিয়ে কালিয়াচকের একটি নার্সিংহোমে নিয়ে যান। সেদিন রাতেই সিজারে ফুলটুসি পুত্রসন্তানের জন্ম দেন। নার্সিংহোম কর্তৃপক্ষ কোনও পরীক্ষা না করেই খুব অল্প সময়ে সিজার করে। রাতেই নার্সিংহোম কর্তৃপক্ষ তাঁর ছেলেকে মালদা মেডিকেলে ভর্তি করতে বলে। সেই পরামর্শমতো তিনি ছেলেকে মেডিকেলে ভর্তি করেন। পরদিন সকালে নার্সিংহোমে ফিরে যেতেই তিনি দেখেন, নার্সিংহোম কর্তৃপক্ষ তাঁর স্ত্রীর দেহ অ্যাম্বুল্যান্সে তুলে দিয়েছে। তাঁর স্ত্রীর মৃত্যুর কোনও নথিপত্রও নার্সিংহোমের তরফে দেওয়া হয়নি বলেও অভিযোগ তুলেছিলেন তিনি।

### জরিমানা

- ওই নার্সিংহোমকে ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে
- স্থায়ীভাবে স্বাস্থ্যসাথী তালিকা থেকে সরিয়ে দেওয়া হয়েছে ওই নার্সিংহোমকে
- মুখ্য স্বাস্থ্য আধিকারিককে ওই নার্সিংহোমের সিই লাইলেন্স বাতিল অথবা সাসপেন্ড করতে বলা হয়েছে

সেই সময় নার্সিংহোম কর্তৃপক্ষ দাবি করেছিল, জন্ম হওয়ার পর থেকে বাচ্চার শারীরিক অবস্থা ভালো না থাকায় রাতেই শিশুকে মালদা মেডিকেলে রেফার করা হয়েছিল। সকালে মহিলার শারীরিক অবস্থার অবনতি হতে থাকায় তাঁকেও মেডিকেল কলেজে রেফার করা হয়েছিল। নার্সিংহোমে ওই মহিলার মৃত্যু হয়নি। নথিপত্র না দেওয়ার অভিযোগও পুরোপুরি ভিত্তিহীন বলে কর্তৃপক্ষের তরফে দাবি করা হয়েছিল।

ঝাড়খণ্ডের ওই বাসিন্দার অভিযোগের ভিত্তিতে পরদিনই কালিয়াচকের ওই নার্সিংহোমে হানা দেয় ডিস্ট্রিক্ট সারভেলান্স টিম। তদন্তে একাধিক গাফিলতি নজরে আসে ওই প্রতিনিধিদলের সদস্যদের। স্বাস্থ্যসাথী কার্ডে ভর্তি হওয়া রোগীদের নথিপত্রেও একাধিক গরমিল ধরা পড়ে। ওই টিমের রিপোর্টের ভিত্তিতে শুনানিতে ডাকা হয় ওই নার্সিংহোম কর্তৃপক্ষকে। অবশেষে ওই নার্সিংহোমকে জরিমানা করে সিই লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত নিয়েছে জেলা প্রশাসন। নার্সিংহোম কর্তৃপক্ষকে ৫ লক্ষ টাকা জরিমানার নির্দেশ দিয়েছেন অতিরিক্ত জেলা শাসক। অতিরিক্ত জেলা শাসক শেখ আনসার আহমেদ বলেন, 'কালিয়াচকের ওই নার্সিংহোম পরিদর্শনের পর ডিস্ট্রিক্ট সারভেলান্স টিমের রিপোর্ট অনুযায়ী ওই নার্সিংহোমকে ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। স্বাস্থ্যসাথী তালিকা থেকে সরিয়ে দেওয়া হয়েছে ওই নার্সিংহোমকে। মুখ্য স্বাস্থ্য আধিকারিককে ওই নার্সিংহোমের সিই লাইলেন্স বাতিল অথবা সাসপেন্ড করতে বলা হয়েছে।'



*নিউ ভাঐরথানা ৫ পর্যায় প্রাথমিক বিদ্যালয়ের মাঠে নির্মাণসামগ্রী।*

# স্কুলের মাঠে নির্মাণসামগ্রী

**মনোজ বর্মন**

**শীতলকুচি, ৩০ জুন :** প্রায় ৫ মাস ধরে স্কুলের মাঠে পড়ে রয়েছে রাস্তার কাজের পাথর। ফলে খেলাধুলো করতে পারছে না শীতলকুচি ব্লকের নিউ ভাঐরথানা ৫ পর্যায় প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়ারা। অভিভাবকরা আবার দুর্ঘটনার চিন্তা করছেন।

শীতলকুচি চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক অমিত সরকার জানালেন, তাঁকে স্কুলের প্রধান শিক্ষক বিষয়টি মৌখিকভাবে জানিয়েছিলেন। তাঁর দপ্তরে লিখিত অভিযোগ জানাতে বলা হয়েছে প্রধান শিক্ষককে। তাঁর কথায়, 'অভিযোগ পেলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। রাস্তার কাজের জন্য স্কুলের মাঠকে কেউ এভাবে ব্যবহার করতে পারেন না।'

পঞ্চারহাট বাজার থেকে ভাঐরথানা বাজার সড়কে রাস্তার পূর্বদিকে রয়েছে প্রাথমিক স্কুলটি। স্কুলের পাশের রাস্তাটি পাকা করা হচ্ছে। সড়কের পাশে হলেও স্কুলে নেই কোনও সীমানা প্রাচীর। এর মধ্যে এতগুলো মাস ধরে স্কুলের মাঠে পড়ে রয়েছে পাথর।

অভিযোগ, শুধু তাই নয়, বিদ্যালয় চলাকালীন ডাম্পার ঢুকে পড়ছে বিদ্যালয়ের মাঠে। আর্থমুভার দিয়ে পাথর তোলা হচ্ছে বিদ্যালয়ের পাঠের সময়। এতে পড়ুয়াদের পঠনপাঠনে সমস্যা হচ্ছে। তারা মাঠে আর খেলাধুলা করতে পারছে না। স্কুলের প্রধান শিক্ষক অমল বর্মনের কথায়, 'স্থানীয় মাতব্বরদের নির্দেশে মাঠে পাথর রাখছে ঠিকাদারি সংস্থা। তাঁদের দ্রুত পাথর সরিয়ে নিতে বলা হয়েছে।' ভাঐরথানা গ্রাম পঞ্চায়েতের প্রধান শ্রদ্ধা প্রামাণিকও একই কথা বললেন। তিনি বলেন, 'দ্রুত ঠিকাদারি সংস্থাকে মাঠ থেকে পাথর সরিয়ে নিতে বলা হয়েছে। মাঠটি পুনরায় ব্যবহারযোগ্য করে তোলার কথা বলা হয়েছে ঠিকাদারি সংস্থাকে।'

প্রায় ছয়মাস ধরে স্কুলের মাঠে খেলাধুলা বন্ধ থাকায় মনখারাপ পড়ুয়াদের। এক স্কুলছাত্রীর কথায়, 'পড়াশোনার পর টিফিনের সময় বন্ধুদের সঙ্গে একটু খেলতাম। এখন মাঠে পাথরবালি পড়ে থাকায় খেলা বন্ধ হয়ে গিয়েছে।'

অভিভাবকরা আবার ছেলেমেয়েদের নিরাপত্তা নিয়ে চিন্তিত। তাঁদের মধ্যে একজন বিধান বর্মনের কথায়, 'স্কুলে গিয়ে পাথরের স্তূপের উপরে উঠে পড়ছে পড়ুয়ারা। এতে যে কোনও সময় দুর্ঘটনা ঘটতে পারে। কোনও দুর্ঘটনা ঘটলে কিন্তু এর দায় ঠিকাদারি সংস্থা এবং বিদ্যালয় কর্তৃপক্ষকে নিতে হবে।'

## ফের চালু কারখানা

**বক্সিরহাট, ৩০ জুন :** শ্রম দপ্তরের মধ্যস্থতায় জমিজট কাটায় কারখানা স্থানান্তরের সিদ্ধান্ত বাতিল করল মালিকপক্ষ। সোমবার পুরোনো জমিতে ফের চালু হল প্লাইউডের কাঁচামাল তৈরির কারখানা। কাজে যোগ দিয়ে শ্রমিকদের মধ্যে খুশির আমেজ।

তুফানগঞ্জ-২ ব্লকের মহিষকুচি-১ গ্রাম পঞ্চায়েতের শালডাঙ্গা গ্রামের ওই কারখানার বর্তমান মালিক ফালাকাটার বাসিন্দা ইউসুফ আলি তিন মাস আগে, আগের মালিকের থেকে কারখানাটি কেনেন তিনি। বৃহৎ পরিসরে কারখানা তৈরির পরিকল্পনা ছিল তাঁর। সেক্ষেত্রে বড় যানবাহন যাতায়াতের জন্য নতুন রাস্তার প্রয়োজন ছিল। কিন্তু জমি নিয়ে জটিলতা তৈরি হওয়ায় সম্প্রতি শালডাঙ্গা থেকে ওই কারখানাটি মাথাভাঙ্গার ঘোকসাডাঙ্গায় সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেন তিনি।

যাবতীয় সমস্যা মিটিয়ে অবশেষে কারখানাটি ফের চালু হওয়ায় খুশি শ্রমিকরা।

# পরিস্রুত জল চায় বড়ভিটা

**বুল নমদাস**

**নয়ারহাট, ৩০ জুন :** নয়ারহাট বাজার সংলগ্ন বড়ভিটা এলাকায় বিগত দেড় বছর ধরে পানীয় জল পরিষেবা বন্ধ রয়েছে। জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরের (পিএইচই) ঔদাসীন্যে স্থানীয় বাসিন্দারা জল পাচ্ছেন না বলে অভিযোগ।

পিএইচই-র ভূমিকা নিয়ে এলাকার বাসিন্দাদের মধ্যে প্রশ্ন উঠছে। বাধ্য হয়ে এলাকার বাসিন্দারা নলকূপের আয়রনযুক্ত জল পান করছেন। ফলে ক্রমশ ক্ষোভের পারদ বাড়ছে। দ্রুত পরিষেবা স্বাভাবিক করার দাবিও জোরালো হয়ে উঠেছে।

কেন পরিষেবা বন্ধ রয়েছে? নয়ারহাট জল সরবরাহের সঙ্গে যুক্ত এক কর্মীর বক্তব্য, 'পাইপলাইনের সমস্যার জেরে ওই এলাকায় জল সরবরাহ বন্ধ রয়েছে। বিষয়টি একাধিকবার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নজরেও আনা হয়েছে।' বিষয়টি নিয়ে পিএইচই-র মাথাভাঙ্গা শাখার সহকারী ইঞ্জিনিয়ার ঋষিন ঘোষকে সোমবার সন্ধ্যা পর্যন্ত একাধিকবার ফোন করা হয়েছিল। কিন্তু ফোন না ধরায় তাঁর কোনও বক্তব্য পাওয়া যায়নি।

> দেড় বছর আগে এলাকায় অন্তত ২০০ বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছিল। কিন্তু কয়েকদিন যেতে না যেতেই জল সরবরাহ বন্ধ হয়ে যায়। তখন থেকেই বাধ্য হয়ে নলকূপের জল পান করছি। স্বাস্থ্যের স্বার্থে দ্রুত পরিষেবা স্বাভাবিক করা উচিত।
>
> **সুমন্ত অধিকারী,** *স্থানীয় বাসিন্দা*

মাথাভাঙ্গা-১ ব্লকের বিভিন্ন এলাকার সঙ্গে নয়ারহাট গ্রাম পঞ্চায়েত এলাকায় ঘরে ঘরে নলবাহিত পরিস্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্যে পিএইচই কাজ করছে। দপ্তরের জল জীবন মিশন প্রকল্পের মাধ্যমে বিভিন্ন এলাকায় জলাধার, পাম্পহাউস তৈরি ও পাইপ বসানোর কাজ চলছে। অন্যদিকে, ভিন্ন ছবি বড়ভিটা এলাকায়। সেখানে দেড় বছর আগে বাড়ি বাড়ি জল পরিষেবা শুরু হওয়ার পর যান্ত্রিক ত্রুটির জেরে পরিষেবা পাওয়া যাচ্ছে না। ফলে প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে বলে অভিযোগ তুলেছেন স্থানীয়রা।

স্থানীয় সুমন্ত অধিকারীর বক্তব্য, 'দেড় বছর আগে এলাকায় অন্তত ২০০ বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছিল। কিন্তু কয়েকদিন যেতে না যেতেই জল সরবরাহ বন্ধ হয়ে যায়। তখন থেকেই বাধ্য হয়ে নলকূপের জল পান করছি। স্বাস্থ্যের স্বার্থে দ্রুত পরিষেবা স্বাভাবিক করা উচিত।'

বাড়িতে জলের সংযোগ থাকলেও পরিষেবা অধরা থাকায় ক্ষোভ বাড়ছে এলাকায়। সুধীর বর্মন, কার্তিক রায়ের মতো স্থানীয়দের অভিযোগ, পাকা রাস্তার পশ্চিম প্রান্তের বাড়িগুলিতে এখনও সংযোগই দেওয়া হয়নি। রাস্তার পূর্ব প্রান্তের বাড়িগুলিতে সংযোগ থাকলেও পরিষেবা অমিল। দ্রুত এলাকার সব বাড়িতেই তাঁরা জল পরিষেবা চালুর দাবি জানিয়েছেন।

## টুকরো খবর

### প্রচার

**কোচবিহার ব্যুরো**

**৩০ জুন :** বাম আমলে ১৯৯৩ সালের ৩০ জুন কলকাতার সুখচরধামে সন্তানদলের কেন্দ্রীয় কার্যালয়ে (সুখচরধাম) অপারেশন সৎকার অভিযানের প্রতিবাদে সোমবার রাজ্যের অন্যান্য স্থানের সঙ্গে মাথাভাঙ্গা পঞ্চানন মোড়ে মিছিল ও পথসভা হয়। দিনটি ধিক্কার দিবস হিসেবে পালন করে থাকে সন্তানদল। পাশাপাশি মেখলিগঞ্জ, জামালদহ সহ নানা জায়গায় প্রচারপত্র বিলি করা হয়।

### মতামত সংগ্রহ


**হলদিবাড়ি, ৩০ জুন :** ধান বিক্রিতে ধলতা কাটার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য শুরু হয়েছে প্রশাসনিক তৎপরতা। চালের মিলের মালিকপক্ষের সঙ্গে সর্বদলীয় বৈঠকের আগে সোমবার থেকে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে কথা বলে মতামত সংগ্রহের কাজ শুরু করেছেন হলদিবাড়ির সহ কৃষি অধিকর্তা দীপ সিনহা। কৃষক নেতা আব্দুস সাত্তার সরকার বলেন, 'কৃষকরা কিছুতেই ধলতা দেবেন না। প্রশাসন সিদ্ধান্ত নিতে না পারলে আমরা বৃহত্তর আন্দোলন গড়ে তুলব।'

### মোষ উদ্ধার

**বক্সিরহাট, ৩০ জুন :** রবিবার রাতে নাকা তল্লাশি চালিয়ে একটি কনটেনারবোঝাই ১৬টি মোষ উদ্ধার করল বক্সিরহাট থানার পুলিশ। বক্সিরহাট থানার ভাঙ্গাপাকড়ি নাকা চেকিং পয়েন্টের ঘটনা। চালক গ্রেপ্তার হয়েছে।

### দেহ উদ্ধার

**শীতলকুচি, ৩০ জুন :** সোমবার শীতলকুচি গ্রাম পঞ্চায়েতের হরিমন্দির এলাকায় জয়দেব বর্মন (২৪) নামে এক তরুণের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। মৃতের পরিবারের দাবি, দীর্ঘদিন ধরে মানসিক সমস্যায় ভুগছিলেন জয়দেব।


Digital India
Power To Empower
ডিজিটাল
রূপান্তরের
এক দশক
জীবনভরের
সম্ভাবনা
বিশ্বের সবচেয়ে সস্তা ডেটা -
২০১৪য় ৩০০+টাকা/জি.বি থেকে দাম কমে আজ ১০ টাকারও কম
প্রতি সেকেন্ডে ১ কোটি টাকা
ইউপিআই লেনদেন
সারাবিশ্বের ডিজিটাল লেনদেনের অর্ধেক হয় ভারতে
মোবাইল উৎপাদকের সংখ্যা ২ থেকে বেড়ে ৩০০+
বর্তমানে ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম
মোবাইল ফোন উৎপাদক
৫জি
বিশ্বের অন্যতম দ্রুততম গতিতে মাত্র ২২ মাসে
দেশের ৯৯.৬% জেলায় ৫জি পরিষেবা
গ্রামে গ্রামে ইন্টারনেট
৪২+ লক্ষ রুট কিমি অপটিক্যাল ফাইবার, ২.১৮ লক্ষ
গ্রাম পঞ্চায়েতকে সংযোজিত করেছে
কমন সার্ভিস সেন্টারের সংখ্যায় পাঁচগুণ বৃদ্ধি
২০১৪য় ৯৬০০০ থেকে ২০২৫ এ ৫.৭৬ লক্ষ-
৫ গুণ বৃদ্ধি
সেমিকন্ডাক্টরের নবযুগ
২০২৪-এ ৪+ লক্ষ কোটি টাকার বাজারের মাধ্যমে
ভারত এগিয়ে চলেছে আত্মনির্ভরতার দিকে
দালালমুক্ত সম্মানের জীবন
ডিবিটির মাধ্যমে সরাসরি সুবিধাভোগীদের কাছে পৌঁছেছে ৪৪.৫+ লক্ষ কোটি টাকা
৩.৫ লক্ষ কোটি টাকা সাশ্রয়
স্বচ্ছ শাসনব্যবস্থা
GeM এর মাধ্যমে অনলাইনে ১৩.৪+ লক্ষ কোটি টাকার
সরকারি জিনিস ক্রয়
কৃষকদের ক্ষমতায়ন
১৪০০+ মান্ডি ই-ন্যামের মাধ্যমে সংযুক্ত,
কৃষকরা সরাসরি ৪ লক্ষ কোটি টাকার কৃষি
পণ্যের ব্যবসা করেছেন
ডিজিটাল ইন্ডিয়ার এক দশক
ক্লিক আর ক্লাউডের জাদু
CBC 06124/13/0001/2526

■ ৪৬ বর্ষ ■ ৪৪ সংখ্যা, মঙ্গলবার, ১৬ আষাঢ় ১৪৩২

# রাজনীতির পরিহাস

যেন জরুরি অবস্থার বাৎসরিক পালন। তা-ও আবার গণতন্ত্রের কালো অধ্যায়ের ৫০ বছর পূর্তি। কংগ্রেসকে কাটা ঘায়ে নুনের ছিটে দেওয়ার সুবর্ণ সুযোগ। আস্ত বই-ই লিখে ফেলেছেন খোদ প্রধানমন্ত্রী। তাঁর মন কি বাত-এও চর্চায় জরুরি অবস্থা। দেশজুড়ে বিজেপির সেমিনার ইত্যাদিতে বোঝানো হচ্ছে, গণতন্ত্রকে উজ্জ্বল পথে নিয়ে যাওয়ার দিশারি নরেন্দ্র মোদি। যদিও দেশে-বিদেশে প্রধানমন্ত্রীর নানা কর্মসূচিতে করতালির তালে তালে 'মোদি মোদি' ধ্বনি মনে করিয়ে দেয় জরুরি অবস্থাকালীন 'ইন্ডিয়া ইজ ইন্দিরা, ইন্দিরা ইজ ইন্ডিয়া' স্লোগানটিকে।

ভারত কেন পৃথিবীর ইতিহাসেও দেশ ও নেতাকে এক করে দেখানোর সেই স্লোগানের মতো স্বৈরতন্ত্রের পরাকাষ্ঠা আর কিছু হয় না। সেই ঘটনার অর্ধশতবর্ষ পূর্তিতে বিজেপি একদিকে সেই শাসনের মুণ্ডপাত করছে, অন্যদিকে নিজেদের গণতন্ত্র রক্ষার কান্ডারি হিসেবে তুলে ধরতে মরিয়া প্রয়াস চালাচ্ছে। ঘটা করে পালিত হল সংবিধান হত্যা দিবস।

ইতিহাসের পরিহাস এমনই যে, ইন্দিরার পরের দ্বিতীয় প্রজন্ম এবং কংগ্রেসের নেতৃত্বের লাগাম এখন যাঁর হাতে, সেই রাহুল গান্ধি সংবিধান হাতে ঘুরে বেড়ান। সংসদের ভেতরে তো বটেই। নির্বাচনি প্রচারেও। ব্যতিক্রম নন কংগ্রেসের গর্ভে বিকশিত হয়ে পরে পৃথক দল তৃণমূলের জন্মদাত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর রাজত্বে নাগরিক অধিকার পদদলিত হওয়ার ঘটনা কম নয়। কিন্তু তিনিও সংবিধানের ভজনায় ব্যস্ত থাকেন।

দেশের বিভিন্ন প্রান্তেও রোজ জরুরি অবস্থার নানা সংস্করণ প্রায়ই উপলব্ধি হয়। যে ব্যবস্থার শিকার হয়েছেন স্ট্যান স্বামী থেকে শুরু করে উমর খালিদ, প্রবীর পুরকায়স্থ প্রমুখ। এ দেশে রাষ্ট্রদোহ দমনের নামে এখনও যে 'ইউএপিএ' আইন টিকে আছে, তা তো ইন্দিরা প্রবর্তিত 'মিসা' কিংবা পরবর্তীকালে 'টাডা'রই নতুন সংস্করণ। যাঁরা গণতন্ত্রের জয়গানে মুখর, তাঁরা কিন্তু ভুলেও কখনও 'ইউএপিএ' প্রত্যাহারের পক্ষে সওয়াল করেন না।

যতই সংবিধানের কথা বলা হোক না, বিভিন্ন শাসনে তাকে ব্যবহার করেই নানা স্বৈরতান্ত্রিক পদক্ষেপ করা হয়েছে। জরুরি অবস্থার শাসনে দেশজুড়ে যে অসন্তোষ ছড়িয়ে পড়েছিল, ১৯৭৭-এর লোকসভা নির্বাচনে তা কার্যত বিদ্রোহের আকারে প্রতিফলিত হয় ব্যালট বক্সে। মানুষ একনায়কতন্ত্রের বিরুদ্ধে রায় দিয়েছিল। সেই সুযোগের সদ্ব্যবহার করেছিল সংঘ পরিবার। ইন্দিরাকে পর্যুদস্ত করে যে জনতা দল ক্ষমতায় এসেছিল, তার বড় শরিক ছিল জনসংঘ। যে দলটি এখনকার বিজেপির পূর্বসূরি। জনতা দল ভেঙে জনসংঘীরা বিজেপির পত্তন করেছিলেন।

একদা কংগ্রেসি, পরে সমাজতন্ত্রী জয়প্রকাশ নারায়ণের নেতৃত্বে ছাতার তলায় সেই যে জনসংঘীদের জয়যাত্রা শুরু হয়েছিল, সেটাই এখনও চলছে ভারতবর্ষে। গান্ধিবাদী জয়প্রকাশ গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ে হিন্দুত্ববাদী জনসংঘকে সঙ্গে নিয়েছিলেন। অন্যদিকে, সংঘ পরিবার জয়প্রকাশের মতো জননেতার ক্যারিশমাকে ব্যবহার করে নিজেদের গুছিয়ে নিয়েছিল ভারতীয় রাজনীতির চালচিত্রে। জরুরি অবস্থায় আরএসএসকে নিষিদ্ধ করেছিলেন ইন্দিরা। জয়প্রকাশের হাত ধরে সেই আরএসএস এল পাদপ্রদীপের আলোয়।

এতে একনায়কতন্ত্রের বিরুদ্ধে সংঘ পরিবার নিজেকে গণতন্ত্র পুনরুদ্ধারের অন্যতম সৈনিক হিসাবে নিজেদের দেখানো শুরু করতে পেরেছিল। ফলে কংগ্রেস বিরোধী অন্যতম শক্তি হয়ে দেখা দিল জনসংঘ ও পরে বিজেপির বকলমে সংঘ পরিবার। কিন্তু জয়প্রকাশ নারায়ণের সংশ্রব সংঘ পরিবারের হিন্দুত্ববাদী রাজনীতির ভোল বদলাতে পারেনি। উলটে পায়ের তলার মাটি শক্ত হওয়ার পর বিজেপি হিন্দুত্ববাদী অ্যাজেন্ডাকে আরও আঁকড়ে ধরেছে।

গণতন্ত্র পুনরুদ্ধারের নাম করে শুরু হওয়া সেই অভিযানের এখনকার চেহারা স্পষ্ট। জনমতের তোয়াক্কা না করে নানা পদক্ষেপ ও বিরোধী মতের প্রতি প্রতিহিংসামূলক আচরণ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এখন নিয়ম হয়ে উঠেছে। এ ব্যাপারে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে তেমন ভেদ নেই। যে দল যেখানে ক্ষমতায়, সেখানেই নাগরিক অধিকার লঙ্ঘন হয়ে থাকে। ফলে সংবিধান হত্যা দিবস পালন গণতন্ত্রের মৃত্যুতেই একধরনের সিলমোহর দিচ্ছে।

## অমৃতধারা

মনকে একাগ্র করতে হলে মনের ভেতরকার কোথায় কি দুর্বলতা ও হীনভাব আছে তাকে খুঁজে বার করতে হয়। আত্মবিশ্লেষণ না করলে মনের অসচ্ছলতা ধরতে পারা যায় না। সুচিন্তাই মনস্থির করার ও শান্তিলাভের প্রধান উপায়। সত্য ও অসত্য- এই দুইকে জানবার জন্য প্রকৃত বিচারবুদ্ধি থাকা চাই। মনকে সর্বদা বিচারশীল করতে হবে- যাতে আমরা সত্য ও অসত্যের পার্থক্য বুঝতে পারি। তাই বিচার ও ধ্যান দুইই একসঙ্গে দরকার। অবিদ্যার অর্থ হল অনিত্যে নিত্য বুদ্ধি, অশুচিতে শুচি-বুদ্ধি, অধর্মে ধর্ম-বুদ্ধি করা। অসত্যকে সত্য বলে ধরে থাকাই অবিদ্যার লক্ষণ। 'অবিদ্যা' মানে অজ্ঞান অর্থাৎ যে অবস্থায় মানুষ আপনার দিব্যস্বরূপকে জানে না তাকেই 'অবিদ্যা' বলে।

**-স্বামী অভেদানন্দ**

# আদি সাঁওতাল বিদ্রোহের নায়ক ব্রাত্যই


ব্রিটিশ শাসিত ভারতে প্রথম স্বাধীনতা সংগ্রামী হিসেবে ফাঁসি দেওয়া হয় তিলকা মাঝিকে। তাঁকে ইতিহাস মনে রাখেনি।

**কৃষ্ণপ্রিয় ভট্টাচার্য**



বহুযুগ পরপর পৃথিবীতে কিছু যুগপুরুষ মহামানবের আবির্ভাব ঘটেছে যাঁরা তাঁদের বর্ণময় সংগ্রামী জীবনচর্যার জন্য রক্তমাংসের মানুষ হয়েও পরবর্তীকালে অতিমানব বা প্রায় 'মিথ' হয়ে উঠেছেন-লৌকিক হয়েও তাঁরা অলৌকিক স্বপ্নমানব হয়ে ইতিহাসে বিরাজ করছেন। আমরা উত্তরপুরুষরা তাঁদের রূপকথার চরিত্র ভাবি। দেবেশ রায়ের ভাষায় এঁরা 'পরণকথার মানুষ'। দলিত ভারতের ক্ষেত্রে আধুনিক সাঁওতাল বিদ্রোহের নায়ক সিধো-কানহো (১৮১৫/২০-১৮৫৬), উলগুলান বা মুন্ডা বিদ্রোহের নায়ক বিরসা মুন্ডা (১৮৭৫-১৯০০) এমনকি ঐতিহাসিক নকশালবাড়ি বিদ্রোহের নায়ক, জঙ্গল সাঁওতালকে (১৯২৫-১৯৮৮) তার উদাহরণ ভাবা যেতে পারে।

ভারতের স্বাধীনতা সংগ্রাম বা ব্রিটিশবিরোধী জনজাতীয় কৃষক বিদ্রোহগুলোর ইতিহাসে এর চাইতেও আগুয়ান এক কম চর্চিত কিংবদন্তী চরিত্র আছে। তিনি আদি সাঁওতাল বিদ্রোহের মহানায়ক, তৎকালীন বিহারের ভাগলপুর-সুলতানগঞ্জের তিলকপুর বনাঞ্চলের সাঁওতাল গোষ্ঠীপতি, বাবা তিলকা মাঝি (১৭৫০-১৭৮৫)। আজ থেকে ২৭৫ বছর আগে বিহারের ভাগলপুরে তাঁর জন্ম হয়েছিল। বলা হয়, আগুনের মতো রক্তচক্ষু ছিল বলেই তাঁকে তিলকা নামে ডাকা হত! তিনি জাবরা পাহাড়িয়া নামেও পরিচিত ছিলেন। তিলকা মাঝির নেতৃত্বেই সিধো-কানহোর আধুনিক সাঁওতাল বিদ্রোহের ৭১ বছর আগে, ১৭৮৪ খ্রিস্টাব্দে ভাগলপুর-সুলতানগঞ্জে ভারতের প্রথম সশস্ত্র কৃষক অভ্যুত্থান বা আদি সাঁওতাল বিদ্রোহ ঘটেছিল।



*শিল্পীর চোখে আদি সাঁওতাল বিদ্রোহ। (ইনসেটে) তিলকা মাঝি। ছবি ইন্টারনেট সূত্রে প্রাপ্ত।*

সিধো-কানহো বা বিরসা মুন্ডা যদি মহাকাব্যময় ভারতীয় জনজাতি বিদ্রোহের রাম-লক্ষ্মণ বা অর্জুন হন, তাহলে বিপ্লবী তিলকা মাঝিকে আমাদের ভারতীয় জনজাতি বিদ্রোহের বাল্মীকি বলতেই হবে। বাল্মীকি-- কারণ তাঁর পদাঙ্ক ধরেই অষ্টাদশ থেকে বিংশ শতাব্দীর বৃটিশ ভারতে ১৫০ বছর ধরে সংগঠিত হয়েছিল কম করে ২৫টি জনজাতীয় বিদ্রোহ। যদিও এসব বিদ্রোহের সবক'টির পর্যাপ্ত লিখিত ইতিহাস নেই। ১৮৫৫-'৫৬-র সাঁওতাল বিদ্রোহ এবং বিরসা মুন্ডার নেতৃত্বে মুন্ডা বিদ্রোহ বা 'উলগুলান' (১৮৯৯-১৯০০) এগুলোর অন্যতম। কিন্তু আমাদের মনে রাখতে হবে, তিলকা মাঝির নেতৃত্বে সংগঠিত আদি সাঁওতাল বিদ্রোহই ছিল পরবর্তীকালে সংগঠিত ভারতের সকল ব্রিটিশবিরোধী গণসংগ্রামের সুতিকাগার। তিলকা মাঝিই প্রথম ভারতীয় যিনি সশস্ত্র ব্রিটিশদের বিরুদ্ধে তির-ধনুকের গেরিলা যুদ্ধের সূচনা করেছিলেন। শুধু ভারতবর্ষের নয়, গোটা পৃথিবীর তখনকার পরিস্থিতির পরিপ্রেক্ষিতে তিলকা মাঝির এই হাড়হিম করা ব্রিটিশবিরোধী বিদ্রোহ ইতিহাসবিদদের কাছে আজও একটি বিস্ময় উদ্রেককারী ঘটনা। আরও মনে রাখতে হবে আজ থেকে প্রায় ২৫০ বছরেরও বেশি আগে ইংরেজদের অত্যাচার ও শোষণের বিরুদ্ধে তিলকা মাঝি যখন বিদ্রোহ করছেন, তখন মঙ্গল পান্ডে, ক্ষুদিরাম তো দূরের কথা, জার্মানির হিটলার, চিনের মাও সে তুং, ভারতের রবীন্দ্রনাথ ঠাকুর, রামকৃষ্ণ পরমহংসদেব, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর-- এঁরা কেউই পৃথিবীতে আসেননি। তখনও এমনকি ইউরোপে ফরাসি বিপ্লবেরও সূচনা হয়নি। ভারতীয় উপমহাদেশে, এমনকি গোটা দক্ষিণ-পূর্ব এশিয়ায় আধুনিক সভ্যতার আলো ফোটার আগেই অরণ্য-শ্বাপদময় বিহারে, সামাজিক বিপ্লব নয়, রীতিমতো রাজনৈতিক বিপ্লবের আগুন জ্বালিয়েছিলেন ৩৪ বছরের সাঁওতাল তরুণ তিলকা মাঝি! সিধো, কানহো বা বিরসা মুন্ডার তখন জন্মই হয়নি। অরণ্যবেষ্টিত পল্লিতে পল্লিতে শালপাতার 'সারজম গিরা' পাঠিয়ে তিলকা, ইংরেজদের বিরুদ্ধে সহজ-সরল কুসংস্কারাচ্ছন্ন আদিবাসীদের সংগঠিত করতেন। বলাবাহুল্য মধ্যযুগীয় ভারতে তখন মোগল আমলের শেষ পর্ব। ইস্ট ইন্ডিয়া কোম্পানি তখন সদ্য সদ্য মোগলদের কাছ থেকে বাংলা-বিহার-ওড়িশার দেওয়ানি পেয়েছে। ওয়ারেন হেস্টিংস তখন সবে বাংলার বড়লাট হয়েছে। তার লক্ষ্য তখন যেনতেনপ্রকারেণ কোম্পানির তহবিল বাড়াও, ভারতীয়দের শোষণ করো!

ভারতীয় মহাফেজখানাগুলোতে রবার্ট ক্লাইভ, কর্নওয়ালিস বা ওয়ারেন হেস্টিংসের আলোকচিত্র থাকলেও ব্রিটিশবিরোধী প্রথম ভারতীয় বিপ্লবী, প্রথম অ্যান্টি-ব্রিটিশ গেরিলা যোদ্ধা, দেশের প্রথম ফাঁসি শহিদ, তিলকা মাঝির ফোটো নেই। আমাদের কাছে যা আছে, তিলকা মাঝি থেকে শুরু করে সিধো-কানহো বা বিরসা মুন্ডা- প্রায় সবগুলোই আঁকা ছবি। তিলকা প্রসঙ্গে যৎসামান্য যা কিছু কথা আছে সেগুলোর অধিকাংশই আবেগতাড়িত আদিবাসী বুদ্ধিজীবী বা কিছু বিহারভিত্তিক মিডিয়ার লোকজনদের লেখা!

মনে রাখতে হবে, ৩০ জুন যে 'হুল দিবস' বা, 'সাঁওতাল বিদ্রোহ দিবস' পালিত হয় সেই অভ্যুত্থান ঘটেছিল ১৮৫৫ খ্রিস্টাব্দে তৎকালীন বিহারের ভাগনাডিহির মাঠে। জায়গাটি আজকের ঝাড়খণ্ডের রাজমহল পাহাড়ে। ১৮৫৫-র ৩০ জুন ১০ হাজার সাঁওতাল ও অন্যান্য সম্প্রদায়ের মানুষকে নিয়ে সিধো-কানহো-চাঁদ-ভৈরব ও তাঁদের দুই বোন এক ঐতিহাসিক ব্রিটিশবিরোধী বিদ্রোহ, 'হুল মাহা' বা 'সাঁওতাল হুল' (সাঁওতালি ভাষায় বিদ্রোহকে হুল বলে) সংগঠিত করেছিল। এই বিদ্রোহই ঐতিহাসিক 'সাঁওতাল বিদ্রোহ' নামে পরিচিত এবং ২০২৫-এ এসে এই অভ্যুত্থান ১৭১ বছরে পড়ল। শুধু এই অভ্যুত্থানই নয় তিলকা মাঝির আদি সাঁওতাল বিদ্রোহের (এই বিদ্রোহকে কেউ কেউ পাহাড়িয়া বিদ্রোহও বলেছে) প্রেরণায় ভারতে কোল বিদ্রোহ, পাইক বিদ্রোহ, উলগুলান বা মুন্ডা বিদ্রোহ, ভিল বিদ্রোহ, ভুমিজ বিদ্রোহ বা গঙ্গানারায়ণী হাঙ্গামা-র মতো বহু জনজাতি বিদ্রোহ হয়েছে।

তিলকা মাঝির নেতৃত্বে আদি সাঁওতাল বিদ্রোহে সাঁওতাল ও পাহাড়িয়া আদিবাসীরা ভাগলপুরের ব্রিটিশ ট্রেজারি লুট করে অনাহারক্লিষ্ট ও দুর্ভিক্ষপীড়িত মানুষের মধ্যে সেখানকার ধনভাণ্ডার বিতরণ করেছিলেন। ১৭৭৮ খ্রিস্টাব্দে তাঁরা তৎকালীন বিহারের রামগড়ের পঞ্জাব রেজিমেন্টের হেডকোয়ার্টার আক্রমণ করে ব্রিটিশ সেনাদের সেখান থেকে পালিয়ে যেতে বাধ্য করেছিলেন। আর এই বিদ্রোহের সবচাইতে গুরুত্বপূর্ণ ঘটনা হল, ১৭৮৪ খ্রিস্টাব্দের এক প্রকাশ্য দিবালোকে তিলকা মাঝি নিজে তাঁর বিষ মাখানো তির দিয়ে ভাগলপুর ও সন্নিহিত এলাকার ব্রিটিশ কালেক্টর ও জজসাহেব, বড়লাট ওয়ারেন হেস্টিংসের স্নেহভাজন, ৩০ বছরের আগুয়ান স্কটিশ তরুণ, লেফটেন্যান্ট অগাস্টাস ক্লিভল্যান্ড সাহেবকে হত্যা করেছিলেন। ঘোড়ায় চড়ে বনের মধ্য দিয়ে যাবার পথে উঁচু পাহাড়ের গোপন ডেরা থেকে তিলকা তাঁকে তির মেরেছিলেন। পরে জাহাজে করে লন্ডন যাত্রাপথে আক্রান্ত ক্লিভল্যান্ডের মৃত্যু হয়। লজ্জায় ও অপমানে ব্রিটিশরা কলকাতার সাউথ পার্কস্ট্রিটে ক্লিভল্যান্ডের সমাধিফলকে এই করুণ অপমৃত্যুর সঠিক কারণ লেখেননি। বহু চেষ্টার পরে ক্লিভল্যান্ড সাহেবকে বাঁচানো না গেলেও তিলকা মাঝিকে ব্রিটিশ সেনারা তাঁর জঙ্গলের গোপন ডেরা থেকে গ্রেপ্তার করে। বলা হয়, চারটি ঘোড়ার সঙ্গে বেঁধে ভাগলপুরের রাস্তা দিয়ে কয়েক মাইল ছ্যাঁচড়াতে ছ্যাঁচড়াতে নিয়ে গেলে তিলকার দেহ ক্ষতবিক্ষত হলেও তিনি বেঁচে ছিলেন। এমতাবস্থায় ১৭৮৫-র ১৩ জানুয়ারি ভাগলপুরের কালেক্টরের বাংলোর সামনের একটি বটগাছে তাঁকে ফাঁসিতে ঝুলিয়ে মারা হয়। এই ফাঁসিস্থলে এখন তিলকার মূর্তি আছে। তিলকা মাঝির ফাঁসিই ছিল ব্রিটিশ ভারতের প্রথম কোনও স্বাধীনতা সংগ্রামীর ঘোষিত ফাঁসি। এর সঙ্গেই ৩৫ বছরের বীর তিলকা মাঝির জীবনের যবনিকা নামে। তিলকা মাঝির স্মৃতিতে ভাগলপুর বিশ্ববিদ্যালয়ের নতুন নামকরণ হয়, তিলকা মাঝি ভাগলপুর ইউনিভার্সিটি। ভাগলপুর-সুলতানপুরে তিলকার সম্মানে এখন অনেক স্মৃতিচিহ্ন! কিন্তু ভারতের স্বাধীনতা সংগ্রামের লিখিত ইতিহাসে তিলকা মাঝি আজও কম উচ্চারিত, প্রায় ব্রাত্যই!

*(লেখক লোকগবেষক ও সাহিত্যিক। শিলিগুড়ির বাসিন্দা)*

## আজ

**১৮৮২**



পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের জন্ম আজকের দিনে।

**১৯৬৮**



ওস্তাদ রাশিদ খানের জন্ম আজকের দিনে।

## আলোচিত



বর্তমান রাজনৈতিক পরিস্থিতি দেশের গণতন্ত্র ও সামাজিক পরিকাঠামোর জন্য অত্যন্ত ক্ষতিকর। রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীরা কখনও শত্রু নয়। শত্রু সীমান্তের ওপারে থাকতে পারে। দেশের ভিতরে থাকা উচিত নয়। সাংবিধানিক পদে থাকা ব্যক্তিরা প্রায়ই সমালোচনার শিকার হন।


**- জগদীপ ধনকর**

## ভাইরাল/১



শিম্পাজিটিকে রক্ষা করেছিলেন এক ব্যক্তি। বহুদিন বাদে তাদের দেখা হল। কিছু ফল নিয়ে এসেছিলেন বন্ধুর জন্য। আনন্দে শিম্পাজি তাঁকে জড়িয়ে ধরে। তারপর বন্ধুর আনা ফলগুলি নিয়ে আবার বনের মধ্যে মিলিয়ে যায়।

## ভাইরাল/২




সার্কাস দেখতে ভিড় জমেছে। লোহার ব্যারিকেডের ভিতরে রিংমাস্টাররা কয়েকটি সিংহ নিয়ে খেলা শুরু করেন। একটি সিংহ হঠাৎ রেগে গিয়ে রিংমাস্টারকে আক্রমণ করে। পাশের রিংমাস্টাররা তাঁকে বাঁচানোর চেষ্টা করেন। কোনওক্রমে রক্ষা পান তিনি।

জনমন
জনমত

## ট্রেন্ডের নাম হলুদ-জল

নেট দুনিয়ার জগতে পা রাখলেই সর্বত্র চোখে পড়ছে হলুদ-জলের বিভিন্ন ভিডিও। মোবাইলের ফ্ল্যাশলাইট অন করে সেটা উলটে রেখে অন্ধকার ঘরে একটা কাচের গ্লাস, বোতল বা যে কোনও পাত্রে জল ভরে তাতে এক চামচ হলুদ গুঁড়ো ফেললেই ম্যাজিক। উজ্জ্বল আভার বিচ্ছুরণ। আবালবৃদ্ধবনিতা সবাই এতে বেশ আনন্দিত। আর সেটাকে কেন্দ্র করে কত না রিলস, ভিডিও বানানো হচ্ছে। এই হলুদ-জলের ধামাকায় কেউই কিন্তু পিছিয়ে নেই।



কোনওকিছুর ট্রেন্ড তখনই হয় যখন তার প্রাচুর্যতা থাকে বেশি। যা ক্ষতিকারক নয় এবং যা সহজেই করা সম্ভব হয়। কিন্তু কী এই হলুদ-জল? কী এর রহস্য? আসলে এখনকার ব্যস্ততম জীবনে আমরা প্রায় সবাই কমবেশি একটু আনন্দ খুঁজি। কিছুদিন আগে ট্রেন্ড ছিল, একটা বোতলের মুখ ছিদ্র করে তাতে জল ভর্তি করে চারদিকে জল ছিটিয়ে ছবি তোলা বা রিলস বানানো। এরপর এল ঘিবলি আর্ট। লকডাউনে ছিল ডালগোনা কফি। এখন হলুদ-জলের পাশাপাশি বেশ চলছে বকুলতলায় মেলার গান।

এই হলুদ-জলের ভিডিও প্রায় সবাইকে বেশ আকৃষ্ট করেছে, বিশেষত শিশুদের। তবে এর বৈজ্ঞানিক ব্যাখ্যাও রয়েছে। কিন্তু অত বৈজ্ঞানিক ব্যাখ্যার পেছনে না ছুটে ট্রেন্ডে গা ভাসিয়ে নিজে ভালো থাকলে এবং অন্যকে ভালো রাখলে ক্ষতি কী?

**পারমিতা ব্যানার্জি চক্রবর্তী**
**হাকিমপাড়া, শিলিগুড়ি।**

## সমগ্র শিক্ষা মিশনকে সাধুবাদ

সম্প্রতি মানেকা গান্ধি ম্যাডামের পরামর্শ মোতাবেক এ রাজ্যের সমগ্র শিক্ষা মিশন বিভিন্ন স্কুল চত্বরের আশপাশের পথকুকুরদের নিয়মিত মিড-ডে মিলের উদ্বৃত্ত খাবার দিতে সব জেলার শিক্ষা আধিকারিকদের কাছে নির্দেশ পাঠিয়েছে। সেইসঙ্গে পথকুকুরদের টিকাকরণের ব্যবস্থা করতেও নির্দেশ দিয়েছে।

মিড-ডে মিলের সেলফ হেল্প গ্রুপের মাধ্যমে এই কর্মসূচি পরিচালিত হবে। এই কর্মসূচির মাধ্যমে মানুষ এবং পথকুকুরদের মধ্যে সংঘাত কমবে। তাছাড়া এই কর্মসূচির মাধ্যমে প্রাণীদের প্রতি কিশোরদের মনে যেমন সহানুভূতি বাড়বে, তেমনই মানুষের প্রতি ভালোবাসাও বাড়বে, যা ভবিষ্যতে সুনাগরিক হয়ে উঠতে সাহায্য করবে।

এই কর্মসূচির মাধ্যমে সংবিধানের প্রতি আনুগত্য বাড়বে। কারণ সংবিধানের ৫১এ (জি) অনুচ্ছেদে বলা হয়েছে, প্রাণীদের প্রতি সহানুভূতিসম্পন্ন হওয়া সব নাগরিকের মৌলিক কর্তব্য। রাজ্যের সমগ্র শিক্ষা মিশনের এই নতুন সিদ্ধান্তকে সাধুবাদ জানাই।

**ভীমনারায়ণ মিত্র**
**দেবীনগর, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।**

# স্কুলে পশুদের মিড-ডে মিল ও কিছু প্রশ্ন

পঞ্চায়েত, পুরসভা উদ্বৃত্ত খাদ্য সংগ্রহ করে পথে বিড়াল, ছাগল, গোরুকে খাওয়ানোর দায়িত্ব নিক। এটা কি খুব বেশি চাওয়া?

**শর্মিষ্ঠা ঘোষ**



শ্রীমতি মানেকা গান্ধির ইচ্ছায় সম্প্রতি আমাদের রাজ্য সরকার একটি নির্দেশিকা জারি করেছে। যেখানে বলা হয়েছে সরকারি বিদ্যালয়গুলির মিড-ডে মিলের উদ্বৃত্ত খাদ্য খাওয়াতে হবে পথকুকুরদের এবং বিষয়টি দেখাশোনার দায়িত্ব একজনকে দিতে হবে। এটা যে খুবই ভালো উদ্যোগ তাতে কোনও সন্দেহ নেই৷ পথের কুকুর, বিড়াল, গোরু, ছাগল সকলের প্রতি আমাদের মনুষ্যজাতির কিছু দায়িত্ব রয়ে গিয়েছে। আমরা অবশ্যই আমাদের সন্তানদের ছোট থেকেই শিক্ষা দিয়ে এদের ভালোবাসতে এদের ওপর অত্যাচার না করতে এবং পারলে এদের সঙ্গে খাবার ভাগ করতে শেখাই৷ এবং আমরা ব্যক্তিগতভাবে, পাড়াগতভাবে এবং বহু মানুষ এনজিও স্থাপন করে এই ধরনের কাজগুলো করেন। এখন প্রশ্ন হল সরকারি নির্দেশিকা জারির অর্থ 'বাধ্যতামূলকভাবে' প্রতিটি স্কুলের মিড-ডে মিলের উদ্বৃত্ত খাবার পথকুকুরদের খাওয়াতে হবে। উদ্বৃত্ত অন্ন খাওয়ানোর নির্দেশিকা নিয়ে বলার কিছু নেই।



কিন্তু প্রশ্ন অন্য জায়গায়। পশ্চিমবঙ্গের অধিকাংশ স্কুলে সীমানা প্রাচীর বলতে কিছু নেই। একই সঙ্গে মিড-ডে মিল খাওয়ার মতো ঘর নেই বাচ্চাদের। বাচ্চারা রোদে জলে ধুলোবালির ওপর বসে, দাঁড়িয়ে মিড-ডে মিল নামক বস্তুটি খায়। সামান্য বরাদ্দে খাবারদাবারের গুণমান নিয়ে নাইবা বললাম। আবার এই সামান্য খাবারটি ও পশ্চিমবাংলার বহু বাচ্চার কাছে মহার্ঘ। সে যাই হোক এবার সীমানা প্রাচীর না থাকায় রান্না করা থেকে খাবার সময় পর্যন্ত তাদের বিরক্ত করবার জন্য কুকুর, ছাগল, গোরু অবাধে প্রবেশ করতে থাকে। অধিকাংশ ক্ষেত্রেই স্কুলগুলির কর্মীরা লাঠি হাতে এদের তাড়ানোর দায়িত্ব নেন। না, শারীরিকভাবে কোনও আঘাত করা উদ্দেশ্য মোটেই নয়। বরং শিশুগুলি শান্তিতে যাতে খেতে পারে তার ব্যবস্থা করা।

মানেকা গান্ধি একটু এগিয়ে ভেবেছেন। তিনি পশুপ্রেমী সবাই জানে। আমাদের চেয়ে নিশ্চয়ই তার পশুপ্রেমের গভীরতা অনেক বেশি। এবং ক্ষমতাও। সেজন্য তিনি আইন প্রণয়ন করার ক্ষমতা রাখেন। কাজেই তাঁর ইচ্ছা অনুসারে এই আইন। বদলে আমাদেরও কিছু আর্জি আছে। প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়ুয়াদের মিড-ডে মিলের আওতায় আনা হোক। পুরসভা ও পঞ্চায়েতগুলি এই উদ্বৃত্ত খাদ্য সংগ্রহ করে নিয়ে যাক। পথে বিড়াল, ছাগল, গোরু সকলকে খাওয়ানোর দায়িত্ব এই পুরসভা বা পঞ্চায়েতগুলি নিক। স্কুলগুলো সীমানা প্রাচীর দিয়ে ঘিরে দেওয়া হোক। নির্দিষ্ট সীমানার মধ্যে ছোটরা নিরাপদে স্কুল করুক। পথকুকুর, বিড়ালদের চিকিৎসার দায়িত্ব সরকার নিক। স্থানীয় প্রশাসনকে এসব দায়িত্ব দেওয়া হোক।

খুব বেশি চাইলাম? এখন তো স্কুলগুলিতে পড়াশোনা বাদে আর সবকিছুকেই খুব গুরুত্ব দেওয়া হয়। যে কারণে সরকারি স্কুলগুলির ছাত্রসংখ্যা কমতে কমতে তলানিতে। অনেক স্কুল উঠেই গিয়েছে। কর্মচারী নিয়োগের বালাই নেই। নিয়োগ দুর্নীতির ঠেলায় তার নাভিশ্বাস উঠেছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো ক্রমশ পুষ্ট হচ্ছে এবং ভবিষ্যতেও হবে। সরকারি স্কুলের সামগ্রিক পরিকাঠামো উন্নতির দিকে বরং সরকার মন দিক। স্কুলের শিক্ষকরা পড়ুয়াদের পশুপ্রেম শিক্ষা দিয়ে থাকেন। সেটা নিয়ে এত চিন্তিত হবার কিছু হয়নি। সবাই সবার কাজটা মন দিয়ে করলে বরং সমাজের সামগ্রিকভাবে মঙ্গল হবে।

*(লেখক পেশায় শিক্ষক। রায়গঞ্জের বাসিন্দা)*

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে। ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান। মেল—ubsedit@gmail.com**

সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

**Editor & Proprietor : Sabyasachi Talukdar**
**Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012/1980 and Postal Regn. No. WB/NBSR/D-03/2003-08. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in**

## শব্দরঙ্গ ■ ৪১৮০

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | ২ | ★ | ৩ | | ৪ |
| | ★ | ★ | | ★ | | ★ | |
| | ★ | ৫ | | | | | |
| ৬ | | | ★ | ★ | ★ | ★ | ★ |
| ★ | ★ | ★ | ★ | ★ | ৭ | | ৮ |
| ৯ | | ১০ | | ১১ | | ★ | |
| | ★ | | ★ | | ★ | ★ | |
| ১২ | | | ★ | ১৩ | | | |

**পাশাপাশি :** ১। তেজ, পরাক্রম, জাঁকজমক ৩। আয়ুর্বেদগ্রন্থ-রচয়িতা প্রাচীন ঋষিবিশেষ ৫। পাপীদের ত্রাণকর্তা ৬। তামা, পিতল ইত্যাদি ধাতুপাত্রের দাগ বা মালিন্য, অখ্যাতি, কেলেঙ্কারি ৭। পদাতিক সৈনিক, লাঠিয়াল, পেয়াদা ৯। অসংবদ্ধ ও অপ্রাসঙ্গিক কথাবার্তা, আবোলতাবল বলা ১২। ধার, প্রান্ত, কূল, তীর ১৩। তরবারি, অসি, খড়্গ।

**উপর-নীচ :** ১। দাঁড়কাক ২। বাদ্যকর হিন্দু জাতিবিশেষ ৩। উগ্র বা কঠোর তপস্যায় অভ্যস্ত ৪। সূর্য, গ্রীষ্মকাল ৫। কাদা, পাঁক ৭। সিকিভাগ, পোয়া অংশ, বর্তমানে অপ্রচলিত ভারতীয় মুদ্রাবিশেষ, সামান্য অংশ ৮। চাতকপাখি, গৌরবর্ণ তিতির পাখি, মুনিবিশেষ ৯। ধনুকধারী, ধনুর্ধর ১০। বন্ধু, বয়স্ব, সঙ্গী, ফাজিল লোক ১১। নলযুক্ত প্রাচীন আগ্নেয়াস্ত্রবিশেষ।

**সমাধান ■ ৪১৭৯**

**পাশাপাশি :** ১। পালকি ৪। পগার ৫। শিবা ৭। সপাটে ৮। তহকিক ৯। হাবাগোবা ১১। বরাক ১৩। ফিট ১৪। বঙ্কুর ১৫। ফিচেন।

**উপর-নীচ :** ১। পানস ২। কিপটে ৩। মরকত ৬। বার্ণিক ৯। হানাফি ১০। বাঘবন্দি ১১। বরফি ১২। কচাল।

## বিন্দুবিসর্গ





## আচ্ছন্ন সৌগত

অবস্থার অবনতি হয়েছে দমদমের সাংসদ সৌগত রায়ের। দক্ষিণ কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি ভর্তি রয়েছেন। গভীর আচ্ছন্নবোধ করছেন তিনি।



## ধর্ষণে সমন

ধর্ষণ, জোর করে গর্ভপাত করানোর অভিযোগে অভিযুক্ত পদ্মশ্রী প্রাপ্ত কার্তিক মহারাজকে থানায় হাজিরার নোটিশ দিল মুর্শিদাবাদের নবগ্রাম থানার পুলিশ।



## মেট্রো বিভ্রাট

সপ্তাহের প্রথম কাজের দিনেই সকাল থেকে দফায় দফায় মেট্রো বিভ্রাটে নাজেহাল হলেন হাজার হাজার যাত্রী। বৃষ্টির জেরে চাঁদনি চক ও সেন্ট্রাল স্টেশনের মাঝে লাইনে জল জমে। ফলে দীর্ঘক্ষণ বন্ধ থাকে ট্রেন চলাচল।



## শপথগ্রহণ

রাজ্যের তথ্য কমিশনার হিসেবে শপথ নিলেন সঞ্চিতা কুমার সান্যাল ও মৃগাঙ্ক মাহাতো। মৃগাঙ্ক প্রাক্তন তৃণমূল সাংসদ ও সঞ্চিতা রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারের স্ত্রী।

# রাজনৈতিক তর্জা ২ ফুলের

# ফাঁসি দাবি পদ্মের প্রতিনিধিদলের

অরূপ দত্ত

**কলকাতা, ৩০ জুন :** রাজ্য সরকারের বিরুদ্ধে দ্বিচারিতার অভিযোগ করল কসবা কাণ্ডে রাজ্যে আসা বিজেপির তথ্যানুসন্ধানকারী দল। সম্প্রতি কসবার ঘটনার তদন্তে ৪ সদস্যের কেন্দ্রীয় প্রতিনিধিদল গড়ে দিয়েছিলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। সোমবার সেই তদন্তে তথ্য সংগ্রহে এসে যেভাবে প্রতি পদে পদে তাঁদের বাধা পেতে হয়েছে রাজ্য পুলিশ প্রশাসনের কাছে, তার বিরুদ্ধে এদিন ক্ষোভ উগরে দেন বিজেপির কেন্দ্রীয় তথ্যানুসন্ধানকারী দলের সদস্যরা। তদন্তকারী দলের অন্যতম সদস্য প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মীনাক্ষী লেখি মুখ্যমন্ত্রীর উদ্দেশে বলেন, 'পহলগাম, হাথরাসের জন্য যদি আপনি দল পাঠাতে পারেন, তাহলে এরাজ্যের ঘটনায় বিজেপির কেন্দ্রীয় দল এলে এত বাধা কেন?'

কসবার ঘটনায় পরিস্থিতি সরেজমিনে দেখতে আসা জাতীয় মহিলা কমিশনকে বাধার মুখে পড়তে হয়। নাড্ডার গড়া কেন্দ্রীয় তথ্যানুসন্ধানকারী দলের সফর নিয়েও সংশয় তৈরি হয়েছিল। সেই কারণে এদিন প্রতিনিধিদলকে নিয়ে লালবাজারে যান সুকান্ত। সেখান থেকে বেরিয়ে প্রতিনিধিদলটি কসবা 'ল' কলেজে যায়। প্রতিনিধিদলের সেখানে আসার খবর পেয়ে এলাকায় ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়। প্রথম ঢুকতে বাধা দেওয়া হলেও পরে স্থানীয় পুলিশ কর্তারা লালবাজারের সঙ্গে কথা বলার পর সুকান্ত সহ প্রতিনিধিদলকে 'ল' কলেজের ভিতরে ঢুকতে অনুমতি দেয়।



*সাউথ ক্যালকাটা আইন কলেজে বিজেপির ফ্যাক্ট ফাইন্ডিং টিম।-রাজীব মণ্ডল*

> আমরা সব ধর্ষণেই ফাঁসি চাই। কিন্তু আমাদের চাওয়ার ওপর বিচার নির্ভর করে না। আরজি করে তথ্য ও প্রমাণ লোপাট করেছিল পুলিশ।
>
> **সুকান্ত মজুমদার**

ঘটনাস্থল পরিদর্শনের পর মীনাক্ষী বলেন, 'আরজি কর কাণ্ডে এই সরকারের বিরুদ্ধেই তথ্য লোপাটের অভিযোগ রয়েছে। আমরা কোনও তথ্য লোপাট করতে এখানে আসিনি। তা সত্ত্বেও প্রতি পদে আমাদের বাধা দেওয়া হচ্ছে।' লেখির দাবি, 'পুলিশ কমিশনার বলেছেন কসবার ঘটনায় তাঁরা জিরো টলারেন্স নীতি নিয়ে চলছেন। দোষীর আইনানুযায়ী সর্বোচ্চ শাস্তি পাবে। কিন্তু আমরা দোষীর ফাঁসি চাই।'

তৃণমূলের অভিযোগ, রাজ্যের ভাবমূর্তি নষ্ট করার জন্যই এরাজ্যে পাঠানো হয় কেন্দ্রীয় দল। অথচ বিজেপি শাসিত রাজ্যে ওই ধরনের প্রতিনিধিদল পাঠানো হয় না। অভিযোগের জবাবে ত্রিপুরার সাংসদ তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব বলেন, 'এখানে সরকার অপরাধকে প্রশ্রয় দেয়। অপরাধীকে আশ্রয় দেয়।'

# অনির্দিষ্টকালের জন্য বন্ধ কলেজ

রিমি শীল

**কলকাতা, ৩০ জুন :** কসবা গণধর্ষণ কাণ্ডে অনির্দিষ্টকালের জন্য সাউথ ক্যালকাটা ল কলেজ বন্ধ থাকবে বলে সিদ্ধান্ত নেওয়া হল। কলেজের ওয়েবসাইটে এই সংক্রান্ত নোটিশ দিয়ে জানিয়ে দেওয়া হয়েছে, পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত আপাতত গভর্নিং বডির সিদ্ধান্তে সমস্ত বিএ.এলএলবি ও এলএল.এম ক্লাস বন্ধ থাকবে। কলেজ চত্বরে প্রবেশ করতে পারবেন না কোনও পড়ুয়া। সোমবারই মনোজিৎ মিশ্র ও তাঁর দুই শাগরেদকে বহিষ্কার করার সুপারিশ করেছে ডিপিআই।

উচ্চশিক্ষা দপ্তর সূত্রে খবর, কলেজে মেল করে জানানো হয়েছে, অবিলম্বে জিবি বৈঠক ডেকে এই সুপারিশ কার্যকর করতে হবে। এদিনই ধৃত বাকি দু'জন ইতিমধ্যেই স্বীকার করেছেন, ওই দিন মনোজিতের নির্দেশেই তাঁরা এই কাজ করেছিলেন। ঘটনার দিন বিকেলের পর থেকে কারা কারা কলেজে ছিলেন, তাঁদের তালিকা তৈরি করেছে পুলিশ। বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদও করা হয়েছে। ঘটনার জল গড়িয়েছে আদালত পর্যন্ত। সুপ্রিম কোর্টে এক আইনজীবীর আবেদনের ভিত্তিতে স্বতঃপ্রণোদিত মামলা দায়ের হয়েছে। হাইকোর্টে বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছেন আইনজীবীরা। তিনটি জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি দিয়েছে আদালত।

কলেজ কর্তৃপক্ষের নোটিশে দিয়ে জানিয়েছেন, পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত আপাতত বন্ধ থাকবে কলেজ। ফলে চিন্তায় পড়েছেন পড়ুয়ারা। পাশাপাশি নিরাপত্তার দাবিতে এদিন কলেজে আসে একদল পড়ুয়া। তাঁরা ভাইস প্রিন্সিপালের সঙ্গে যোগাযোগ করলেও কোনও জবাব আসেনি। নির্যাতিতার দুবার মেডিকেল লিগ্যাল টেস্টে গুরুত্বপূর্ণ প্রমাণ উঠে এসেছে। দ্বিতীয় পরীক্ষায় ঘাড়ে আঁচড়ের দাগ, যৌনাঙ্গে আঘাতের প্রমাণ, রক্তপাতের প্রমাণ মিলেছে বলে উল্লেখ করা হয়েছে রিপোর্টে।

তদন্তকারীরা জানতে পেরেছেন যে, ওই দিন রাতে ঘটনার কথা যাতে বাইরে ছড়িয়ে না যায় সেই কারণে কেড়ে নেওয়া হয়েছিল নিরাপত্তারক্ষীর মোবাইল ফোন। ঘটনার দিন বিকেলে ৪টের পর কারা কারা কলেজে ছিলেন, আর কেউ সাক্ষী কি না তা জানতে ১৭ থেকে ২০ জনের তালিকা তৈরি করেছে পুলিশ। তাঁদের মধ্যে বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তদন্তকারীরা জানতে পেরেছেন, ঘটনার পর থেকে নির্যাতিতা ও তাঁর পরিবার থানায় অভিযোগ জানাতে যাচ্ছে কি না তা নজর রাখছিল মনোজিৎ ও তাঁর দুই শাগরেদ।

**মনোজিৎকে বরখাস্তের সুপারিশ**

# দাপুটে নেতা পক্ষে থাকায় বেলাগাম

## মনোজিতের বিরুদ্ধে পদক্ষেপে দ্বিধা

দীপ্তিমান মুখোপাধ্যায়

**কলকাতা, ৩০ জুন :** সাউথ ক্যালকাটা আইন কলেজে গণধর্ষণে মূল অভিযুক্ত মনোজিৎ মিশ্র ওরফে ম্যাঙ্গোর মাথায় হাত ছিল দক্ষিণ কলকাতার এক দাপুটে তৃণমূল নেতার। ওই তৃণমূল নেতার পুজোতেও দাপট দেখিয়েছিলেন মনোজিৎ। এর আগেও তিনবার মহিলাদের শ্লীলতাহানির ঘটনায় তাঁর বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হয়েছিল। কিন্তু দক্ষিণ কলকাতার ওই নেতার এক ফোনেই পুলিশ কোনও পদক্ষেপ করেনি। দক্ষিণ কলকাতার ওই নেতাকে নিয়ে দলের অভ্যন্তরেই চরম ক্ষোভ রয়েছে। এর আগে কসবা এলাকায় স্থানীয় কাউন্সিলার সুশান্ত ঘোষকে লক্ষ করে গুলি করার ঘটনায় অভিযুক্তকে মদত দেওয়ার অভিযোগ রয়েছে ওই নেতার বিরুদ্ধে। ওই কাউন্সিলার এই নিয়ে প্রকাশ্যেই অভিযোগ জানিয়েছিলেন।

দক্ষিণ কলকাতার বিভিন্ন কলেজে ভর্তির জন্য ছাত্রছাত্রীদের কাছ থেকে মোটা টাকা 'তোলা' তুলতেন অভিযুক্ত মনোজিৎ। সেই টাকার ভাগ পৌঁছোত দক্ষিণ কলকাতার ওই নেতার কাছে। আর তাই ওই নেতার অত্যন্ত প্রিয়পাত্র ছিলেন মনোজিৎ। ওই নেতার পুজোয় রীতিমতো দাপিয়ে বেড়াতেন তিনি। রাত একটু গড়ালেই চলত ফুর্তির আসর। শুধু মদ নয়, আরও অনেক মনোরঞ্জনের ব্যবস্থাও থাকত। ওই নেতার সঙ্গে মনোজিতের ছবি ভাইরালও হয়েছে। বিষয়টি প্রকাশ্যে আসার পরই চরম অস্বস্তিতে তৃণমূল নেতৃত্ব। মদন মিত্র, কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের মতো নেতারা প্রকাশ্যে আলটপকা মন্তব্য করায় অত্যন্ত ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও।

তৃণমূল সূত্রে খবর, ওই নেতার সঙ্গে এলাকার প্রোমোটার, তোলাবাজ ছাত্রনেতা, অনৈতিক ব্যবসায়ীদের ঘনিষ্ঠ যোগাযোগের খবর আইন কলেজের গণধর্ষণের পরই কানে এসেছে দলের শীর্ষনেতাদের কাছে। ইতিমধ্যেই এই নিয়ে দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীর সঙ্গে কথা বলেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। দ্রুত এই নেতাকে 'সেন্সর' করতে নির্দেশ দিয়েছেন অভিষেক।



*বিজেপি সমর্থকের সঙ্গে 'রিক্লেইম দ্য নাইট' সমর্থকের বাকযুদ্ধ। ছবি-আবির চৌধুরী।*

## প্রতিবাদেও হুলস্থূল

**কলকাতা, ৩০ জুন :** কসবা কাণ্ডের পর থেকেই বিরোধী ও সাধারণ নাগরিকদের মিছিলে কলকাতার রাজপথ উত্তপ্ত হচ্ছে। সোমবারও পথে নামে একাধিক সংগঠন। সোমবার কসবা থানা থেকে ল কলেজ পর্যন্ত প্ল্যাকার্ড হাতে নিয়ে মিছিল করেন ১০ থেকে ১২টি কলেজের ছাত্রছাত্রী ও প্রাক্তনীরা। তাঁদের দাবি, যাঁরা ভবিষ্যতে মানুষের হয়ে লড়বেন তাঁদের নিরাপত্তা কোথায়। কলেজের সামনে এদিন বিক্ষোভ দেখায় বিজেপির যুব সংগঠনের কর্মী-সমর্থক ও রাতদখলকারী নাগরিক মঞ্চ। এই নিয়ে দুপক্ষের ধস্তাধস্তির পরিস্থিতি তৈরি হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বেলেঘাটার মুচি বাজার থেকে মশাল মিছিল করে উত্তর কলকাতা জেলা বিজেপি। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির তরফে কলেজস্ট্রিটে বিদ্যাসাগর মূর্তির বিপরীতে প্রতিবাদ বিক্ষোভ করা হয়।

# অভিষেকের ফোন কল্যাণ, মহুয়াকে

**কলকাতা, ৩০ জুন :** কসবা কাণ্ড নিয়ে প্রকাশ্যে মন্তব্য করে দলের ভর্ৎসনার শিকার হয়েছেন শ্রীরামপুরের তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তারপরই কল্যাণকে প্রকাশ্যে কটাক্ষ করেছেন কৃষ্ণনগরের তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র। সোমবারই বিরক্ত তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দুই সাংসদকেই ফোন করে সতর্ক করে দিয়েছেন। আগামীদিনে তাঁরা প্রকাশ্যে এই জাতীয় বিতণ্ডায় জড়ালে দল যে কঠোর পদক্ষেপ করবে, সেই হুঁশিয়ারিও দেওয়া হয়েছে। দলের শৃঙ্খলার কথা মনে করিয়ে দিয়ে ওই দুই সাংসদকে অভিষেক বলেছেন, 'দলের শৃঙ্খলা সবার ওপরে। কারও ব্যক্তিগত মন্তব্যের জন্য দলের ভাবমূর্তি ক্ষুণ্ণ হলে দল তা বরদাস্ত করবে না।' যদিও এই নিয়ে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় কোনও মন্তব্য করতে চাননি। তিনি শুধু বলেন, 'ইটস এ



ক্লোজড চ্যাপ্টার।' সাংসদ মহুয়া মৈত্র ফোন তোলেননি।

তৃণমূল সূত্রের খবর, কসবা কাণ্ডে অত্যন্ত অস্বস্তিতে শাসকদল। বিষয়টি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও ভালো চোখে দেখছেন না। বরং এই ইস্যুতে দলের কে কে যুক্ত রয়েছেন, তা খতিয়ে দেখতে পুলিশকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। ইতিমধ্যেই দক্ষিণ কলকাতার এক নেতার হাত অভিযুক্ত মনোজিতের মাথায় রয়েছে বলে তৃণমূলের শীর্ষ নেতৃত্বকে রিপোর্ট দিয়েছে পুলিশ। তৃণমূল সিদ্ধান্ত নিয়েছে, কসবা কাণ্ডকে মোকাবিলা করতে বিজেপি নেতাদের বিরুদ্ধে ওঠা অভিযোগকে পালটা হাতিয়ার করা হবে। কার্তিক মহারাজের বিরুদ্ধে এক মহিলাকে শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। সোমবার সকাল থেকেই কেন কার্তিক মহারাজের বিরুদ্ধে পদক্ষেপ হবে না, তা নিয়ে পালটা প্রচারও শুরু করেছে তৃণমূল। তবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই ঘটনায় যে অত্যন্ত ক্ষুব্ধ, তা দক্ষিণ কলকাতা নেতৃত্বকে জানিয়ে দিয়েছেন তাঁরা।

# আদিবাসী বিদ্রোহের ডাক শুভেন্দুর মুখে

## 'নেতা হয়ে আসিনি, আমি কুটুম্ব'

**কলকাতা, ৩০ জুন :** হুল দিবসে জঙ্গলমহলে গিয়ে সরকারের বিরুদ্ধে বিদ্রোহের ডাক দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। জঙ্গলমহলে আদিবাসীদের অধিকার আদায়ের প্রশ্ন উসকে দিয়ে সোমবার শুভেন্দু বলেন, 'অধিকার কেউ দেয় না, অধিকার আদায় করতে হয়। তার জন্য প্রয়োজনে নতুন করে বিদ্রোহ করতে হবে।' জল, জঙ্গলের অধিকারের প্রশ্নে আদিবাসীদের ক্ষোভ নতুন কিছু নয়। কিন্তু উত্তরোত্তর সেই ক্ষোভ বেড়েই চলেছে। তার বিরুদ্ধে প্রতিবাদ করতে গিয়ে পুলিশ প্রশাসনের হাতে নিগৃহীত হতে হচ্ছে আদিবাসীদের। এদিন প্রশাসনের সেই দমনপীড়নের বিরুদ্ধে আদিবাসীদের সরব হওয়ার ডাক দিয়ে পাশে থাকার আশ্বাস দিলেন শুভেন্দু।

সমবেত জনতার উদ্দেশে শুভেন্দু বলেন, যে অধিকার সংবিধান দিয়েছিল এই সরকার তা কেড়ে নিয়েছে। তিনি বলেন, সব ক্ষেত্রেই অস্থায়ী এবং চুক্তিভিত্তিক নিয়োগের ফলে শিক্ষা থেকে চাকরিতে আদিবাসীরা সংরক্ষণের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। পাহাড় থেকে জঙ্গল থেকে নদী বেওয়ারিশ চুরি হচ্ছে। পুলিশ ও বালি মাফিয়াদের দাপটে জল, জঙ্গল, জমিনের অধিকার হারাতে বসেছে আদিবাসীরা। এরই বিরুদ্ধে প্রতিবাদ করতে গিয়ে আদিবাসীদের গ্রেপ্তারের মুখে পড়তে হয়েছে লালগড়ে। অথচ রাজনৈতিক কারণে আদিবাসীদের উন্নয়নের বিরোধিতা করে চলেছে এই সরকার। আদিবাসীদের জন্য কেন্দ্রের টাকায় এই রাজ্যে ৯টি একলব্য স্কুল চালুর প্রস্তাব জমি না দিয়ে ফেলে রেখেছে এই সরকার। প্রতিবেশী ঝাড়খণ্ডে অবিজেপি সরকার থাকা সত্ত্বেও সেখানেও এই স্কুল হয়েছে। অথচ এরাজ্যে তার বিরোধিতা করা হচ্ছে। ওড়িশার প্রান্তিক আদিবাসী মহিলা দ্রৌপদী মুর্মুকে রাষ্ট্রপতি করেছেন নরেন্দ্র মোদি। ছত্তিশগড় ও ওড়িশার মুখ্যমন্ত্রী আদিবাসী সম্প্রদায়ের মানুষ। শুভেন্দুর দাবি, কেন্দ্রের বিজেপি সরকার আদিবাসীদের মর্যাদা দেয়, আর এই রাজ্য সরকার কুর্মির সঙ্গে আদিবাসী, আদিবাসীর সঙ্গে কুর্মিদের মধ্যে লড়িয়ে দিয়ে বিভাজনের রাজনীতি করে।

জঙ্গলমহলের মানুষের আস্থা অর্জন করতে এদিন শুভেন্দু বলেছেন, 'আমি বিজেপির নেতা হিসেবে এখানে আসিনি। এসেছি আপনাদের কুটুম্ব হয়ে।' তৃণমূলে থাকাকালীন পূর্ব মেদিনীপুরের পাশাপাশি জঙ্গলমহলেরও দায়িত্ব ছিল শুভেন্দুর। সেই সুবাদে জঙ্গলমহলের সঙ্গে তাঁর নাড়ির যোগ। এদিন সেকথাও মনে করিয়ে দিয়েছেন তিনি।



*হুল দিবসের অনুষ্ঠানে শুভেন্দু অধিকারী। সোমবার। ছবি-চিত্ত মাহাতো।*

# যোগ্যদের ডেপুটেশন

**কলকাতা, ৩০ জুন :** রাজ্য জুড়ে ডিআই অফিস অভিযান করলেন 'যোগ্য' শিক্ষকরা। কোচবিহার ও আলিপুরদুয়ার ছাড়া শিলিগুড়ি, মালদা ও দক্ষিণ দিনাজপুর সহ উত্তরের প্রতিটি জেলাতে জেলা পরিদর্শকের অফিসে গিয়ে ডেপুটেশন জমা দিয়েছেন সেখানের শিক্ষকরা। কলকাতা সহ দক্ষিণবঙ্গেও গণ ডেপুটেশন কর্মসূচি হয়েছে। 'যোগ্য' শিক্ষক-শিক্ষিকাদের সার্টিফায়েড তালিকা প্রকাশের পাশাপাশি চাকরিতে বহাল বেতন প্রাপক শিক্ষকদের সম্পূর্ণ তালিকা প্রকাশের দাবি জানানো হয়েছে জেলা পরিদর্শকদের কাছে। শিক্ষকদের ছুটি সংক্রান্ত সমস্যা সমাধানেরও অনুরোধ জানানো হয়েছে।

দক্ষিণ দিনাজপুরের শিক্ষক রাকেশ আলম জানিয়েছেন, 'ওবিসি জট না কাটিয়ে পুনর্নিয়োগ পরীক্ষার ফর্ম ফিলআপ স্থগিত রাখতে হবে। আমাদের জেলায় প্রচুর শিক্ষকদের অভিযোগ, ধার্য ছুটি দিচ্ছে না স্কুল কর্তৃপক্ষ। অবশ্য স্কুল কর্তৃপক্ষ জানিয়েছে, ডিআই অফিসের নির্দেশেই নাকি এমন পদক্ষেপ। জেলা পরিদর্শককে আমরা এ বিষয়ে প্রশ্ন করাতে তিনি এই অভিযোগ সম্পূর্ণভাবে নাকচ করেছেন। আবার পরীক্ষায় বসতে গেলে আমরা পাঁচঘণ্টা ধরে স্কুলে যাতায়াত করতে পারব না। প্রস্তুতি নিতে ছুটির প্রয়োজন। তাই এই বিষয়ক আর কোনও সমস্যা যাতে না হয়, সেই অনুরোধ আমরা ডিআইকে জানিয়েছি।' জলপাইগুড়ির কুকুরজান হাইস্কুলের শিক্ষিকা সেলিনা আখতারের বক্তব্য, 'আমরা 'যোগ্য'দের তালিকা প্রকাশ নিয়ে ডিআইকে জানিয়েছি। কিন্তু এটা সম্পূর্ণ বিকাশ ভবনের দায়িত্ব। ডিআই আমাদের প্রতিটি অনুরোধ শিক্ষাদপ্তরকে জানাবে বলে আশ্বাস দিয়েছে।'

# মুখ্যসচিবের মেয়াদ বৃদ্ধি

**কলকাতা, ৩০ জুন :** রাজ্যের মুখ্যসচিব পদে মনোজ পন্থের মেয়াদ আরও ৬ মাস বাড়াল কেন্দ্রীয় সরকার। সোমবারই তাঁর কর্মজীবনের শেষদিন ছিল। আগেই তাঁর ৬ মাসের মেয়াদ বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আর্জি জানিয়েছিল রাজ্য সরকার। অবশেষে এদিন বিকালেই তাঁর মেয়াদ ৬ মাস বৃদ্ধির অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকারের পার্সোনেল অ্যান্ড গ্রিভান্সেস অ্যান্ড পেনশনস মন্ত্রকের আন্ডার সেক্রেটারি ভূপিন্দর পাল সিং এই নিয়ে নবান্নকে চিঠি পাঠিয়েছেন। প্রশাসনিক স্থিতাবস্থা বজায় রাখতে মনোজ পন্থকে আরও ৬ মাস এক্সটেনশন দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছিল রাজ্য।



## ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন

### পরীক্ষা / নিয়োগ পরীক্ষা (আরটি) - ২০২৬-এর সময়সূচি

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিজ্ঞপ্তির তারিখ | আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ | পরীক্ষা শুরুর তারিখ | পরীক্ষার সময়কাল |
|---|---|---|---|---|---|
| ১. | ইউপিএসসি- আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ১০.০১.২০২৬ (শনিবার | ২ দিন |
| ২. | ইউপিএসসি- পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ১৭.০১.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ৩. | কম্বাইন্ড জিও সাইনটিস্ট (প্রাথমিক) পরীক্ষা ২০২৬ | ০৩.০৯.২০২৫ | ২৩.০৯.২০২৫ | ০৮.০২.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ৪. | ইঞ্জিনিয়ারিং সার্ভিস (প্রাথমিক) পরীক্ষা ২০২৬ | ১৭.০৯.২০২৫ | ০৭.১০.২০২৫ | ০৮.০২.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ৫. | সিবিআই (ডিএসপি) এলডিসিই | ২৪.১২.২০২৫ | ১৩.০১.২০২৬ | ২৮.০২.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ৬. | সিআইএসএফ - এসি (এএক্সই) এলডিসিই-২০২৬ | ০৩.১২.২০২৫ | ২৩.১২.২০২৫ | ০৮.০৩.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ৭. | এন.ডি.এ এবং এন.এ - পরীক্ষা (১), ২০২৬ | ১০.১২.২০২৫ | ৩০.১২.২০২৫ | ১২.০৪.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ৮. | সি.ডি.এস - পরীক্ষা (১) ২০২৬ | | | | |
| ৯. | সিভিল সার্ভিস (প্রাথমিক) পরীক্ষা ২০২৬ | ১৪.০১.২০২৬ | ০৩.০২.২০২৬ | ২৪.০৫.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ১০. | ভারতীয় বন পরিষেবা (প্রাথমিক) পরীক্ষা ২০২৬ সিএস(পি) ২০২৬ পরীক্ষার দ্বারা | | | | |
| ১১. | ইউপিএসসি আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ০৬.০৬.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ১২. | আই.ই.এস / আই.এস.এস পরীক্ষা, ২০২৬ | ১১.০২.২০২৬ | ০৩.০৩.২০২৬ | ১৯.০৬.২০২৬ (শুক্রবার) | ৩ দিন |
| ১৩. | কম্বাইন্ড জিও সাইনটিস্ট (মেইন) পরীক্ষা ২০২৬ | | | ২০.০৬.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ১৪. | ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (মেইন) পরীক্ষা ২০২৬ | | | ২১.০৬.২০২৩ (রবিবার) | ১ দিন |
| ১৫. | ইউপিএসসি আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ০৪.০৭.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ১৬. | কেন্দ্রীয় সশস্ত্র পুলিশবাহিনী (এসি) পরীক্ষা ২০২৬ | ১৮.০২.২০২৬ | ১০.০৩.২০২৬ | ১৯.০৭.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ১৭. | সম্মিলিত চিকিৎসা পরিষেবা ২০২৬ | ১১.০৩.২০২৬ | ৩১.০৩.২০২৬ | ০২.০৮.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ১৮. | ইউপিএসসি পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ০৮.০৮.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ১৯. | সিভিল সার্ভিস (মেইন) পরীক্ষা ২০২৬ | | | ২১.০৮.২০২৬ (শুক্রবার) | ৫ দিন |
| ২০. | এন.ডি.এ এবং এন.এ পরীক্ষা (২) ২০২৬ | ২০.০৫.২০২৬ | ০৯.০৬.২০২৬ | ১৩.০৯.২০২৬ (রবিবার) | ১ দিন |
| ২১. | সিডিএস পরীক্ষা (২), ২০২৬ | | | | |
| ২২. | ইউপিএসসি আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ২৬.০৯.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ২৩. | ইউপিএসসি আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ১০.১০.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ২৪. | ইউপিএসসি আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ৩১.১০.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ২৫. | ভারতীয় বন পরিষেবা (মেইন) পরীক্ষা ২০২৬ | | | ২২.১১.২০২৬ (রবিবার) | ৭ দিন |
| ২৬. | এস.ও / স্টেনো (জিডি-বি / জিবি - আই) এলডিসিই | ১৬.০৯.২০২৬ | ০৬.১০.২০২৬ | ১২.১২.২০২৬ (শনিবার) | ২ দিন |
| ২৭. | ইউপিএসসি আরটি / পরীক্ষা সংরক্ষিতদের জন্য | | | ১৯.১২.২০২৬ (শনিবার) | ২ দিন |

দ্রষ্টব্য :- বিজ্ঞপ্তির তারিখ, পরীক্ষাগুলির / আরটিগুলির সংঘটিত হওয়ার তারিখ এবং সময়কাল পরিস্থিতি অনুযায়ী পরিবর্তিত হতে পারে।

CBC-55101/14/0002/2526



ত্রাণ চেয়ে।। *প্যালেস্তাইনের একটি খাদ্য বিতরণ কেন্দ্রে ছোটদের ভিড়। -এএফপি*

# আজ থেকে বাড়ছে রেলভাড়া

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ৩০ জুন :** ভারতীয় রেল যাত্রী-পরিষেবায় ১ জুলাই, মঙ্গলবার থেকে একাধিক গুরুত্বপূর্ণ পরিবর্তন কার্যকর করতে চলেছে। এই পরিবর্তনগুলির মধ্যে রয়েছে ভাড়াবৃদ্ধি, টিকিট বুকিং নিয়মে সংশোধন, চার্ট তৈরির সময় পরিবর্তন এবং আধার-নির্ভর নিরাপত্তা ব্যবস্থা। রেলমন্ত্রকের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এই সিদ্ধান্তগুলি ঘোষণা করা হয়েছে।

রেলমন্ত্রকের তরফে জানানো হয়েছে, ২০২০ সালের পর এই প্রথম ভাড়াবৃদ্ধি করা হচ্ছে। নন-এসি মেল বা এক্সপ্রেস ট্রেনে প্রতি কিলোমিটারে ১ পয়সা এবং এসি ট্রেনে প্রতি কিলোমিটারে ২ পয়সা বাড়ানো হয়েছে। তবে উপনগরীয় ট্রেন, ৫০০ কিলোমিটারের কম দূরত্বের দ্বিতীয় শ্রেণির টিকিট এবং মাসিক পাসের ক্ষেত্রে কোনও ভাড়াবৃদ্ধি হচ্ছে না বলেই জানিয়েছে রেল।

তাছাড়া এসি কোচে অপেক্ষমাণ টিকিটের সংখ্যা বেড়ে মোট আসনের ৬০ শতাংশ পর্যন্ত করা হয়েছে। এতদিন এই সীমা ছিল ২৫ শতাংশ। যাত্রীদের অসুবিধা ও কোচ ফাঁকা পড়ে থাকার অভিযোগ আসার পরই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

## বুকিং, ওয়েটিং লিস্ট সহ গুচ্ছ পরিবর্তন

স্লিপার ও সেকেন্ড ক্লাস কোচের ক্ষেত্রে অপেক্ষমাণ টিকিটের সীমা নির্ধারিত হয়েছে মোট আসনের ৩০ শতাংশ। যাত্রীদের চাপ সামলে সর্বোচ্চ সংখ্যক যাত্রীর ভ্রমণ নিশ্চিত করতেই এই পদক্ষেপ বলে রেলমন্ত্রকের তরফে জানানো হয়েছে।

বদল হয়েছে ওয়েটিং লিস্টের ক্ষেত্রেও। আগে যেখানে ট্রেন ছাড়ার মাত্র ৪ ঘণ্টা আগে প্রথম সংরক্ষণ তালিকা (চার্ট) প্রকাশ হত, সেখানে এখন তা ট্রেন ছাড়ার ৮ ঘণ্টা আগে প্রকাশিত হবে। কিছু ট্রেনে পরীক্ষামূলকভাবে এই নিয়ম চালু ছিল, এবার তা সার্বিকভাবে বাস্তবায়িত হচ্ছে। ১ জুলাই থেকে যে কোনও তৎকাল টিকিট (অনলাইন বা কাউন্টার থেকে) কাটতে গেলে আধার সংযুক্ত ইউজার আইডি থাকা বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়াও ১৫ জুলাই থেকে বাড়তি নিরাপত্তার জন্য আধার-লিঙ্কড মোবাইলে পাঠানো ওটিপি ছাড়া বুকিং সম্পূর্ণ করা যাবে না।

একসঙ্গে বেশি বুকিং কমাতে এবং সাধারণ যাত্রীদের অগ্রাধিকার দিতে প্রতিদিন তৎকাল বুকিং শুরু হওয়ার প্রথম ৩০ মিনিটে কোনও এজেন্ট টিকিট কাটতে পারবেন না বলে ঘোষণা করেছে রেল।

### এক ছাতায় চিন-পাক-বাংলাদেশ!

# ভারতকে বাদ দিয়ে নয়া জোটের চর্চা

**নয়াদিল্লি, ৩০ জুন :** ভারতীয় উপমহাদেশে ভারতকেই একঘরে করার চেষ্টা করছে চিন। সম্প্রতি চিনের কুনমিংয়ে চিন, পাকিস্তান ও বাংলাদেশের বিদেশসচিবদের বৈঠকের পর সেই উদ্যোগে গতি এসেছে। বাংলাদেশের বিদেশ বিষয়ক উপদেষ্টা এম তৌহিদ হোসেন দক্ষিণ এশিয়ায় নতুন কোনও জোট গঠনের চেষ্টার বিষয়টি অস্বীকার করলেও পাকিস্তানের তরফে এ ব্যাপারে স্পষ্ট ইঙ্গিত মিলেছে। সেদেশের একটি প্রথম সারির সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে দাবি করা হয়েছে, 'আঞ্চলিক সংহতি' এবং 'যোগাযোগ'-এর স্বার্থে একটি নতুন জোট গঠন 'সময়ের প্রয়োজন' বলে মনে করছে পাকিস্তান ও চিন। সেই জোটে বাংলাদেশের পাশাপাশি দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশকে শামিল করা হবে। নতুন জোট যে সার্কের বিকল্প হয়ে উঠবে, সেই কথাও বলা হয়েছে প্রতিবেদনে।

পাক ও চিনা নেতৃত্বের আশা নেপাল, ভুটান, মালদ্বীপ, শ্রীলঙ্কা, আফগানিস্তান ও বাংলাদেশের সরকার অচিরে সার্কের বিকল্প জোটে যাওয়ার ব্যাপারে সবুজ সংকেত দেবে। প্রতিবেদনে বলা হয়েছে, ভারতকেও চিন, পাকিস্তান প্রভাবিত জোটে শামিল হওয়ার প্রস্তাব দেওয়া হবে। তবে দুই দেশের ধারণা, সেই ডাকে দিল্লির সাড়া দেওয়ার সম্ভাবনা কার্যত নেই। বাংলাদেশে পালাবদলের পর ভারতীয় উপমহাদেশে সার্ককে পাশ কাটিয়ে চিন, পাকিস্তানের নতুন জোট গঠনের উদ্যোগ তাৎপর্যপূর্ণ বলে মনে করছে কূটনৈতিক মহল।

২০১৪-তে কাঠমান্ডু সম্মেলনের পর থেকে কার্যত নিষ্ক্রিয় রয়েছে সার্ক। এই নিষ্ক্রিয়তার প্রধান কারণ ছিল আঞ্চলিক সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে পাকিস্তানের ধারাবাহিক বাধা দান। ২০১৪-তে সার্ক মোটর যান চুক্তিতে ভেটো দিয়েছিল পাকিস্তান। এর ফলে দক্ষিণ এশিয়ার এক দেশ থেকে অন্য দেশে অবাধে গাড়ি যাতায়াতে বাধা সৃষ্টি হয়েছিল। জট কাটাতে পরের বছর বিবিআইএন মোটর যানবাহন চুক্তিতে সই করে ভারত, বাংলাদেশ, ভুটান এবং নেপাল। এখন চিনকে পাশে নিয়ে সেই পাকিস্তানের নতুন জোট গঠনে সক্রিয়তা যে তাদের চিরাচরিত ভারত-বিরোধী বিদেশনীতির অঙ্গ, তা নিয়ে ধোঁয়াশা নেই। চিন-পাক জোটে শামিল হওয়া সংক্রান্ত এক প্রশ্নের জবাবে বাংলাদেশের বিদেশ সংক্রান্ত উপদেষ্টা তৌহিদ হোসেন বলেছেন, 'আমরা কোনও জোট গঠন করছি না। এটি সরকারি পর্যায়ের একটি বৈঠক ছিল, রাজনৈতিক স্তরের নয়।'



**জোর চেষ্টা**

- দক্ষিণ এশিয়ায় নতুন জোট গঠনের চেষ্টায় চিন-পাকিস্তান। শামিল হচ্ছে বাংলাদেশও
- চিনের কুনমিংয়ে তিন দেশের বিদেশসচিবদের বৈঠকে এমনটাই সিদ্ধান্ত হয়েছে বলে খবর
- সার্কের পরিবর্তে নতুন জোটের ভাবনা
- বাংলাদেশের বিদেশ বিষয়ক উপদেষ্টা এম তৌহিদ হোসেন বিষয়টি অস্বীকার করলেও পাকিস্তানের তরফে স্পষ্ট ইঙ্গিত মিলেছে

# অমরনাথ যাত্রায় কড়া নিরাপত্তা

**শ্রীনগর, ৩০ জুন :** অমরনাথ যাত্রা শুরু হচ্ছে বৃহস্পতিবার। জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলার অমরনাথ গুহায় তুষার-ধবল শিব দর্শন করে পুণ্য অর্জনের লক্ষ্যে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিপুল সংখ্যক তীর্থযাত্রী এইসময় অমরনাথে আসেন। ব্যতিক্রম হচ্ছে না এবারও। কয়েক মাস আগেই ঘটে গিয়েছে পহলগাম কাণ্ড। স্বভাবতই অমরনাথ যাত্রা উপলক্ষ্যে এবার আরও বেশি সতর্ক জম্মু ও কাশ্মীর পুলিশ এবং প্রশাসন। ৩৮ দিনের যাত্রা শেষ হবে ৯ অগাস্ট।

তীর্থযাত্রীরা রওনা হওয়ার আগে যাত্রাপথে তল্লাশি অভিযান জোরদার করল জম্মু ও কাশ্মীর পুলিশ। আধাসেনার সঙ্গে সমন্বয় করে জম্মু শহরজুড়ে তৈরি হয়েছে একাধিক চেক পয়েন্ট। পুলিশের এক মুখপাত্র জানিয়েছেন, তল্লাশি, নজরদারি ২৪ ঘণ্টা চলছে। সেইসঙ্গে চলছে ব্যক্তি যাচাই। এটা যৌথভাবে করছে পুলিশ, সিআইএসএফ, সিআরপিএফ ও আইটিবিপি। লক্ষ্য একটাই। তা হল তীর্থযাত্রীদের নিরাপদ যাত্রা নিশ্চিত করা।

নির্দিষ্ট দু'টি রুটের মধ্যে একটি ৪৮ কিলোমিটার দীর্ঘ পহলগামের রাস্তা, অন্যটি গান্ডেরবালের বালতাল রুট। দৈর্ঘ্যে ১৪ কিলোমিটার হলেও বালতালের রুট প্রচণ্ড খাড়া। দু'টি জেলার কৌশলগত জায়গাগুলিতে নিরাপত্তার বহর দেখার মতো। জাতীয় সড়ক, যাত্রাপথের প্রান্তিক এলাকা, ভগবতীনগর বেসক্যাম্প সহ সংবেদনশীল সমস্ত জায়গায় চেক পয়েন্ট চালু থাকছে ২৪ ঘণ্টা। এগুলি মনিটরিং করছেন পুলিশের শীর্ষস্থানীয় কর্তারা। জম্মুর এসএসপি যোগিন্দর সিং ও এসপিজির গ্রুপ কমান্ডাররা জম্মু-শ্রীনগর জাতীয় সড়ক ধরে সালুরা পর্যন্ত যাত্রাপথের নিরাপত্তা পর্যালোচনা খুঁটিয়ে পর্যালোচনা করেছেন।

# রাজস্থানের মরুভূমিতে মৃত্যু পাক দম্পতির

**জয়সলমের, ৩০ জুন :** পাকিস্তানি এক কিশোর দম্পতি ভারতে এসেছিল নতুন ও নিরাপদ জীবনের স্বপ্ন নিয়ে। তাদের কাছে বৈধ প্রবেশপত্র (ভিসা) ছিল না। কিন্তু শেষরক্ষা হল না।

রাজস্থানের জনমানবশূন্য শুকনো মরুভূমিতে পথ হারিয়ে শোচনীয় মৃত্যু হল রবি কুমার (১৭) ও তার স্ত্রী শান্তি বাই (১৫)-এর। রাজস্থানের থর মরুভূমির ভিভিয়ান এলাকায় তৃষ্ণায় ছাতি ফেটেই তাদের মৃত্যু হয়েছে বলে অনুমান পুলিশের। শনিবার উদ্ধার হয় দম্পতির নিথর দেহ। রবিবার এই তথ্য জানান জয়সলমেরের পুলিশ সুপার সুধীর চৌধুরী।

ঘটনাস্থলের একটি ছবি হৃদয়বিদারক বাস্তব তুলে ধরেছে। মৃত্যুর আগে দম্পতির অসহায়তা ও পিপাসার নীরব সাক্ষী হয়ে রয়েছে রবির মুখের ওপর রাখা খালি জ্যারিক্যান। অনুমান, ওই জ্যারিক্যানেই পাকিস্তান থেকে জল বয়ে এনেছিল রবিরা। কিন্তু মরুভূমিতে ঢুকে পড়ার পর আর খাবার জল পায়নি তারা।

চার মাস আগে সিন্ধ প্রদেশের ঘোটকি জেলার মিরপুর মাথেলো শহরে রবি ও শান্তির বিয়ে হয়। ভারতেই ভালোভাবে বসবাসের স্বপ্নে তারা ভিসার আবেদন করলেও ভারত-পাকিস্তান দ্বিপাক্ষিক সম্পর্কে টানাপোড়েনের জেরে সেই আবেদন গ্রাহ্য হয়নি। শেষমেশ পরিবারের নিষেধ অমান্য করে রবি সীমান্ত পেরোনোর সিদ্ধান্ত নেয়। সীমান্ত পেরিয়ে মরুভূমিতে দিকভ্রান্ত হয়ে



তীব্র জলকষ্টে মারা যায় দু'জনেই।

পুলিশ জানিয়েছে, মরদেহের কাছ থেকে পাকিস্তানি পরিচয়পত্র পাওয়া গিয়েছে। সেই নথি নিরাপত্তার খাতিরে গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখা হচ্ছে। তদন্তে নেমেছে একাধিক নিরাপত্তা সংস্থা।

হিন্দু পাকিস্তানি উদ্বাস্তু সমিতি ও সীমান্তবাসী সংগঠনের জেলা সমন্বয়ক দিলীপ সিং সোধা জানিয়েছেন, ভারত সরকার মৃতদেহ ফেরত পাঠালে তা গ্রহণ করতে প্রস্তুত জয়সলমেরের আত্মীয়রা। আর না পাঠালে এখানেই হিন্দু রীতি মেনে শেষকৃত্য সম্পন্ন করা হবে।

# বৃদ্ধাকে ধর্ষণ, অভিযুক্তের জামিন নাকচ

**শ্রীনগর, ৩০ জুন :** চলতি বছরের এপ্রিলে পহলগামের বৈসরণে পর্যটকরা জঙ্গিদের গুলিতে নিহত হয়েছিলেন। তার ঠিক ১১ দিন আগে ভূস্বর্গে পরিজনদের সঙ্গে বেড়াতে এসে ধর্ষিতা হন ৭০ বছরের এক মহিলা। অভিযুক্ত জুবের আহমেদের জামিনের আবেদন অনন্তনাগের আদালত খারিজ করে দিয়েছে।

বৃদ্ধাকে ধর্ষণের ঘটনায় দুঃখপ্রকাশ করে আদালত জানিয়েছে, এই ঘটনা সমাজের অসুস্থ মানসিকতা ও নৈতিক অবক্ষয়কে তুলে ধরেছে।

পুলিশ জানিয়েছে, বৃদ্ধা মহারাষ্ট্র থেকে তাঁর পরিবারের সঙ্গে এসেছিলেন। ১১ এপ্রিল তিনি হোটেলে একা ছিলেন। অভিযোগ, সেই সুযোগে জুবের আহমেদ তাঁর ঘরের দরজা ভেঙে ঢুকে পড়ে। তারপর কম্বল দিয়ে তাঁর মুখ চেপে ধরে ধর্ষণ করে চম্পট দেয়। তাঁর অভিযোগের ভিত্তিতেই অভিযুক্তকে পুলিশ পাকড়াও করে।

শুক্রবার অভিযুক্তের জামিনের আবেদন খারিজ করে দিয়েছেন মুখ্য দায়রা বিচারক তাহির খুরশিদ রায়না। তিনি বলেছেন, 'আহমেদকে জামিন দেওয়ার যুক্তিগুলিকে আমি যথেষ্ট মনে করছি না।' আদালত এই মামলায় সুপ্রিম কোর্টের 'জামিনই নিয়ম, কারাদণ্ড ব্যতিক্রম' নীতি প্রত্যাখ্যান করেছে। আদালতের যুক্তি, এই ধরনের কাজে অভিযুক্তকে জামিন দেওয়া হলে তা খারাপ নজির তৈরি করবে। বিচারক জানিয়েছেন, পাহাড়, মাঠ, নদী, ঝরনা জম্মু ও কাশ্মীরকে কাঙ্ক্ষিত পর্যটনক্ষেত্র হিসেবে তুলে ধরতে পারবে না। বয়স্ক মহিলা আনন্দ পাওয়ার জন্য এসে ন্যক্কারজনক আচরণের শিকার হয়েছেন। তা মর্মান্তিক।

# 'বাংকার বাস্টার' বোমা বানাবে ভারতও

**নয়াদিল্লি, ৩০ জুন :** ইরানে 'বাংকার বাস্টার' বোমা হামলা চালিয়ে সারা বিশ্বকে চমকে দিয়েছিল আমেরিকা। অত্যাধুনিক এই বোমা এবার তৈরি করতে চলেছে ভারত।

দেশের প্রতিরক্ষা গবেষণা সংস্থা ডিআরডিও জানিয়েছে, বাংকার বাস্টারের জন্য দেশের অত্যাধুনিক ব্যালেস্টিক মিসাইল অগ্নি-৫ এর একটি নতুন সংস্করণ তৈরির কাজ চলছে। আমেরিকা বি-২ বিমান ব্যবহার করলেও ভারত এই মারণ বোমা নিক্ষেপের জন্য ক্ষেপণাস্ত্রের সাহায্য নিচ্ছে। অগ্নি-৫ এর পাল্লা ৫০০০ কিলোমিটার। নয়া সংস্করণে ৭৫০০ কেজি ওজনের বাংকার বাস্টার বোমা থাকবে। যা মাটির নীচে ৮০ থেকে ১০০ মিটার গভীরে থাকা যে কোনও ঘাঁটি ধ্বংস করতে পারবে। এই সংস্করণের পাল্লা হবে ২৫০০ কিলোমিটার। গতি হবে ৮ ম্যাক থেকে ২০ ম্যাক। মূলত শত্রু দেশের কমান্ড ও কন্ট্রোল সেন্টার, মাটির তলায় থাকা মিসাইল পরিকাঠামো, অত্যন্ত গুরুত্বপূর্ণ সামরিক পরিকাঠামো ধ্বংসে ব্যবহার করা হতে পারে এই ক্ষেপণাস্ত্র। এই মারণাস্ত্র তৈরি হলে পাকিস্তানের পুরো এলাকাই অগ্নি-৫ বাংকার বাস্টারের আওতায় চলে আসবে।

# কারখানায় বিস্ফোরণ মৃত ১৩ শ্রমিক



*কারখানায় আগুন নেভাতে ব্যস্ত দমকলকর্মীরা। সোমবার।*

**হায়দরাবাদ, ৩০ জুন :** ভয়াবহ বিস্ফোরণে কেঁপে উঠল তেলেঙ্গানার সাঙ্গারেড্ডি জেলার পাটানচেরু এলাকা। সোমবার সকালে বিস্ফোরণটি ঘটেছে পাটানচেরুর পাসামাইলাম শিল্পাঞ্চলের একটি রাসায়নিক কারখানায়। বিস্ফোরণের জেরে কারখানার বিরাট চুল্লিটি ধসে পড়েছে। কমপক্ষে ১৩ শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত ২০ জন। তাঁদের অধিকাংশের অবস্থা আশঙ্কাজনক। ঘটনাস্থলে উপস্থিত দমকল বিভাগের এক আধিকারিক জানিয়েছেন, যখন বিস্ফোরণ ঘটে সেইসময় কারখানায় পুরোদমে কাজ চলছিল। বেশ কয়েকজন শ্রমিক সেখানে উপস্থিত ছিল। বিস্ফোরণের তীব্রতা এতটাই বেশি ছিল যে একাধিক শ্রমিক প্রায় ১০০ মিটার দূরে ছিটকে পড়ে। আগুন খুব দ্রুত গোটা কারখানায় ছড়িয়ে পড়েছিল। দমকলের ১১টি ইঞ্জিন কয়েকঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

ঘটনাস্থল থেকে ৬ জনের দেহ উদ্ধার করা হয়েছে। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা আরও ৭ জনকে মৃত ঘোষণা করেন। দুর্ঘটনায় শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডি এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি। প্রধানমন্ত্রীর দপ্তর থেকে জারি করা শোকবার্তায় লেখা হয়েছে, 'তেলেঙ্গানার সাঙ্গারেড্ডির এক কারখানায় অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় আমি শোকাহত। যাঁরা প্রিয়জনদের হারিয়েছেন তাঁদের প্রতি সমবেদনা জানাচ্ছি। আহতরা যেন খুব তাড়াতাড়ি সুস্থ হয়ে ওঠেন।' মৃতদের পরিবার পিছু ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী। আহতদের জন্য ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্য বরাদ্দ করা হয়েছে।

# ধর্ষিতাকে অভিযোগ তুলে নিতে চাপ

**ঢাকা, ৩০ জুন :** নতুন বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের তালিকাটা ক্রমাগত লম্বা হচ্ছে। সম্প্রতি কুমিল্লার মুরাদনগরে এক হিন্দু মহিলাকে ঘরে ঢুকে নৃশংসভাবে ধর্ষণের অভিযোগ উঠেছে। ঘটনায় জড়িত থাকার অভিযোগে ফজর আলি নামে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। নির্যাতিতাকে বিবস্ত্র করে মারধর এবং সেই ভিডিও তুলে সমাজমাধ্যমে পোস্ট করার ঘটনায় আরও ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। দেশজুড়ে শুরু হয়েছে বিক্ষোভ। তবে একটি মহল যে গোটা বিষয়টিকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে। ফজর আলি সহ অভিযুক্তদের বিরুদ্ধে দায়ের মামলা তুলে নেওয়ার কথা জানিয়েছেন খোদ নির্যাতিতা।

একজন ধর্ষক শাস্তি পেলে কেন এলাকায় শান্তি বজায় থাকবে না স্বাভাবিকভাবে সেই প্রশ্ন উঠেছে। পর্যবেক্ষকদের একাংশের ধারণা, ধর্ষণের ঘটনার পর ওই মহিলা সহ স্থানীয় হিন্দুদের ওপর চাপ তৈরি করেছে প্রশাসন ও মৌলবাদীদের একাংশ। নিরাপত্তাহীনতার আশঙ্কায় ধর্ষিতা মামলা তুলে নিতে চাইছেন। সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'আমি অভিযুক্ত ফজল আলির শাস্তি চাই না। আমি শুধু শান্তি চাই। যারা আমার ভিডিও করে ছেড়েছে তারাও মুক্তি পাক।' নির্যাতিতা জানিয়েছেন, বৃহস্পতিবার রাতে ধর্ষণের ঘটনার পর থেকে স্বামী আর তাঁর সঙ্গে যোগাযোগ রাখতে চাইছেন না। স্ত্রীর পাশে দাঁড়ানোর বদলে তিনি তাঁকে ধর্ষণের মামলা তুলে নিতে বলেছেন। সব দিক বিবেচনা করে শান্তিতে থাকতেই ধর্ষণের মামলা তুলে নিতে চাইছেন বলে ধর্ষিতা জানিয়েছেন।

# মণিপুরে গুলি হত কুকি নেতা সহ ৪

**ইম্ফল ও গুয়াহাটি, ৩০ জুন :** রাস্তার ওপর গাড়ি থামিয়ে পর পর গুলিতে মৃত্যু হল এক কুকি নেতা সহ চারজনের। ঘটনাটি ঘটে মণিপুরের চূড়াচাঁদপুর জেলায়। সোমবার বিকালে এই ঘটনায় প্রাণ হারিয়েছেন এক ৭২ বছর বয়সি পথচারী মহিলা। তাঁর নাম ফালহিং। তিনি কোইটে গ্রামের বাসিন্দা ছিলেন। ভয়াবহ এই হামলায় কুকি ন্যাশনাল অর্গানাইজেশন (কেএনও)-এর অন্তর্ভুক্ত কুকি ন্যাশনাল আর্মি (কেএনএ)-র ডেপুটি চিফ থেংখোথাং হাউকিপ ওরফে থাহপি (৪৮) নিহত হয়েছেন। একই সঙ্গে মারা গিয়েছেন আরও দুই কেএনএ সদস্য। তাঁরা হলেন সেইখোগিন (৩৪) ও লেংগৌহাও (৩৫)। এই ঘটনাকে কেন্দ্র করে আবার উত্তেজনা ছড়িয়েছে মণিপুরের চূড়াচাঁদপুর জেলায়। সোমবার দুপুর ২টো নাগাদ চূড়াচাঁদপুরের মংজাং গ্রামে একটি সাদা এসইউভি গাড়িতে করে যাওয়ার সময় এই হামলা চালায় প্রতিদ্বন্দ্বী জঙ্গি গোষ্ঠী ইউনাইটেড কুকি ন্যাশনাল লিবারেশন আর্মি (ইউকেএনএ)। নিহত লেংগৌহাও ছিলেন কেএনও-প্রধান পিএস হাউকিপের জামাই।

পুলিশ জানিয়েছে, হামলার পরে তারা এলাকা ঘিরে ফেলে তল্লাশি শুরু করেছে। এদিকে হোয়াটসঅ্যাপে ছড়িয়ে পড়া একটি বিবৃতিতে ইউকেএনএ দাবি করেছে, তাদের এক নেতা সহ ৩০ জন সদস্যকে হত্যার প্রতিশোধ নিতেই তারা এই হামলা চালিয়েছে।

# বন্দুকবাজের হামলা, মৃত ৩

**ওয়াশিংটন, ৩০ জুন :** আবার বন্দুকবাজের হামলা মার্কিন যুক্তরাষ্ট্রে। এবার ইডাহোতে। রবিবার ইডাহোর কুটিনাই কাউন্টির একটি পার্কে হঠাৎ আগুন লেগে যাওয়ায় তা নেভাতে এসে গুলির মুখে পড়লেন দমকলকর্মীরা। এক বন্ধুকধারী দমকলকর্মীদের লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি চালায়। তাতে দুই দমকলকর্মী মারা যান। আহত হয়েছেন একজন। সন্দেহভাজন বন্ধুকধারী পুলিশের গুলিতে মারা পড়েছে। তার দেহ উদ্ধার হয়েছে। মিলেছে বন্দুকটিও।

# উত্তরসূরির ইঙ্গিত দেবেন দলাই লামা

**ধরমশালা, ৩০ জুন :** তিব্বতীয় ধর্মগুরু চতুর্দশ দলাই লামা আগামী ৬ জুলাই নব্বই বছরে পড়ছেন। এই উপলক্ষ্যে হিমাচলপ্রদেশের ধরমশালায় তিনদিনের বক্তৃতার আয়োজন করা হয়েছে। ওইসময় নিজের উত্তরসূরি বাছতে পারেন তিনি। দলাই লামার অনুগামীরা জানিয়েছেন, এমন ইঙ্গিতই মিলেছে। খবরটি প্রকাশ্যে আসার সঙ্গে সঙ্গে নড়েচড়ে বসেছে চিন। বিষয়টির দিকে নজর রেখেছে বেজিং সরকার।

# ফ্ল্যাটে স্বেচ্ছাবন্দি তিন বছর

**নভি মুম্বই, ৩০ জুন :** রবিনসন স্ট্রিটের ছায়া এবার নভি মুম্বইয়ের জুইনগর এলাকায়। সেখানকার বাসিন্দা ৫৫ বছরের অনুপকুমার নায়ার গত তিন বছর ধরে ফ্ল্যাটের ছোট্ট একটি ঘরে নিজেকে স্বেচ্ছাবন্দি করে ফেলেছিলেন। বাইরের জগতের সঙ্গে যোগাযোগ ছিল শুধুমাত্র অনলাইনে খাবার আনিয়ে নেওয়ার মাধ্যমে। পরিবারে একের পর এক মৃত্যু, বন্ধুবিহীন জীবন এবং অবিশ্বাস তাঁকে পারিপার্শ্বিক পরিবেশ থেকে পুরোপুরি বিচ্ছিন্ন করে দিয়েছিল।

সম্প্রতি স্থানীয় এক বাসিন্দার কাছ থেকে খবর পেয়ে অনুপবাবুকে উদ্ধার করেন স্বেচ্ছাসেবী সংস্থা 'সিল'-এর কর্মীরা। সেক্টর ২৪-এর ঘারকুল সিএইচএস-এ অনুপবাবুর ফ্ল্যাটে পৌঁছে দরজা ভেঙে ভিতরে ঢুকে তারা দেখতে পায়, গোটা ফ্ল্যাট ময়লা-আবর্জনায় ভরা। অনুপবাবুর দিন কাটত একচিলতে ঘরের ছোট্ট একটি চেয়ারে। অন্য আসবাব বলতে তাঁর কিছু ছিল না।

সংস্থার প্যাস্টর (ধর্মযাজক) কেএম ফিলিপ জানান, অনুপবাবুর মা পুনম্মা নায়ার ছিলেন ভারতীয় বায়ুসেনায় টেলিকম শাখার কর্মী এবং বাবা ভিপি কুট্টি কৃষ্ণন নায়ার কাজ করতেন টাটা হাসপাতালে। গত ছয় বছরে মা-বাবা দু'জনেই প্রয়াত হয়েছেন। বিশ বছর আগে আত্মহত্যা করেন তাঁর দাদাও। তারপর থেকেই অনুপবাবু মানসিকভাবে ভেঙে পড়ে নিজেকে সবকিছু থেকে গুটিয়ে নেন।

উদ্ধারের পর পনভেলের সিল আশ্রমে নিয়ে যাওয়া হয়েছে অনুপবাবুকে। সেখানেই সংবাদমাধ্যমকে তিনি বলেন, 'এখন আর আমার কোনও বন্ধু নেই। মা, বাবা, দাদা—সবাই মারা গিয়েছেন। স্বাস্থ্য খারাপ থাকায় নতুন কোনও কাজও খুঁজে পাচ্ছি না।' মাসিনা হাসপাতালের মনোচিকিৎসক প্রিয়াঙ্কা মহাজন বলেন, 'স্বজন বিয়োগের শোক থেকে একাকিত্ব স্বাভাবিক। কিন্তু কিছু ক্ষেত্রে এই শোক গভীর অবসাদে পরিণত হয়। তখন তাঁরা নিঃসঙ্গতা, অসহায়তা, জীবনের মূল্যহীনতা ইত্যাদি উপলব্ধিতে ডুবে গিয়ে পারিপার্শ্বিক পরিবেশ থেকে বিচ্ছিন্ন করে নেন নিজেকে। এটা অসুখ।'

সিল সংস্থার প্রধান পৃষ্ঠপোষক আব্রাহাম মাথাই-এর কথায়, 'অবসাদের রোগীর চিকিৎসা না হলে, সেটা মারাত্মক ব্যাপার। অনুপবাবুর মতো কেউ কেউ বেঁচে যান। কিন্তু নির্জন ফ্ল্যাটে একা একা প্রাণ হারান অনেকেই। তাঁদের খোঁজ মেলে অনেক পরে, মৃতদেহ থেকে দুর্গন্ধ বেরোলে। এটা কেবল ব্যক্তির নয়, সমাজেরও অসুখ।'

**উদ্ধারে প্রাণ বাঁচল প্রৌঢ়র**







# দুর্ঘটনায় মৃত ৪০

**ডোডোমা, ৩০ জুন :** তানজানিয়ায় দু'টি বাসের মুখোমুখি সংঘর্ষে মৃত অন্তত ৪০। আহত ৩০। একটি বাস বিয়েবাড়ির যাত্রীদের নিয়ে রওনা দিয়েছিল। সাবাসাবা এলাকার কাছে উলটোদিক থেকে আসা একটি যাত্রীবাহী বাসের সঙ্গে সংঘর্ষে আগুন লেগে যায়। সম্পূর্ণ পুড়ে যাওয়ায় বেশ কয়েকজন নিহতের পরিচয় জানা যায়নি। ঘটনায় শোকপ্রকাশ করেছেন প্রেসিডেন্ট সামিয়া সুলুহু হাসান।

# আরও পণ চাই, চাপে 'আত্মঘাতী' নববধূ

**চেন্নাই, ৩০ জুন :** আরও চাই। আরও। ৮০০ গ্রাম সোনা, ৭০ লাখির ভলভো পেয়েও খুশি হয়নি শ্বশুরবাড়ি। মেটেনি তাদের চাহিদা। আরও পণের দাবিতে নাছোড় শ্বশুরবাড়ির লাগাতার শারীরিক ও মানসিক অত্যাচারের জেরে বিয়ের দু'মাসের মধ্যে আত্মঘাতী হলেন তামিলনাড়ুর তিরুপ্পুরের ২৭ বছরের রিধন্যা। মন্দিরে যাওয়ার নাম করে বাড়ি থেকে বেরিয়ে কীটনাশক খান। মারা গিয়েছেন। পুলিশ রিধন্যার স্বামী কভিন কুমার, শ্বশুর ঈশ্বরমূর্তি, শাশুড়ি চিত্রাদেবীকে গ্রেপ্তার করেছে। রুজু হয়েছে মামলা।

চলতি এপ্রিলে রিধন্যার সঙ্গে বিয়ে হয় কভিন কুমারের। বিয়ের পর শ্বশুরবাড়িতে যাওয়া থেকে শুরু আরও যৌতুকের চাপ। প্রথমে সহ্য করেছেন মুখ বুজে। কিন্তু দিনের পর দিন শারীরিক, মানসিক চাপ নিতে না পেরে চরম পথ নেন। মন্ডিপালায়ামে মন্দিরে যাওয়ার নাম করে শ্বশুরবাড়ি থেকে বের হন। রাস্তায় গাড়ি থামিয়ে কীটনাশক ট্যাবলেট খেয়ে ফেলেন। দীর্ঘক্ষণ গাড়িটি দাঁড়িয়ে থাকতে দেখে সাধারণ মানুষের সন্দেহ হওয়ায় তারা পুলিশে খবর দেয়। গাড়িতে রিধন্যাকে মৃত অবস্থায় দেখে পুলিশ।

সূত্রের খবর, মৃত্যুর আগে বাবাকে হোয়াটসঅ্যাপে একাধিক বার্তা পাঠিয়ে তাঁর সিদ্ধান্তের জন্য ক্ষমা চেয়ে নিয়েছেন রিধন্যা। তিনি লিখেছেন, 'বাবা আমি আর পারছি না। কাকে বলব আমার কষ্টের কথা। সবাই মানিয়ে নিতে বলবে। কারোর কাছে বোঝা হতে চাই না। আমার শেষ নিঃশ্বাস পড়া অবধি তুমি আর মা আমার কাছে পৃথিবী। দুঃখিত বাবা, আমি চলে যাচ্ছি।'

বাবা আন্নাদুরাই জানিয়েছেন, তিনি বিচার চান। তদন্ত চলছে।





যতটা সম্ভব দ্রুত পরিষেবা দিতে চাইছি আমরা। সেই লক্ষ্যে ডেলিভারি সেন্টার খোলা হল। এখন এখান থেকেই সংশ্লিষ্ট এলাকাগুলিতে সরাসরি চিঠি পৌঁছে যাবে।

-অজয় শেরপা সুপার, কোচবিহার ডিভিশন



# ডাকঘরে ডেলিভারি সেন্টার

## সরাসরি হাতে চিঠি



শিবশংকর সূত্রধর

**কোচবিহার, ৩০ জুন :** পাড়ার ডাকঘর থেকে নয়, এবার সরাসরি প্রধান ডাকঘর থেকে চিঠি পৌঁছে দেওয়া হবে প্রাপকের হাতে। এমনই পরিকল্পনা নিয়েছে কর্তৃপক্ষ। সেই লক্ষ্যে কোচবিহার জেলায় এই প্রথম 'ডেলিভারি সেন্টার' খোলা হল। সোমবার সুনীতি রোডে প্রধান ডাকঘরে সেন্টারের উদ্বোধন করেন কোচবিহার ডিভিশনের সুপার অজয় শেরপা। প্রথম পর্যায়ে নিউ কোচবিহার, নীলকুঠি ও ঘুঘুমারিতে পরিষেবা চালু হচ্ছে। প্রধান ডাকঘর থেকে সরাসরি এই এলাকাগুলিতে চিঠি পৌঁছে দেওয়া হবে। ধাপে ধাপে গোটা জেলায় পরিষেবা চালুর চেষ্টা চলছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, এতদিন প্রধান ডাকঘর থেকে চিঠি পৌঁছাত পাড়ার শাখাগুলিতে। সেখান থেকে চিঠি পৌঁছাত প্রাপকের কাছে। শাখাগুলিতে কর্মীসংকট ও তাঁদের একাধিক কাজ থাকায় চিঠি সরবরাহে অনেক দেরি হত বলে অভিযোগ। নতুন পদ্ধতিতে ডেলিভারি সেন্টার থেকে সরাসরি প্রাপকের হাতে চিঠি পৌঁছে যাবে। ৩৩ জন পোস্টম্যানকে নিয়ে সোমবার পরিষেবা চালু করা হয়।

ডাকঘরের কোচবিহার ডিভিশনের সুপার অজয় শেরপা বলেছেন, 'যতটা সম্ভব দ্রুত পরিষেবা দিতে চাইছি আমরা। সেই লক্ষ্যে ডেলিভারি সেন্টার খোলা হল। এখন এখান থেকেই সংশ্লিষ্ট এলাকাগুলিতে সরাসরি চিঠি পৌঁছে যাবে।'

কোচবিহার জেলায় ডাকঘরের সাব-অফিস রয়েছে ৪৯টি। ব্রাঞ্চ অফিসের সংখ্যা ৩১৪। প্রতিদিন হাজার হাজার চিঠি সহ আনুষঙ্গিক কাগজপত্র ডাকঘরের মাধ্যমে প্রাপকের হাতে পৌঁছায়। তবে ডাকঘরের পরিষেবা নিয়ে আমজনতার অভিযোগ দীর্ঘদিনের। সময়মতো চিঠি না পৌঁছানো, গ্রামীণ এলাকাগুলিতে বাড়িতে চিঠি পৌঁছে দেওয়ার বদলে প্রাপককে ফোন করে ডাকঘরে ডেকে চিঠি দেওয়ার মতো ঘটনা ঘটে। এই সমস্যাগুলি এড়াতে ডেলিভারি সেন্টার চালু করা হল। সোমবার রাজ্যের ৩০টি জায়গায় ডেলিভারি সেন্টারের উদ্বোধন হয়। তার মধ্যে উত্তরবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, শিলিগুড়ি ও রায়গঞ্জে এই পরিষেবা মিলবে।







*(১) গুঞ্জবাড়ি উপ-ডাকঘর, (২) কোচবিহার প্রধান ডাকঘর এবং (৩) কোচবিহার প্রধান ডাকঘরে ডেলিভারি সেন্টারে বসে কর্মীরা। ছবি : জয়দেব দাস*

### পরিষেবা চালু হচ্ছে

- এবার সরাসরি প্রধান ডাকঘর থেকে চিঠি পৌঁছে দেওয়া হবে প্রাপকের হাতে
- কোচবিহার জেলায় এই প্রথম 'ডেলিভারি সেন্টার' খোলা হল
- সোমবার সুনীতি রোডে প্রধান ডাকঘরে সেন্টারের উদ্বোধন করা হয়
- প্রথম পর্যায়ে নিউ কোচবিহার, নীলকুঠি ও ঘুঘুমারিতে পরিষেবা

ডাকঘর সূত্রে জানা গিয়েছে, শাখা অফিসগুলিতে কর্মীর অভাব রয়েছে। শুধু চিঠি পৌঁছে দেওয়াই নয়, গ্রাহকদের টাকা জমা ও তোলা, অ্যাকাউন্ট খোলা সহ ডাকঘরের আনুষঙ্গিক কাজ করেন সেই কর্মীরা। ফলে বাড়ি বাড়ি চিঠি পৌঁছে দিতে অনেক দেরি হয় বলে অভিযোগ। সরাসরি প্রধান ডাকঘর থেকে চিঠি পৌঁছে দেওয়া হলে অন্য কাজে কর্মীরা বাড়তি সময় পাবেন।

---

রাজ আমলের স্থাপত্য অনাদরে

# হেরিটেজ মর্যাদা চায় মাথাভাঙ্গাও

বিশ্বজিৎ সাহা

**মাথাভাঙ্গা, ৩০ জুন :** কোচবিহার জেলার মহকুমা শহরগুলির রাজ আমলের স্থাপত্য এখনও চরম অবহেলার শিকার হয়ে রয়েছে। বিশেষত মাথাভাঙ্গা শহরের ঐতিহ্যবাহী প্রাচীন ভবনগুলি সংরক্ষণের কোনও পরিকল্পনা বা উদ্যোগ দেখা যাচ্ছে না প্রশাসনের তরফে। শহরের বিভিন্ন স্থানে এসব ভবনের পলেস্তারা খসে পড়ছে, কোথাও ভাঙার মুখে, আবার কোথাও ইচ্ছেমতো ভবনের চরিত্র বদলে ফেলা হয়েছে।

শহরের সচেতন মহল, পুরসভা ও শিক্ষা মহলের একাংশ মাথাভাঙ্গার একাধিক ঐতিহ্যবাহী ভবনকে হেরিটেজ ঘোষণা করার জোরালো দাবি তুলেছে। এর মধ্যে অন্যতম দেড়শো বছরের পুরোনো মাথাভাঙ্গা হাইস্কুলের লালবাড়ি, নৃপেন্দ্রনারায়ণ স্মৃতি গ্রন্থাগার, হাইস্কুল ছাত্রাবাসের সুপারের আবাসন, এবং মাথাভাঙ্গা মহকুমা শাসকের কার্যালয়। মাথাভাঙ্গা বিবেকানন্দ বিদ্যামন্দিরে অবসরপ্রাপ্ত শিক্ষক তথা মাথাভাঙ্গা পুরসভার ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার প্রবীর সরকার বলেন, 'মাথাভাঙ্গার ঐতিহ্যবাহী ভবনগুলিকে অবিলম্বে হেরিটেজ ভবনের স্বীকৃতি দেওয়া প্রয়োজন।'

হাইস্কুলের শিক্ষক অরুণ সরকার জানান, বাম আমলের শেষদিকে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের হেরিটেজ কমিটি ভবনগুলি পরিদর্শন করলেও তারপরে কোনও স্থায়ী পদক্ষেপ করা হয়নি। দীনেশ ডাকুয়া মন্ত্রী থাকার সময় ৪ লক্ষ টাকা বরাদ্দে নৃপেন্দ্রনারায়ণ স্মৃতি গ্রন্থাগার ভবনের একাংশ সংস্কার হয় এবং পরে মন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মনের বরাদ্দ ১০ লক্ষ টাকায় ছাদে টিনের চালা বসে, বর্ষার জলের সমস্যা কিছুটা সমাধান হয়। তবু ভবনটির অধিকাংশ দরজা, জানলা বেহাল অবস্থায় পড়ে রয়েছে।



*মাথাভাঙ্গার শতবর্ষ প্রাচীন নৃপেন্দ্রনারায়ণ মেমোরিয়াল লাইব্রেরি।*

> শহরের নৃপেন্দ্রনারায়ণ স্মৃতি গ্রন্থাগার সংরক্ষণের জন্য পুরসভার পক্ষ থেকে সাধ্যমতো চেষ্টা করা হচ্ছে। তবে রাজ আমলের এই সমস্ত স্থাপত্যকে হেরিটেজের আওতাভুক্ত ঘোষণা করা এখন সময়ের দাবি।
>
> **লক্ষপতি প্রামাণিক**
> চেয়ারম্যান, মাথাভাঙ্গা পুরসভা

মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিক বলেন, 'শহরের নৃপেন্দ্রনারায়ণ স্মৃতি গ্রন্থাগার সংরক্ষণের জন্য পুরসভার পক্ষ থেকে সাধ্যমতো চেষ্টা করা হচ্ছে। তবে রাজ আমলের এই সমস্ত স্থাপত্যকে হেরিটেজের আওতাভুক্ত ঘোষণা করা এখন সময়ের দাবি।'

শহরবাসীর অভিযোগ, শহরের একাধিক স্থাপত্য সংস্কারের নামে তাদের মূল ঐতিহ্য হারিয়েছে। উদাহরণস্বরূপ ইমিগ্রেশন রোডের প্রাচীন থানা ভবন, ব্রজনাথ রোডের সিআই আবাসন, যার ঐতিহ্যপূর্ণ চেহারা প্লাস্টারের নীচে চাপা পড়ে গিয়েছে। ছবিরুন্নেসা নিম্ন বুনিয়াদি বিদ্যালয়– নারীশিক্ষার প্রাচীনতম প্রতিষ্ঠানটির রং বদলে তার ঐতিহ্যগত রূপ নষ্ট হয়েছে। পুরসভার অতিথিনিবাস সংলগ্ন পান্থশালা ভবনও একইভাবে চেহারা হারিয়েছে। এইসব পরিবর্তনে শহরের পুরোনো রূপ আর টিকে নেই, এবং একসময়ের কোচবিহার রাজ আমলের স্থাপত্য চিনে নেওয়াও এখন দুষ্কর।

মাথাভাঙ্গার ঐতিহ্যবাহী স্থাপত্যের প্রতি সরকারি উদ্যোগের অভাব ও অব্যবস্থাপনা নিয়ে জনমনে অসন্তোষ বাড়ছে। শহরের বাসিন্দা প্রাবন্ধিক রাজর্ষি বিশ্বাস, কবি সঞ্জয় সাহা, গায়ক রঞ্জন কাহালি সকলেই হেরিটেজ শহর কোচবিহার জেলারই অংশ হিসেবে মাথাভাঙ্গার এই প্রাচীন স্থাপত্যগুলিকে অবিলম্বে হেরিটেজ ঘোষণা ও সঠিক রক্ষণাবেক্ষণের আওতায় আনা উচিত বলে দাবি করেছেন।

---



### জরুরি তথ্য

**ব্লাড ব্যাংক**

(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

■ **এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |

---

# ডেঙ্গি রুখতে পদক্ষেপ পুরসভার

**মাথাভাঙ্গা, ৩০ জুন :** ডেঙ্গি রুখতে পদক্ষেপ করেছে মাথাভাঙ্গা পুরসভা। সপ্তাহে একদিন করে 'ডেঙ্গি প্রতিরোধ সহায়িকা' বাহিনী বাড়ি বাড়ি গিয়ে জমা জলের খোঁজ করছে। লার্ভা পেলে তা নষ্ট করে নাগরিকদের সচেতন করছেন বাহিনীর সদস্যরা। 'সাতদিনে একদিন জমা জল ফেলে দিন' - এমন স্লোগান দেওয়া হচ্ছে।

মাথাভাঙ্গা পুরসভা সূত্রে জানা গিয়েছে, ভেক্টর বর্ন ডিজিজ কন্ট্রোল টিমের ৮৮ জন কর্মী এই কাজে যুক্ত। তাঁরাই 'ডেঙ্গি প্রতিরোধ সহায়িকা'র ভূমিকা পালন করছেন। বাহিনীর সদস্যরা নিকাশিনালা পরিষ্কার, লার্ভিসাইড প্রয়োগ ও গাপ্পি মাছ ছাড়ার কাজ করে থাকেন। এই কর্মীরা মাত্র ১৭৫ টাকা দৈনিক মজুরি পান। এ নিয়ে তাঁদের অনেকে অসন্তোষ প্রকাশ করেছেন। তবে অসন্তোষ থাকলেও কর্তব্যে অবিচল তাঁরা। যেকারণে গত অর্থবর্ষে মাত্র ২ জন ডেঙ্গি আক্রান্তের হদিস মিলেছিল শহরে। আর চলতি অর্থবর্ষে এখনও কোনও ডেঙ্গি আক্রান্তের খোঁজ মেলেনি।

এর পাশাপাশি পুরসভার পক্ষ থেকে নিয়মিত মাইকিং চলছে। পথনাটক ও গানের মাধ্যমেও সচেতনতা গড়ে তোলা হচ্ছে। চলতি বছর এখন পর্যন্ত শহরে ডেঙ্গি আক্রান্তের খবর নেই। চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিক জানান, 'ডেঙ্গি প্রতিরোধে সচেতনতাই আমাদের সাফল্যের চাবিকাঠি।'

এদিকে, সোমবার 'ডেঙ্গি প্রতিরোধ সহায়িকা' বাহিনীর তরফে ৭ নম্বর ওয়ার্ডের বিবেকানন্দ বিদ্যামন্দির, ৬ নম্বর ওয়ার্ডের মাথাভাঙ্গা হাইস্কুলের ছাত্রাবাস, ৯ নম্বর ওয়ার্ডের মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয় চত্বর, মহকুমা খাদ্য নিয়ামকের দপ্তর, জনস্বাস্থ্য কারিগরি দপ্তর চত্বরে সাফাই অভিযান চালানো হয়।

---


## পাড়ায় পাড়ায়

### তুফানগঞ্জ

#### বিদ্যুতের খুঁটিতে বিপদের শঙ্কা

**তুফানগঞ্জ, ৩০ জুন :** ন্যাশনাল ক্লাব সংলগ্ন ১৭ নম্বর জাতীয় সড়কের পাশে একটি বিদ্যুতের খুঁটি বিপজ্জনকভাবে হেলে রয়েছে। যে কোনও মুহূর্তে ওই খুঁটিটি ভেঙে গিয়ে দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা সুকদেব বসাক বলেন, 'মাস তিনেক আগে একটি দুর্ঘটনায় খুঁটিটি বেঁকে যায়। তারপর থেকে ওই জায়গা দিয়ে যাওয়ার সময় ভয় লাগে। ঝড় হলে খুঁটিটি ভেঙে যেতে পারে।' স্থানীয়দের মতে, প্রশাসনের উচিত এবিষয়ে পদক্ষেপ করা। ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার অনিমেষ তালুকদার জানান, বিষয়টি তাঁর নজরে রয়েছে। বিদ্যুতের খুঁটিটি দ্রুত মেরামত করার আশ্বাস দিয়েছেন তিনি।





### হলদিবাড়ি

#### নিকাশিনালায় আবর্জনার স্তূপ

**হলদিবাড়ি, ৩০ জুন :** এলাকায় জমে থাকা জল যাতে বেরিয়ে যায় সেজন্য হলদিবাড়ি পুরসভার তরফে নতুন নিকাশিনালা তৈরি করা হয়েছিল। বর্তমানে সেই নিকাশিনালা ভাগাড়ে পরিণত হয়েছে। হলদিবাড়ি শহরের ৩ নম্বর ওয়ার্ডে পাইকারি সবজি বাজারের নিকাশিনালার এমন বেহাল দশা।

ব্যবসায়ীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে এই নিকাশিনালায় আবর্জনা জমে রয়েছে। ফলে এলাকায় দুর্গন্ধের পাশাপাশি মশা ও মাছির উপদ্রব বেড়েছে। ওয়ার্ড কাউন্সিলার তথা হলদিবাড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান অমিতাভ বিশ্বাস বলেন, 'বাজার চত্বর নিয়মিত পরিষ্কার করা হয়। কোনও জায়গায় আবর্জনা জমে থাকলে তা দ্রুত পরিষ্কার করা হবে।'

*তথ্য : বাবাই দাস ও অমিতকুমার রায়*

---

একসঙ্গে চলছে তিনটি আবেদন প্রক্রিয়া

# সাইবার ক্যাফের লক্ষ্মীলাভ

দেবদর্শন চন্দ

**কোচবিহার, ৩০ জুন :** একদিকে প্রায় দু'সপ্তাহ ধরে স্নাতক স্তরে ভর্তির আবেদন প্রক্রিয়া চলছে। স্কুল সার্ভিস কমিশন এবং স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার ফর্ম ফিলআপও শুরু হয়েছে বেশ কিছুদিন ধরে। সবমিলিয়ে, একসঙ্গে তিনটি আবেদন প্রক্রিয়া শুরু হওয়ায়, ভিড় বেড়েছে শহরের সাইবার ক্যাফেগুলিতে। বছরের অন্যান্য সময় ক্যাফেগুলিতে সেভাবে ভিড় থাকে না বললেই চলে। ফলে এখন কলেজ পড়ুয়া থেকে চাকরিপ্রার্থীদের দেখা মিলতেই খুশি ক্যাফে মালিকরাও। অতিরিক্ত লক্ষ্মীলাভের আশায় অনেকেই রাত অবধি তাঁদের দোকান খোলা রাখছেন।



*সাইবার ক্যাফেতে ফর্ম ফিলআপ চলছে। সোমবার কোচবিহারে। ছবি : জয়দেব দাস*

ঘড়িতে তখন দুপুর ১টা পেরিয়েছে। শহরের নিউ সিনেমা হল সংলগ্ন একটি ক্যাফেতে তখন আবেদনকারীদের ভিড়। ক্যাফে মালিক প্রসেনজিৎ নারায়ণ বললেন, 'একসঙ্গে তিনটি ফর্ম ফিলআপ চলছে। সে কারণে অন্যান্য সময়ের তুলনায় ভিড় খানিকটা বেড়েছে। রাত পর্যন্ত এখন দোকানে ভিড় থাকছে।' তবে ইদানীং অনেকেই অনলাইনে আবেদন করেন। নাহলে ভিড়টা আরও বেশি হত বলে মনে করছেন তিনি। একই মত বামনপাড়া এলাকার ক্যাফে মালিক ত্রিদিব চক্রবর্তীর। তাঁর বক্তব্য, 'আগে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার আবেদন করতে লাইন দিয়ে চাকরিপ্রার্থীরা দাঁড়িয়ে থাকতেন। এখন ক্যাফের সংখ্যা বাড়ায় এবং সকলেই অনলাইনে অভ্যস্ত হওয়ায়, ভিড় অনেকটাই কমেছে।'

দীর্ঘদিন পর শিক্ষক নিয়োগের এসএসসির পরীক্ষা হওয়ায় আবেদনকারীদের সংখ্যা অনেকটাই বেড়েছে। বেড়েছে স্টাফ সিলেকশনের চাকরিপ্রার্থীদের সংখ্যাও। সুনীতি রোড এলাকার ক্যাফেকর্মী গদাই কেওট জানান, গত কয়েকদিন ধরে সকাল থেকেই দোকানে ভিড় থাকছে। কলেজ পড়ুয়াদের তুলনায় চাকরিপ্রার্থীদের ভিড় এখন বেশি হচ্ছে।' এদিন শহরের ক্যাফেগুলি ঘুরে দেখা গেল, চাকরির পরীক্ষার এবং কলেজে ভর্তির আবেদনের জন্য ক্যাফেগুলি থেকে চার্জ বাবদ ৫০ থেকে ১০০ টাকা করে নেওয়া হচ্ছে। বাড়তি লক্ষ্মীলাভ হওয়ায় দুপুরেও ক্যাফে খোলা রাখছেন অনেকেই।

> এখন ক্যাফের সংখ্যা বাড়ায় এবং সকলেই অনলাইনে অভ্যস্ত হওয়ায়, ভিড় অনেকটাই কমেছে।
>
> **ত্রিদিব চক্রবর্তী**
> ক্যাফের মালিক

তবে অত্যধিক গরমের জেরে ক্যাফেতে দীর্ঘক্ষণ বসে থাকায় অস্বস্তিতে পড়ছেন আবেদনকারীরাও। এদিন রাসমেলা মাঠ সংলগ্ন একটি ক্যাফেতে ফর্ম ফিলআপ করতে এসেছিলেন অমিতকুমার রায়। তিনি বলেন, 'প্রতিটি দোকানেই এখন ভিড়। তাই গরম থাকলেও বেশ কিছুক্ষণ বসে থেকেই চাকরির আবেদন জমা করলাম।'

---

# স্কুল ভবনে নেশার আসর

### মেখলিগঞ্জ

**মেখলিগঞ্জ, ৩০ জুন :** মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ভবনে সন্ধ্যা নামতেই বসছে নেশার আসর। প্রায়ই সেখানে মদের বোতল ছড়িয়ে ছিটিয়ে পড়ে থাকতে দেখা যায়। ভবনের সীমানা প্রাচীর নেই। সেই সুযোগে আসর বসছে বলে অভিযোগ স্থানীয়দের। এতে ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা। তাঁদের বক্তব্য, এতে এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে। এলাকায় পুলিশি টহল বাড়ানোর দাবিতে সরব হয়েছেন তাঁরা।

স্থানীয় বাসিন্দা দিব্যায়ন সরকার বলেন, 'এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে। সুষ্ঠু পরিবেশ রক্ষায় পুলিশের সহযোগিতা চাই। টহল চললে কেউ নেশার আসর বসানোর সাহস পাবে না।' পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনী বলেন, 'ওখানে শীঘ্রই আলোর ব্যবস্থা করা হবে।' এসডিপিও আশিস পি সুব্বা বলেন, 'পুলিশের তরফে অভিযান চালানো হবে।'

---

# শ্রমিক কনভেনশন

**কোচবিহার, ৩০ জুন :** বিড়ি তৈরির শ্রমিকদের সপ্তাহে তিনদিনের পরিবর্তে ছয়দিন কাজ দেওয়া, শ্রমিকদের মজুরি বৃদ্ধি করা, বিপিএল কার্ড দেওয়া, স্বাস্থ্য সুরক্ষা বিমার ব্যবস্থা করা সহ বিভিন্ন দাবিতে রবিবার জেলা বিড়ি শ্রমিক ইউনিয়নের তরফে কোচবিহারের পাওয়ারহাউস চৌপথি সংলগ্ন সংগঠনের জেলা কার্যালয়ে কনভেনশন হয়।

উপস্থিত ছিলেন সংগঠনের নেতা গৌরাঙ্গ আদিত্য, জগৎজ্যোতি দত্ত প্রমুখ।

## চ্যাংরাবান্ধায় ফের বাণিজ্য শুরুতে স্বস্তি

**চ্যাংরাবান্ধা, ৩০ জুন :** টানা দু'দিন বন্ধ থাকার পর অবশেষে সোমবার থেকে চ্যাংরাবান্ধা আন্তর্জাতিক স্থলবন্দরের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য শুরু হল। ফলে এদিন ব্যবসায়ীরা কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেলেন। বাংলাদেশ কাস্টমসের সঙ্গে দেশের অন্তর্বর্তীকালীন সরকারের অভ্যন্তরীণ সমস্যার কারণে বাংলাদেশ কাস্টমস পেনডাউন কর্মসূচি পালন করছিল। ফলে গত শনিবার থেকে চ্যাংরাবান্ধা আন্তর্জাতিক স্থলবন্দরের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য সম্পূর্ণ বন্ধ ছিল। তবে সোমবার স্থলবন্দরের চেনা ছবি আবার ফেরত আসে। বন্দরজুড়ে ট্রাকের লাইন, গাড়ির চালকদের হট্টগোল, বিএসএফের নিরাপত্তার জন্য নজরদারির ছবিটা ছিল আগের মতোই। বাংলাদেশ কাস্টমসের পেনডাউনের ফলে গত রবিবার বাংলাদেশে আটকে থাকা ভারতীয় চালকরা পণ্যবাহী গাড়ি বাংলাদেশের পানামায় রেখে দেশে চলে এসেছিলেন। এদিন তাঁরাও বাংলাদেশে ফিরছেন। এবিষয়ে চ্যাংরাবান্ধা ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক আবদুল সামাদ বলেন, 'রবিবার আমাদের যে ১১ জন চালক বাংলাদেশে গাড়ি রেখে ফিরে এসেছিলেন। তাঁরা প্রত্যেকে এদিন বাংলাদেশে ফিরছেন।'

সোমবার স্থলবন্দর চত্বরে গাড়িচালক টুলু রায়ের দেখা মিলল। তিনি বললেন, 'বৃহস্পতিবার পণ্য নিয়ে ওদেশে গিয়েছিলাম। কিন্তু দেশের কাস্টমসের পেনডাউন কর্মসূচির জন্য পণ্য খালাস হয়নি। সেখানে নানা অসুবিধার কারণে আমরা দেশে ফিরে আসি। এদিন শুনলাম যে ওদের নাকি পেনডাউন উঠে গিয়েছে। আবার কাজ শুরু হবে। তাই এখন ফের বাংলাদেশে রওনা হচ্ছি।' এদিন চ্যাংরাবান্ধা স্থলবন্দরের মাধ্যমে ভারত থেকে বাংলাদেশে ৭৬ গাড়ি পণ্য রপ্তানি করা হয়েছে। বাংলাদেশ থেকে ভারতে এসেছে নয়টি গাড়ি। ভুটান এদিন বাংলাদেশে ২১৪ গাড়ি পণ্য রপ্তানি করেছে এবং বাংলাদেশ থেকে আমদানি করেছে সাত গাড়ি পণ্য।

পঞ্জাবের বাসিন্দা বজ্জি সিং এদিন ভুটান থেকে পাথর নিয়ে চ্যাংরাবান্ধা সীমান্তের মাধ্যমে বাংলাদেশে যাচ্ছিলেন। তিনি বললেন, 'গত দু'দিন ধরে আমরা চ্যাংরাবান্ধায় আটকে ছিলাম। বাংলাদেশের সমস্যার কারণে গাড়ি বন্ধ ছিল। এখন গাড়ি চালু হওয়ায় বাংলাদেশে রওনা হচ্ছি।' পাশাপাশি এপ্রসঙ্গে চ্যাংরাবান্ধা এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সহ সম্পাদক সাম্য ঘোষের বক্তব্য, 'বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের সঙ্গে সেই দেশের কাস্টমসের ঝামেলার কারণে বৈদেশিক বাণিজ্য বন্ধ ছিল। আমাদের দিক থেকে কোনও সমস্যা ছিল না। এদিন বাংলাদেশ পেনডাউন তুলে নেওয়ায় পুনরায় বাণিজ্য শুরু হয়েছে।' দুই দেশের বাণিজ্যের সঙ্গে এলাকার অর্থনৈতিক কাঠামোও জড়িত থাকে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে স্থলবন্দরকে কেন্দ্র করে বহু মানুষের রুজিরুটি চলে। ফলে বাণিজ্য বন্ধ থাকায় ব্যবসায়ীরা সকলেই কয়েকদিন ক্ষতির সম্মুখীন হয়েছেন।

### শিলিগুড়ি শহরজুড়ে আতঙ্ক, তদন্ত শুরু পুলিশের

# বৃদ্ধাকে নির্যাতন, দেড় ঘণ্টা লুটপাট

শমিদীপ দত্ত

**শিলিগুড়ি, ৩০ জুন :** সোমবার ভোররাতে শিলিগুড়ি শহরের একটি বাড়িতে ঢুকে দেড় ঘণ্টা ধরে লুটপাট চালাল তিন দুষ্কৃতী। ওই বাড়িতে থাকা বছর পঁচাত্তরের এক বৃদ্ধার মুখে কাপড় গুঁজে তাঁর চোখে, পাঁজরে ঘুসি মারে দুষ্কৃতীদের একজন। কান থেকে সোনা ছিনিয়ে নেওয়ায় রক্ত ঝরতে থাকে বৃদ্ধার কান থেকে। দুষ্কৃতীরা ঘরে থাকা কাঠের আলমারি ভেঙে টাকাপয়সা নেওয়ার সময় কোনওভাবে ওই বৃদ্ধা পাশের ঘরে ঘুমিয়ে থাকা ছেলেকে ডাকেন। ছেলে উঠতেই দুষ্কৃতীরা পালিয়ে যায়। ঘটনার তদন্ত শুরু করেছে এনজেপি থানার পুলিশ।

সোমবার এই তাণ্ডবের কথা প্রকাশ্যে আসতেই চাঞ্চল্য ছড়িয়েছে দক্ষিণ শান্তিনগর এলাকায়। শ্যামলী চক্রবর্তী নামে ওই বৃদ্ধার ওপর এমন অত্যাচারের ঘটনায় স্তম্ভিত এলাকার সাধারণ মানুষ। শ্যামলীর ছেলে সৌরভের অভিযোগ, 'দুষ্কৃতীরা দুটি সোনার দুল ছাড়াও কাঁসা-পিতলের বাসনপত্র ও নগদ দশ হাজার টাকা নিয়ে পালিয়েছে।' সৌরভ এনজেপি থানায় অভিযোগ দায়ের করেছেন।

ঘটনার পর সৌরভের চোখেমুখে আতঙ্কের ছাপ স্পষ্ট। তিনি বলেন, 'মায়ের ডাক শুনে দরজা খুলি। দেখি মায়ের চোখে কালশিটে পড়ে গিয়েছে। কান দিয়ে রক্ত ঝরছে। মায়ের গলা দিয়ে আওয়াজ বের হচ্ছিল না। এরপর মাকে কোনওমতে ঘরে বিছানায় বসানোর পর পেছনের খোলা দরজা দিয়ে বাইরে বেরিয়ে দেখি একজন পালিয়ে যাচ্ছে। কিছুক্ষণ পর মা ধীরে ধীরে গোটা ঘটনা জানায়।'

এদিকে, সোমবার সকালেই ওই বাড়িতে হাজির হন ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়ক শিখা চট্টোপাধ্যায়। পুলিশ প্রশাসনের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে তিনি বলেন, 'এনজেপি থানা একটা পূর্ণাঙ্গ থানা, অথচ এলাকায় টহলদারির কোনও ব্যবস্থা নেই। দিনের পর দিন এলাকায় চুরি-ছিনতাইয়ের ঘটনা ঘটছে। কিছুদিন আগেই এলাকায় ভোরবেলা ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। অথচ সেটা দেখার কেউ নেই। দা দিয়ে ঘরের আলমারি ভাঙা হয়েছে। বৃদ্ধার মুখে কাপড় ঢুকিয়ে দেওয়া হয়েছে, যাতে তিনি চিৎকার না করতে পারেন। এর থেকে খারাপ আর কী হতে পারে?' তিনি আরও ক্ষোভ উগরে দিলেন যে, 'পুলিশ ডায়েরি পর্যন্ত নিতে চায় না। ডায়েরি দিলেও রিসিভ পর্যন্ত দেয় না।' শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের পদস্থ এক কর্তার কথায়, 'চুরির অভিযোগে ঘটনার তদন্ত করা হচ্ছে।'



শান্তিনগরের বাড়িতে দুষ্কৃতী হামলার পর জিনিসপত্র ছড়ানো।

এদিকে, রবিবার রাতে আগ্নেয়াস্ত্র ও একটি কার্তুজ সহ দার্জিলিং মোড় এলাকায় গ্রেপ্তার হয়েছে ঝাড়খণ্ড থেকে আসা এক দুষ্কৃতী। ওই দুষ্কৃতীর নাম ধীরাজ কুমার। সে ঝাড়খণ্ডের সাহেবগঞ্জের নয়াটোলা এলাকার বাসিন্দা। ধৃত ওই ব্যক্তি এলাকায় দুষ্কৃতীমূলক কার্যকলাপের জন্যই এসেছিল বলে পুলিশের অনুমান। তার সঙ্গে আরও কোনও সঙ্গী ছিল কি না, সেটাও তদন্ত করে দেখছে পুলিশ।

এই পরিস্থিতিতে ফের বহিরাগত দুষ্কৃতীরাই পুলিশ প্রশাসনের মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে, সেটা পরিষ্কার। প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার বলেন, 'এটা কোনও চ্যালেঞ্জ নয়। অপরাধীদের ধরাটাই আমাদের কাজ।'

দক্ষিণ শান্তিনগরের ঘটনায় চক্রবর্তী পরিবার সূত্রে জানা গিয়েছে, দোতলা বাড়ির নীচের তলায় চারটি ঘর রয়েছে। একটি ঘরে বৃদ্ধা ও আর একটি ঘরে সৌরভ থাকেন। আর এক ছেলে থাকেন ওপরের তলায়। সৌরভের অভিযোগ, 'কলপাড়ে কিছু হাতা, খুন্তি ও বাসনপত্র রাখা ছিল। অভিযুক্তরা সেখান থেকে খুন্তি নিয়ে পিছনের গেটের দরজা খোলে। ওই গেটে আমাদের তালা লাগানো থাকে না। এক দুষ্কৃতী ওই গেটে দাঁড়িয়ে পাহারা দিতে থাকে।'

বৃদ্ধার অভিযোগ, 'একজন কানে হাত দিয়ে দুল টানার চেষ্টা করলে আমার ঘুম ভাঙে। এরপর চিৎকার করতে গেলে সে আমার মুখের ভিতর ছেলের শার্ট ঢুকিয়ে দেয়। এরপর কান থেকে দুল ছিঁড়ে বের করে। ঘুসি-থাপ্পড় মারে। এরমধ্যেই দেখি, বিছানার তলা থেকে একজন বাসনের ট্রাংক থেকে বাসনপত্র চুরি করছে। এরপর আমাকে ছেড়ে লোকটা কাঠের আলমারি ভেঙে খোলে। কাঁসার বাসনপত্র নিয়ে আরেকজনও আলমারির সামনে যায়। সেই ফাঁকে আমি দৌড়ে ছেলের ঘরে যাই।'

এদিনের ঘটনা যথেষ্ট আতঙ্কের বলে মনে করছেন শহরের সাধারণ মানুষ। শেষ করে বাড়িতে ঢুকে এভাবে মারধর করে চুরির ঘটনা ঘটছে, তা মনে করতে পারছেন না এলাকার কেউই।

## আবাসের কাজে নজর রাখবে প্রশাসন

শিবশংকর সূত্রধর

**কোচবিহার, ৩০ জুন :** বাংলার বাড়ি প্রকল্পে দ্বিতীয় কিস্তির টাকা পাওয়ার পর ঘর তৈরির কাজ ঠিকমতো হচ্ছে কি না তা খতিয়ে দেখতে নজরদারি চালাবে প্রশাসন। ইতিমধ্যেই কোচবিহার জেলার ১ লক্ষ ১০ হাজার ঘরপ্রাপক দুটি ধাপে তাঁদের বরাদ্দের পুরো টাকা অর্থাৎ মোট ১ লক্ষ ২০ হাজার টাকা পেয়ে গিয়েছেন। প্রথম দফার টাকা পাওয়ার পরে ঘরের লিনটেল পর্যন্ত তৈরির পরই দ্বিতীয় ধাপের টাকা মিলেছে। সেই টাকা যাতে ঠিকমতো ব্যবহার করা হয় সেজন্য গ্রাম পঞ্চায়েত স্তরের কর্মী থেকে শুরু করে উচ্চপদস্থ আধিকারিকরাও নজরদারি চালাবেন। এছাড়া এলাকার জনপ্রতিনিধিরাও তদারকি করবেন। এবিষয়ে অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) সৌমেন দত্ত বলেছেন, 'ঘরের কাজকর্ম কীরকম চলছে, তা দেখতেই এই নজরদারি চলবে। প্রত্যেক উপভোক্তাকেই নিজেদের ঘরের কাজ সম্পন্ন করতে হবে।' ইতিমধ্যে বর্ষার মরশুম প্রায় শুরু হয়েছে। ফলে দ্রুত যাতে ঘরের কাজ সম্পন্ন করে ফেলা যায় সেজন্য উপভোক্তাদের উৎসাহ দেওয়া হবে।

জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, আবাস যোজনার ঘরের জন্য কোচবিহার জেলায় ৩ লক্ষ ৯১ হাজার ৪৭৫টি পরিবারের সমীক্ষা করা হয়েছিল। তার মধ্যে ২০২২ সালের অনুমোদিত তালিকায় ১ লক্ষ ৩৪ হাজার ৬০৫ জনের নাম ছিল। পার্মানেন্ট ওয়েটিং লিস্টে নাম ছিল ২ লক্ষ ৫৪ হাজার ৯৫৩ জনের। মুখ্যমন্ত্রীর দপ্তরে অভিযোগ জানিয়ে ঘরের আবেদন করেছিলেন আরও ১ হাজার ৯১৭ জন। প্রত্যেকের বাড়িতে সমীক্ষা চালানোর পর প্রথম ধাপে ১ লক্ষ ১৩ হাজার প্রাপকের নাম চূড়ান্ত হয়। গত ডিসেম্বর মাসে তাঁদের ব্যাংক অ্যাকাউন্টে প্রথম কিস্তির ৬০ হাজার টাকা দেওয়া হয়। তারপর গত মে মাস থেকে দ্বিতীয় কিস্তির বাকি ৬০ হাজার টাকা দেওয়া শুরু হয়েছে। কিন্তু এখনও বাড়ির লিনটেল পর্যন্ত তৈরি করার নিয়ম না মানায় প্রায় ৩ হাজার উপভোক্তা পরের কিস্তির টাকা পাননি। তবে যে ১ লক্ষ ১০ হাজার উপভোক্তা বরাদ্দের পুরো টাকাই পেয়েছেন, তাঁরা যাতে সেই টাকা সঠিক কাজে ব্যবহার করেন সেজন্য প্রশাসনের তরফে নজরদারির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।



জীবন যেমন... হালকা বৃষ্টির দিনে সিমলায়। সোমবার। - পিটিআই

# এনবিএসটিসি'র গ্রন্থাগারে জমছে ধুলো

গৌরহরি দাস

**কোচবিহার, ৩০ জুন :** বই-এ ঠাসা ঘরটা মাসের প্রায় প্রতিটা দিনই বন্ধ থাকে। ঘরে বইয়ের তাকে বহুদিনের পুরোনো ধুলোর আস্তরণ। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের বহু পুরোনো গ্রন্থাগারটির এমনই অবস্থা। নিগমে এখন কর্মীর অভাব স্পষ্ট। ফলে কর্মীদের জন্য বানানো গ্রন্থাগারে পাঠক পাওয়াই দুষ্কর হয়ে উঠেছে। সেই গেরোয় কোচবিহার জেলায় সংস্থার রিক্রিয়েশন হলে বেহাল অবস্থায় বন্ধ হয়ে পড়ে রয়েছে গ্রন্থাগারটি। সেখানে থাকা বহুমূল্য বইগুলি নষ্ট হয়ে যেতে বসেছে। ওই গ্রন্থাগারটিতে কয়েক হাজার দুর্মূল্য বই রয়েছে বলে নিগমের তরফে জানা গিয়েছে। গ্রন্থাগারটির এমন দশার কথা স্বীকার করে নিয়েছেন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর দীপঙ্কর পিপলাইও। তিনি বলেন, 'আগের থেকে নিগমে কর্মীর সংখ্যা অনেক কমেছে। ফলে কাজের চাপও বেড়েছে। তাই এখন কর্মীদের বই পড়ার সময় কোথায়! যে কারণে গ্রন্থাগারটির এমন অবস্থা। তবুও আমরা চেষ্টা করছি যাতে গ্রন্থাগারটিকে পুনরুজ্জীবিত করা যায়।'



পাঠকের অভাবে রিক্রিয়েশন হলের লাইব্রেরি কার্যত বন্ধ।

কোচবিহার শহরের হাসপাতাল চৌপথি সংলগ্ন সিলভার জুবিলি রোডের ধারে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের বাসস্ট্যান্ড লাগোয়া জায়গায় নিগমের রিক্রিয়েশন হলঘর। সেই হলঘরের ভিতরে নিগমের বহু পুরোনো গ্রন্থাগারটি রয়েছে। নিগম সূত্রে জানা গিয়েছে, ওই গ্রন্থাগারটি মূলত নিগমের কর্মীদের অবসর বিনোদনের জন্য তৈরি করা হয়েছিল। একসময় এনবিএসটিসি'র প্রায় ৫ হাজার স্থায়ী কর্মী ছিল। ফলে তখন অতিরিক্ত কাজের চাপ সকলের মধ্যে ভাগ হয়ে যেত। কাজের ফাঁকে কর্মীরা যাতে তাঁদের অবসর সময় বই পড়ে কাটাতে পারেন সেই লক্ষ্যেই গ্রন্থাগারটি তৈরি করা হয়। একটা সময় নিগমের কর্মীরা সেখানে যথেষ্ট ভিড় জমাতেন।

তবে এখন আর সেদিন নেই। সময়ের সঙ্গে সঙ্গে বর্তমানে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের স্থায়ী কর্মীর সংখ্যা মাত্র ৩৪৫। এছাড়া ১৪০০ জন অস্থায়ী কর্মী রয়েছেন। এই অবস্থায় নিগমের কাজের চাপ আগের তুলনায় অনেকটাই বেড়েছে। অথচ কর্মীর সংখ্যা বহুগুণ কমেছে। ফলে স্বাভাবিকভাবেই কর্মীদের এখন আর বই পড়ার মতো সময় থাকে না। আর যেটুকু সময় মেলে তাতে সকলে বই না পড়ে মোবাইলে ব্যস্ত থাকতেই বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। আর ঠিক সেই কারণেই নিগমের গ্রন্থাগারটি কার্যত বন্ধ।

# হাসপাতালের শৌচাগারে প্রসব ছাত্রীর

**জলপাইগুড়ি, ৩০ জুন :** হাসপাতালের শৌচাগারে প্রসব করল ১৫ বছর বয়সি নবম শ্রেণির এক ছাত্রী। সোমবার সকালে পেটে যন্ত্রণা নিয়ে ওই ছাত্রীকে তার মা জলপাইগুড়ি মেডিকেল কলেজের জরুরি বিভাগে নিয়ে আসেন। জরুরি বিভাগের পাশে থাকা একটি শৌচাগারে যায় ওই নাবালিকা। সেখানেই সে পুত্রসন্তানের জন্ম দেয়। এমন ঘটনায় হইচই পড়ে যায় মেডিকেল কলেজ চত্বরে। জরুরি বিভাগে থাকা চিকিৎসক ওই নাবালিকার প্রাথমিক চিকিৎসা করে প্রসূতি বিভাগে পাঠিয়ে দেন। প্রসূতি বিভাগের চিকিৎসকরা জানিয়েছেন নাবালিকা এবং তার সন্তান সুস্থ রয়েছে। জলপাইগুড়ি মেডিকেল কলেজের এমএসভিপি ডাঃ কল্যাণ খান বলেন, 'নাবালিকার মা হওয়ার ঘটনা নিয়ম অনুযায়ী পকসো মামলার আওতায় আসে। সেই কারণে আমরা জলপাইগুড়ি পুলিশকে জানিয়েছি। তবে নাবালিকা এবং শিশুটির চিকিৎসায় যাতে কোনও ত্রুটি না হয় তা গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। আমি খোঁজ নিয়ে জেনেছি মা এবং সন্তান সুস্থ রয়েছে।'

নাবালিকার পরিবার সূত্রে খবর, দুইদিন ধরে ওই নাবালিকা তার মাকে পেটের যন্ত্রণার কথা জানিয়ে আসছিল। এদিন সকালে

> নাবালিকার মা হওয়ার ঘটনা নিয়ম অনুযায়ী পকসো মামলার আওতায় আসে। তবে নাবালিকা এবং শিশুটির চিকিৎসায় যাতে কোনও ত্রুটি না হয় তা গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে।
>
> **ডাঃ কল্যাণ খান** এমএসভিপি জলপাইগুড়ি মেডিকেল কলেজ

সে তার গৃহশিক্ষকের কাছে পড়তে গিয়েছিল। সেখানে তার পেটে যন্ত্রণা শুরু হয়। সে বাড়ি ফিরে এসে মাকে সেই কথা জানায়। মেয়েটি মাকে বলে, দ্রুত চিকিৎসকের কাছে নিয়ে যাওয়ার জন্য। এরপর নাবালিকার মা ও এক পরিবারের সদস্য মেয়েটিকে জলপাইগুড়ি মেডিকেল কলেজের সুপারস্পেশালিটি বিভাগের জরুরি বিভাগে নিয়ে আসেন। সেই সময় নাবালিকা মায়ের কাছে শৌচালয়ে যাওয়ার কথা বলে। মা তাকে জরুরি বিভাগের পাশে থাকা শৌচালয়ে নিয়ে যান।

হাসপাতাল সূত্রে খবর, এরপরই শৌচালয় থেকে নাবালিকার মা ছুটে বাইরে এসে স্বাস্থ্যকর্মীদের জানান, তাঁর মেয়ে অসুস্থ বোধ করছে। স্বাস্থ্যকর্মীরা শৌচালয়ের ভেতর গিয়ে দেখতে পান, মেয়েটি সন্তানের জন্ম দিয়েছে। তাঁরা দ্রুত জরুরি বিভাগের চিকিৎসককে বিষয়টি জানান। চিকিৎসক মেয়েটিকে শৌচালয় থেকে জরুরি বিভাগে বেডে নিয়ে এসে প্রয়োজনীয় চিকিৎসা করেন। এরপর তাকে প্রসূতি বিভাগে ভর্তি করার পরামর্শ দেন। দ্রুত নাবালিকা এবং তার সন্তানকে প্রসূতি বিভাগে ভর্তি করে পরবর্তী চিকিৎসা শুরু হয়।

## সংবর্ধনা

**কোচবিহার, ৩০ জুন :** সম্প্রতি অনূর্ধ্ব ১৭ সুব্রত মুখোপাধ্যায় ফুটবল টুর্নামেন্টে কোচবিহার সদর মহকুমা স্তরে চ্যাম্পিয়ন হয়েছে বিবেকানন্দ বিদ্যাপীঠ। সোমবার চ্যাম্পিয়ন টিমের খেলোয়াড়দের মেডেল পরিয়ে সংবর্ধনা দিল স্কুল কর্তৃপক্ষ। উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক সৌমেন সাহা, ক্রীড়া শিক্ষক বিশ্বনাথ দাস প্রমুখ।

## মাদক নিয়ে সংঘাত

**আলিপুরদুয়ার, ৩০ জুন :** রাজনীতিতে কেন্দ্র-রাজ্য সংঘাত নতুন কিছু নয়। তবে এবার রেলের অন্দরে সেই সংঘাত ক্রমশই স্পষ্ট হয়ে উঠছে। সম্প্রতি আলিপুরদুয়ার জংশন স্টেশন সংলগ্ন এলাকায় গাঁজা পাচারের অভিযোগে তিনজন জিআরপিকর্মীকে গ্রেপ্তার করা হয়। সেই গাঁজা কাঞ্চনকন্যা এক্সপ্রেসের মাধ্যমে কলকাতা পাঠানোর কথা ছিল। তার আগেই অভিযুক্তরা গ্রেপ্তার হয়। একইভাবে নিউ কোচবিহার স্টেশনে ঢোকার মুখে তিনজনকে গাঁজা পাচারের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছিল। সেখানেও দুজন জিআরপিকর্মী যুক্ত থাকার অভিযোগ সামনে আসে। এভাবে বারবার গাঁজা ও বিভিন্ন মাদকজাত দ্রব্য পাচারে জিআরপির নাম জড়ানোয় ক্ষুব্ধ আরপিএফ। এছাড়া উত্তরবঙ্গে বিভিন্ন জায়গায় রেল রুটে অবাধে গাঁজা ও মাদক পাচারের বিষয়টিও তারা ভালোভাবে দেখছে না। আরপিএফ এনিয়ে জিআরপির বিরুদ্ধে সরব হয়েছে। তাদের দাবি, আরপিএফকর্মীরা মাদক ও গাঁজা বাজেয়াপ্ত করার পর তা জিআরপি ও কাস্টমসের হাতে তুলে দেয়। তারপর বিষয়টি নিয়ে জিআরপির তদন্ত করার কথা। উত্তর-পূর্ব সীমান্ত রেলের ডিভিশনাল সিকিউরিটি কমিশনার এন জয় প্রকাশ বলেন, 'কোনও নেশার সামগ্রী বাজেয়াপ্ত হলে তা জিআরপির হাতে তুলে দেওয়া হয়। তবে তারপর কীভাবে জিআরপিকর্মীদের একাংশ মাদক পাচারের কাজে যুক্ত হয়ে পড়ছেন তা তাঁরাই বলতে পারবেন।'

## নিরাপদ নন

*প্রথম পাতার পর*

তাঁর নামে শ্লীলতাহানির তখন মামলা দায়ের হল। এরপর ২০১৮ সালে আবার তাঁকে কলেজ থেকে বহিষ্কার করে দেওয়া হয়। ২০২৩ সাল থেকে তাঁর দাপট আবার বাড়তে শুরু করে। যে অভিযোগপত্র উত্তরবঙ্গ সংবাদের হাতে এসেছে, তাতে দেখা যাচ্ছে, ২০২২ সালে তৃণমূল ছাত্র পরিষদের ইউনিট সভাপতি থাকাকালীন মনোজিতের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ ছিল।

গড়িয়াহাট থানায় ২০১৭ সালেও তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয় কলেজ চত্বরে মেয়েদের শ্লীলতাহানি করার জন্য। কলেজ চত্বরে মদ ও গুন্ডাবাহিনী নিয়ে এসে দাদাগিরি করতেন বলে সকলে ভীত থাকতেন। রাজনৈতিকভাবে ক্ষমতা দেখিয়ে হুমকি দিয়ে বলতেন, পুলিশ বা অন্য কেউ তাঁর কিছু করতে পারবে না। এর আগেও কলেজে প্রথম বর্ষের এক ছাত্রীর শ্লীলতাহানি করার অভিযোগ আছে তাঁর বিরুদ্ধে।

দ্বিতীয় বর্ষের এক ছাত্রী বলেন, 'কলেজের পিকনিকে গিয়েও অভব্য আচরণ করত জুনিয়ারদের সঙ্গে। সামনে বোন, দিদি বলে পিছনে কুপ্রস্তাব দিত। কেউ প্রতিবাদ করলে বলত, দেখবি ওই মেয়েটি আমার দলের হয়ে যাবে। আমাকে কালচারাল প্রোগ্রামের সেক্রেটারি করে দেবে বলেছিল। ও একটা পিশাচ।' ২০১৮ সালে মার্চ মাসে তাঁর বিরুদ্ধে দুই ছাত্রী যৌন হেনস্তার অভিযোগ এনেছিল। তাঁরা গোপন জবানবন্দিও দিয়েছিলেন।

ওই সময় রাজনৈতিক দাদাদের আশ্রয়ে তিনি গ্রেপ্তারি এড়িয়েছিলেন বলে অভিযোগ। তবে টিএমসিপির তৎকালীন রাজ্য সভাপতি তাঁকে কলেজ ক্যাম্পাসে ঢুকতে বারণ করে দিয়েছিলেন। কলেজের বিভিন্ন কাজ ও সরবরাহের টেন্ডার প্রক্রিয়াতেও তাঁর আধিপত্য ছিল। টাকা নিয়ে প্রথম বর্ষে কলেজে ভর্তি করিয়ে দিতেন। রাজনৈতিক কেরিয়ার তৈরি করে দেওয়া হবে বলে অনেককে আশ্বাস দেওয়া হত। পুলিশকে মারধরের পরেও গ্রেপ্তার হননি তিনি।

# জলপাইগুড়িতে ফের চা নিলাম শুরু

সৌরভ দেব

**জলপাইগুড়ি, ৩০ জুন :** প্রায় ১০ বছর পর সোমবার থেকে আবার চা নিলাম চালু হল জলপাইগুড়ি চা নিলামকেন্দ্রে। এদিনের নিলামে ৪৫ হাজার কেজি চা বিক্রি হয়েছে। নিলামে চায়ের সর্বোচ্চ দর ওঠে ২২৭ টাকা কেজি। জলপাইগুড়ি চা নিলামকেন্দ্র আবার চালু হওয়ায় উচ্ছ্বসিত বটলিফ ফ্যাক্টরি থেকে শুরু করে চা বাগান কর্তৃপক্ষ এবং জেলার শিল্পপতিরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জলপাইগুড়ির সাংসদ ডাঃ জয়ন্ত রায়, বিধায়ক ডাঃ প্রদীপকুমার বর্মা, টি বোর্ডের ডেপুটি ডাইরেক্টর কমলচন্দ্র বৈশ্য, নর্থবেঙ্গল টি অকশন কমিটির ভাইস চেয়ারম্যান পুরোজিৎ বক্সীগুপ্ত, নর্থবেঙ্গল টি অকশন কমিটির টাস্ক ফোর্স কমিটির চেয়ারম্যান সঞ্জয় ধানোঠি সহ অন্যরা।

২০১৪ সালে শেষবারের মতো জলপাইগুড়ির এই নিলামকেন্দ্র থেকে চায়ের নিলাম হয়েছিল। সোমবার নিলামের জন্য ১ লক্ষ ৫ হাজার কেজি চা পাঠিয়েছিলেন বিক্রেতারা। তবে হাতেগোনা কিছু বড় বাগান বাদে বেশিরভাগটাই ছিল বটলিফ ফ্যাক্টরি থেকে আসা চা।

এদিন সকাল সাড়ে দশটা নাগাদ শুরু হয় অনলাইনে চায়ের নিলাম। প্রায় ১২টা পর্যন্ত সেই নিলাম চলে। সূত্রের খবর, এদিন প্রায় ৫৯ জন ক্রেতা রাজ্য এবং দেশের বিভিন্ন জায়গা থেকে নিলামে অংশ নিয়েছিলেন। তাঁদের মধ্যে একটা বড় অংশ ক্রেতা ছিলেন কলকাতার। ১ লক্ষ ৫ হাজার কেজি চায়ের মধ্যে ৪৫ হাজার কেজি চা বিক্রি হয়েছে। প্রথম দিনেই প্রায় ৪০ শতাংশ চা বিক্রি হওয়ায় উচ্ছ্বসিত বিক্রেতারা এবং চা নিলাম কর্তৃপক্ষ।

এদিন বিপি গ্রেডের সিটিসি চা সর্বোচ্চ ২২৭ টাকা কেজিতে বিক্রি হয়েছে। নিলামে অবশ্য গড় দাম ছিল ১১৪ টাকা প্রতি কেজি। টাস্ক ফোর্স কমিটির চেয়ারম্যান সঞ্জয় ধানোঠি বলেন, 'প্রথম দিনে নিলামে যে পরিমাণ চা বিক্রি হয়েছে তাতে আমরা যথেষ্টই খুশি। দেশের মধ্যে একমাত্র এই নিলামকেন্দ্র যেখানে চা কেনার সাতদিনের মধ্যে টাকা পরিশোধ করলে ক্রেতারা ২ শতাংশ ছাড় পাচ্ছেন। ফলে আমরা আশাবাদী আগামীতে আরও বেশি পরিমাণ চা এই কেন্দ্র থেকে বিক্রি হবে।'

অনুষ্ঠানে উপস্থিত থেকে সাংসদ দলীয় রাজনীতির ঊর্ধ্বে উঠে জেলার উন্নয়নে তৃণমূলের বিধায়ককে সঙ্গী হওয়ার আবেদন জানান। বিধায়কের উদ্দেশে জয়ন্ত বলেন, 'সেই কবে থেকে দেখে আসছি উত্তরবঙ্গের বিভাগীয় শহর এবং জলপাইগুড়ি জেলার এই দশা। কেন চা শিল্পের উন্নতি হচ্ছে না? কী তার কারণ? কেন মালিক ও শ্রমিকদের মুখে হাসি নেই। এই বঞ্চনার প্রতিকারে আমরা দুই ভাই মিলে চলুন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে গিয়ে সমস্যা সমাধানের জন্য তদ্বির করি। আসুন নিজেদের রাজনৈতিক পরিচয়ের বাইরে গিয়ে একজন জনপ্রতিনিধি হিসেবে আমরা জেলার উন্নয়নে কিছু করি।'

সাংসদের সুরে বিধায়ক গলা মিলিয়ে বলেন, 'আমাদের রাজনৈতিক আদর্শ আলাদা হলেও একসঙ্গে কাজ করাই জনপ্রতিনিধি হিসেবে একমাত্র উদ্দেশ্য।' তৃণমূল বিধায়ক ডাঃ বর্মা বলেন, 'রাজনীতির বাইরে আমার সঙ্গে সাংসদের আত্মীয়তার সম্পর্ক রয়েছে। আমরা আলাদা রাজনীতি করতে পারি। কিন্তু জেলার উন্নয়নে রাজনীতির ঊর্ধ্বে উঠে কাজ করতে হবে।' চা নিলাম কমিটির ভাইস চেয়ারম্যান পুরোজিৎ বক্সীগুপ্ত বলেন, 'দীর্ঘ ১০ বছর পর ফের নিলামের প্রথম দিনের চা বিক্রিতে আমরা যথেষ্টই খুশি।'

# 'আ মরি বাংলা ভাষা' ভিনরাজ্যে

*প্রথম পাতার পর*

তাঁরা দিল্লিতে কাজ করছিলেন ইটভাটায়। তাঁদের সচিত্র বৈধ পরিচয়পত্র থাকলেও পুলিশ কোনও কথা শোনেনি। ওই সাতজন কোচবিহারের দিনহাটার সাবেক ছিটমহলের বাসিন্দা। ওই খবরে ক্ষোভ আর উদ্বেগ ছড়িয়েছে এলাকায়। ওই সাতজনের পরিবার তাঁদের উদ্ধারের জন্য পুলিশের দ্বারস্থ হয়েছে। দিনহাটা থানার সামনে নিজেদের পরিচয়পত্র নিয়ে দাঁড়িয়েও ছিলেন তাঁরা।

শুধু এই একটা ঘটনা নয়, অতি সম্প্রতি মহারাষ্ট্র পুলিশ বাংলার কয়েকজনকে পাকড়াও করে বাংলাদেশে পুশব্যাক করেছিল। পরে বিএসএফ-বিজিবির ফ্ল্যাগ মিটিংয়ের পর বাড়ি ফিরতে পারেন তাঁরা। একইরকম খবর আসছে গুজরাট, রাজস্থান, উত্তরপ্রদেশ, হরিয়ানা, ওড়িশা থেকে। উত্তরপ্রদেশের দেওরিয়ায় বাংলাদেশি সন্দেহে ৬ জন বাঙালিকে আটক করা হয়েছিল। তাঁরা কেউ বেলডাঙ্গার, কেউ নদিয়ার কৃষ্ণগঞ্জের বাসিন্দা। অনেক কাঠখড় পুড়িয়ে রাজ্য প্রশাসনের চেষ্টায় রেহাই পেয়েছেন তাঁরা। বেশকিছু বাঙালিকে আটকে রাখা হয়েছিল রাজস্থানের ভিওয়াড্ডিতেও। যাঁরা উত্তর দিনাজপুরের ইটাহারের বাসিন্দা।

গত ২৯ মে ছত্তিশগড়ের রায়পুরে পুলিশ আটক করে হুগলির ২৬ জনকে। তাঁদের বিরুদ্ধে একটাই প্রমাণ ছিল পুলিশের হাতে, তাঁরা কথা বলছিল বাংলায়। তাঁদের মধ্যে ৫ জনকে গ্রেপ্তারও করা হয়েছিল। পরে নাগরিকত্ব প্রমাণ করে ছাড়া পান তাঁরা। বছর পনেরো তাঁরা কাজ করছেন ছত্তিশগড়ে। তাঁদের প্রশ্ন একটাই, বাংলা বলা কি অপরাধ? নিজের দেশে কি আমরা মাতৃভাষায় কথা বলতে পারব না?

এই ঘটনার কিছুদিন আগে দুর্ভোগের পড়তে হয়েছিল কোচবিহারের দিনহাটা এলাকার ১২ জনকে। রাজস্থানের শিকার জেলার পান থানার পুলিশ তাঁদের সবাইকে বাংলাদেশি বলে টানা ন'দিন আটকে রেখেছিল। তাঁদের অপরাধ, তাঁরা কথা বলছিলেন বাংলায়। বহু আবেদন-নিবেদনের পর বৈধ কাগজপত্র দেখিয়ে রেহাই পান তাঁরা। তাঁরা বহুদিন ধরে সেখানে ইটভাটার শ্রমিক।

তবে ভাগ্য এত সুপ্রসন্ন ছিল না নদিয়ার ২৮ বছরের তরুণ শফিকুল শেখের। রাজস্থানেরই লালকোঠারি থানার পুলিশ তাঁকে তুলে নিয়ে আটকে রেখেছে ডিটেনশন ক্যাম্পে। উদ্বিগ্ন তাঁর পরিবার। অসমের গোলাঘাটের নুমালিগঞ্জে মুর্শিদাবাদের ১২ জন দিনমজুরকে গ্রেপ্তার করা হয়েছিল। পুলিশ তাঁদের সব পরিচয়পত্র, মোবাইল কেড়ে নিয়েছিল। তারপর এ রাজ্যের প্রশাসনের চেষ্টায় ছাড়া পান তাঁরা।

উত্তরপ্রদেশের মথুরায় গাছের নীচে বসে বাংলায় কথা বলছিলেন ইসলামপুর আর ভগবানগোলার পাঁচ শ্রমিক। তাঁদের কাছে আধার, ভোটার কার্ড থাকা সত্ত্বেও তাঁদের নিয়ে যাওয়া হয় গোবিন্দপুর থানায়। এ রাজ্যের প্রশাসনিক কর্তাদের উদ্যোগে ছাড়া পান তাঁরা। উত্তরপ্রদেশেরই বালিয়ার রসরাজ এলাকায় প্লাস্টিকের জিনিসপত্র বিক্রেতা একাধিক বাঙালি মুসলিমকে বেদম মারধর করা হয়। তাঁরা মুর্শিদাবাদের বড়ঞার বাসিন্দা। তাঁদের ঘিরে ধরে আধার কার্ড চাওয়া হয়। তারপর সেসব ছিঁড়ে ফেলা হয়। জোর করে তাঁদের জয় শ্রীরাম বলানো হয় বলে জানাচ্ছেন তাঁরা।

পহলগামের ঘটনা আর মুর্শিদাবাদের গোলমালের পর হামলার মাত্রা আরও বেড়েছে। ভয়ে অনেকে পুলিশের কাছে যেতে চাইছেন না। পড়শি অসমে নতুন চেহারায় 'বঙ্গাল খেদা' ফিরে এসেছে এনআরসি'র হাত ধরে। ডি-ভোটার সন্দেহে ওপারে পাঠানোর চেষ্টা হয় এপারের ১৪ জনকে। তাঁরা দু'দেশের মাঝে নো ম্যানস ল্যান্ডে আটকে পড়েছিলেন। খোলা আকাশের নীচে টানা চারদিন ঝড়-জলের মধ্যে বসে ছিলেন তাঁরা। তাঁদের মধ্যে ছিলেন এক মহিলা আর এক সদ্যোজাত।

বিএসএফ আর ওপারের বিজিবির অনেক ঠেলাঠেলির পর ফিরিয়ে আনা হয় তাঁদের। দশ বছর আগে ছিটমহল চুক্তি হলেও দুর্দশা, দুর্ভোগ মেটেনি সেখানকার আদি বাসিন্দাদের। ভিনরাজ্যে তাঁদের বিপদ বরং আরও বাড়ছে। এসব কি গর্ব করার, আশা করার মতো কিছু? দেশের এক রাজ্যের মানুষ অন্য রাজ্যে কাজ করতে যেতে পারবেন না? এ রাজ্যেও তো কত মানুষ কাজ করতে আসেন। কত মানুষ এখানেই থেকে যান বংশপরম্পরায়। সবাই তো ভারতীয়, এক দেশের নাগরিক।

বৈধ পরিচয়পত্র থাকা সত্ত্বেও শুধু বাংলা বলার জন্য অত্যাচারের শিকার হতে হবে কেন বাঙালিদের? কত আবেগ নিয়ে কবি লিখেছিলেন, 'ওই ভাষাতেই প্রথম বোলে, ডাকনু মায়ে 'মা' 'মা' বলে, ওই ভাষাতেই বলবো 'হরি', সাঙ্গ হলে কাঁদা-হাসা।' যিনি এই পংক্তিগুলি লিখেছিলেন, সেই অতুলপ্রসাদ সেন জীবনের অনেকটা সময় কাটিয়েছেন লখনউতে। তিনিও ছিলেন প্রবাসী বাঙালি। তবে তখন তো অমৃতকাল শুরু হয়নি।

## পলাতক শিক্ষক


*প্রথম পাতার পর*

'রাজ সাঁতার জানত না। কেন মাদ্রাসার ওই শিক্ষক বাচ্চাদের নিয়ে মাছ ধরতে গেলেন? শিক্ষকের জন্যই এই ঘটনা ঘটল। আমরা ওই শিক্ষকের শাস্তি চাই।'

মাদ্রাসা পরিচালন কমিটির সদস্য ফারুক জামাল বলেন, 'খুবই দুঃখজনক ঘটনা। আমাদের না জানিয়ে ওই শিক্ষক পড়ুয়াদের নিয়ে নদীতে মাছ ধরতে যান। দুজনের খোঁজ পাওয়া যায়নি। নিখোঁজ হওয়ার পর বিষয়টি জানতে পারি।'

মাথাভাঙ্গা-১ পঞ্চায়েত সমিতির সদস্য মকসেদুল ইসলাম বলেন, 'বিষয়টি শোনার পর ঘটনাস্থলে আসি। সিভিল ডিফেন্সকর্মীরা ঘটনাস্থলে তল্লাশি চালালেও দুই কিশোরের খোঁজ পাওয়া যায়নি।'

# মায়ামির বিদায়ের দিনেও মধ্যমণি মেসি



জোড়া গোল করে প্যারিস সাঁ জাঁ-র জোয়াও নেভেস।



হেরেও নায়কের মর্যাদা নিয়ে ফিরছেন লিওনেল মেসি।

**আটলান্টা, ৩০ জুন :** দিনটা খুব তাড়াতাড়ি ভুলে যেতে চাইবেন লিওনেল মেসি।

কিন্তু ভুলতে পারবেন কি? বিশেষত বিশ্বমঞ্চে যদি এটাই তাঁর শেষ ম্যাচ হয়ে থাকে!

রবিবার ক্লাব বিশ্বকাপে শেষ ষোলোর ম্যাচে প্যারিস সাঁ জাঁ-র সামনে কোনও প্রতিরোধই গড়ে তুলতে পারেনি ইন্টার মায়ামি। ম্যাচের দ্বিতীয়ার্ধে কিছু মেসিসুলভ ঝলক দেখা গেলেও পিএসজি-র দাপটে তা ঢাকা পড়ে যায়। তবুও ম্যাচ শেষে আর্জেন্টাইন মহাতারকাই যেন মধ্যমণি। শেষ বাঁশি বাজার পর প্রাক্তন সতীর্থ জিয়ানলুইগি ডোন্নারুম্মা, মার্কুইনহোস, আচরাফ হাকিমিরা মাঠেই মেসির সঙ্গে হাত মেলান। পরে সাজঘরে আলাদা করে দেখাও করেন। যেখানে নিজের জার্সি, বুট ও শর্টস ওসমানে ডেম্বেলেকে উপহার দেন লিও। পরে সমাজমাধ্যমে সেই ছবি পোস্টও করেছেন ফরাসি তারকা। পিএসজি-র আরেক তারকা দেজিরে দুয়েকে এদিন এলএম টেনের নাম লেখা জুতো পরতে দেখা গিয়েছে। সব মিলিয়ে রবি-রাতে ফ্লোরিডার হার্ড রক স্টেডিয়াম মেসিময়।

তাঁর পায়ের জাদু দেখতেই তো গ্যালারিতে ৬৫ হাজার মানুষের সমাগম। ম্যাচ শেষে সেকথাই মনে করিয়ে দেন মায়ামির কোচ জাভিয়ের মাসচেরানো। বলেছেন, 'পিএসজি দুর্দান্ত ছন্দে রয়েছে, এই নিয়ে কোনও সন্দেহ নেই। তবে ৩৮-এর মেসির খেলা দেখতেই মানুষ এখনও টিকিট কাটছে।' পিএসজি-র ডিফেন্ডার লুকাস বেরালডো বলেছেন, 'আমরা যারা শৈশবে টেলিভিশনে মেসির খেলা দেখে বড় হয়েছি, তাদের কাছে আজকের দিনটা স্বপ্নপূরণের মতো।'

২০২৫-এর শেষেই মেসির সঙ্গে ইন্টার মায়ামির বর্তমান চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। সতীর্থরা চাইলেও লিও নিজে আগামী বছর ফিফা বিশ্বকাপে খেলবেন কি না, সেই ছবিটাও এখনও স্পষ্ট নয়। স্প্যানিশ সংবাদমাধ্যম বলছে, 'মেসি নিজেও এখনও নিজের ভবিষ্যৎ ঠিক করেননি।' কাজেই প্রশ্নটা থেকেই যায়, বিশ্বমঞ্চে কি শেষ ম্যাচটা খেলে ফেললেন তিনি? যদিও আরেকটা সূত্র বলছে, নতুন চুক্তি নিয়ে ইতিমধ্যেই ডেভিড বেকহ্যামের ক্লাবের সঙ্গে তাঁর কথাবার্তা চলছে। যদিও এলএম টেন নিজে কিছুই স্পষ্ট করেননি। ম্যাচের পর এক সাক্ষাৎকারে বলেছেন, 'চ্যাম্পিয়ন্স লিগের চ্যাম্পিয়নদের কাছে হেরে ক্লাব বিশ্বকাপে আমাদের যাত্রা শেষ হল। জানি না, এটা প্রত্যাশিত ছিল কি না। তবে ক্লাব বিশ্বকাপে আমরা ছাপ রাখতে পেরেছি, প্রতিদ্বন্দ্বিতা করেছি।' মাসচেরানোও বলেছেন, 'আমার দল যা করেছে তাতে সত্যিই গর্বিত। এবার এগিয়ে যেতে হবে। ভবিষ্যতে মনোযোগ দিতে চাই।'

## দুয়ের পায়ে এলএম টেন লেখা জুতো

> পিএসজি দুর্দান্ত ছন্দে রয়েছে, এই নিয়ে কোনও সন্দেহ নেই। তবে ৩৮-এর মেসির খেলা দেখতেই মানুষ এখনও টিকিট কাটছে।
>
> **জেভিয়ার মাসচেরানো**




# কেনের জোড়া গোল, কোয়ার্টারে বায়ার্ন

**ফ্লোরিডা, ৩০ জুন :** ফ্ল্যামেঙ্গোর দৌড় থামিয়ে ফিফা ক্লাব বিশ্বকাপের শেষ আটে বায়ার্ন মিউনিখ। ৪-২ গোলে জিতল জার্মান জায়েন্টরা। ৬ গোলের রুদ্ধশ্বাস ম্যাচে জোড়া গোল হ্যারি কেনের।

গ্রুপপর্বে ৩ ম্যাচের মধ্যে দুটো জয়, একটা ড্র। সেই ফ্ল্যামেঙ্গো যে প্রি-কোয়ার্টার্স ফাইনালে বায়ার্নকে কঠিন চ্যালেঞ্জ ছুড়ে দেবে, তা প্রত্যাশিতই ছিল। হলও তাই। ম্যাচের প্রথম গোল যদিও আত্মঘাতী। ৬ মিনিটে জোশুয়া কিমিচের শট বিপন্মুক্ত করতে গিয়ে নিজের জালেই জড়িয়ে দেন ফ্ল্যামেঙ্গোর এরিক পুলগার। এগিয়ে যায় বায়ার্ন। ঠিক ৩ মিনিটের ব্যবধানে ২-০ করেন কেন। দুই গোল হজম করলেও দমে যায়নি ব্রাজিলের ক্লাবটি। ৩৩ মিনিটে ম্যানুয়েল ন্যুয়েরকে পরাস্ত করে প্রথম গোলটি শোধ করেন গারসন। পালটা ৪১ মিনিটে বায়ার্নের হয়ে আরও একটি গোল করেন লিওন গোরেৎজকা। ৫৫ মিনিটে পেনাল্টি থেকে ফের ব্যবধান কমান ফ্ল্যামেঙ্গো অধিনায়ক জর্জিনহো। তাতেও কোনও কাজ হয়নি। ৭৩ মিনিটে নিজের দ্বিতীয় গোল করে বায়ার্নের জয় নিশ্চিত করেন কেন।

ম্যাচ শেষে বায়ার্নের জয়ের নায়ক কেন বলেছেন, 'একটা ভালো দলের বিরুদ্ধে কঠিন ম্যাচ জিতলাম। ওরা আমাদের জন্য কাজটা কঠিন করে দিয়েছিল, বিশেষত দ্বিতীয়ার্ধের কথা বলতেই হয়। আমাদের চতুর্থ গোলটাই ম্যাচের মোড় ঘুরিয়ে দিয়েছে।' কোয়ার্টার্স ফাইনালে আরও কঠিন চ্যালেঞ্জ অপেক্ষা করছে বায়ার্নের সামনে। প্রতিপক্ষ ইউরোপ সেরা প্যারিস সাঁ জাঁ। সেই নিয়ে কেনের মন্তব্য, 'পিএসজি-র বিরুদ্ধেও লড়াইটা কঠিন। দুর্দান্ত মরশুম কাটিয়েছে ওরা। যদিও এই মরশুমে আমরা ওদের বিরুদ্ধে জিতেছি। তবে এবার কাজটা আরও কঠিন। তবে আমাদের যে কোনও দলকে হারানোর ক্ষমতা রয়েছে।'



ফ্ল্যামেঙ্গোর বিরুদ্ধে জোড়া গোল করে হুংকার হ্যারি কেনের।



ছবির মতো সুন্দর। স্ত্রী রীতিকার সঙ্গে সুইৎজারল্যান্ডে সময় কাটাচ্ছেন রোহিত শর্মা।

# অঘটন না হলে সঞ্জয় মানোলোর জায়গায়

**সুস্মিতা গঙ্গোপাধ্যায়**

**কলকাতা, ৩০ জুন :** মানোলো মার্কুয়েজের উত্তরসূরি কি সঞ্জয় সেন?

বুধবার অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের কার্যনির্বাহী সমিতির সভা। সেদিনই নতুন কোচের নাম ঘোষণা হবে নাকি আরও দিন কয়েক সময় লাগবে, তা এখনও পরিষ্কার নয়। তবে জাতীয় দলের ডিরেক্টর সুব্রত পাল সদস্যদের যে চিঠি দিয়েছেন, তা ইতিমধ্যেই প্রকাশ্যে এসে পড়েছে। আর সেই চিঠি নিয়েও প্রশ্ন তুলছেন কার্যনির্বাহী সমিতির সদস্যরা। তাঁদের প্রশ্ন, জাতীয় দলের কোচের পদত্যাগের খবর কেন চেপে রাখা হয়েছে? যা খবর তাতে মানোলো ইতিমধ্যেই তাঁর পদত্যাগপত্র পাঠিয়ে দিয়েছেন ফেডারেশনের কাছে। তবে তাঁর সঙ্গে চুক্তিসংক্রান্ত কিছু বিষয়ে এখনও সমস্যা আছে বলেই তাঁকে ছাঁটাই বা পদত্যাগের কথা ঘোষণা করা হয়নি। এই চেপে রাখার প্রশ্ন তোলা হচ্ছে কারণ, সুব্রতর চিঠি। তিনি নতুন কোচ নিয়োগ নিয়ে আলোচনা চান, জানিয়েই এই চিঠি দিয়েছেন। মানোলো পদত্যাগ না করলে নতুন কোচ নিয়ে আলোচনা কীভাবে করা যায়, প্রশ্ন তুলেছেন বহু সদস্যই। এই চিঠি ইতিমধ্যেই প্রকাশ্যে এসে পড়েছে। সদস্যদের অনেকেরই প্রশ্ন, ফেডারেশনের অভ্যন্তরীণ চিঠি কীভাবে বাইরে চলে আসে? ফেডারেশন সভাপতি কল্যাণ চৌবে এবং তাঁর কাছের কয়েকজন ছাড়া এইমুহূর্তে ফেডারেশনের কাজকর্মে মাথা ঘামাচ্ছেন না আর কোনও সদস্যই। বরং সকলেই তাকিয়ে নতুন সংবিধান ও স্পোর্টস বিলের দিকে।



নতুন কোচ নিয়ে আলোচনায় সঞ্জয়কেই আপাতত জাতীয় দলের দায়িত্ব দেওয়ার ভাবনা রয়েছে ফেডারেশন কর্তাদের। যদি না বিরাট কোনও অঘটন ঘটে তাহলে প্রাক্তন আই লিগ ও সন্তোষ ট্রফি জয়ী সঞ্জয়ই হতে চলেছেন সাম্প্রতিককালের প্রথম ভারতীয় কোচ। খালিদ জামিল নিজে আগ্রহী নন সেভাবে। বিদেশি কোচ নিতে গেলে যা টাকা লাগবে, তা এইমুহূর্তে দেওয়ার ক্ষমতা নেই বর্তমান কমিটির। এদেশে কাজ করে যাওয়া কোচদের মধ্যে ইভান ভুকোমানোভিচ ও আন্তোনিও লোপেজ হাবাসের আগ্রহ ছিল ভারতের কোচ হওয়ার। এই দুজনের মধ্যে আবার ভুকোমানোভিচের সঙ্গে প্রাথমিক কথাবার্তা শুরু করেছে মুম্বই সিটি এফসি। ফলে এইমুহূর্তে সঞ্জয়ই এগিয়ে বাকিদের থেকে। একমাত্র তিনি রাজি না হলে অন্য নাম সামনে আসবে।

# শর্মিলা-সইফকে আমন্ত্রণের দাবি ইঞ্জিনিয়ারের

**লন্ডন, ৩০ জুন :** সুনীল গাভাসকারের পর এবার ফারুখ ইঞ্জিনিয়ার।

ভারত-ইংল্যান্ড সিরিজে পতৌদি ট্রফির নাম বদলের পদ্ধতি নিয়ে অসন্তোষ উগরে দিলেন। প্রাক্তন উইকেটকিপার-ব্যাটারের মতে, শচীন তেন্ডুলকার, জেমস অ্যান্ডারসনের নামে ট্রফির নামকরণ নিয়ে তাঁর কোনও আপত্তি নেই। তবে যেভাবে পতৌদির নাম সরানো হয়েছে, তারপর শচীনের উদ্যোগে ফের পতৌদি-পদক দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা দৃষ্টিকটু।

ইঞ্জিনিয়ারের দাবি, যা হয়েছে সেই ক্ষতে প্রলেপ দিতে ইসিবি-র উচিত পদক বিতরণের অনুষ্ঠানে পতৌদির পরিবারকে আমন্ত্রণ জানানো। পতৌদির প্রাক্তন সতীর্থ বলেছেন, 'শচীন ও অ্যান্ডারসনের সাফল্য অস্বীকার করা মুশকিল। আমার কোনও আপত্তি নেই। তবে এই গল্পে দুটি দিক রয়েছে। সিরিজের নাম বদলে ওরা (ইসিবি) এখন পতৌদির নামে পদক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সমস্যা হল, যেভাবে সবকিছু হয়েছে আশা করি, পদক প্রদান অনুষ্ঠানে শর্মিলা ঠাকুর ও সইফ আলি খানকে আমন্ত্রণ জানানো হবে। গতবার কিন্তু ইসিবি ওদের আমন্ত্রণ জানায়নি।'

দীর্ঘদিন মনসুর আলি খান পতৌদির সঙ্গে খেলেছেন। গাভাসকারের মতো তাই বিষয়টি মানতে পারছেন না ইঞ্জিনিয়ার। বলেন, 'টাইগার পতৌদি আমার ঘনিষ্ঠ বন্ধু ছিল। দুর্দান্ত সতীর্থ। আমরা একসঙ্গে প্রচুর টেস্ট খেলেছি। অসাধারণ পরিবার। ২০০৭-এ যখন ওর নামে ট্রফির নামকরণ হয়, খুব খুশি হয়েছিলাম। স্বভাবতই এখন খারাপ লাগছে।'

গত শতাব্দীর ছয়, সাতের দশকে ভারতীয় ক্রিকেটে বহু স্মরণীয় সাফল্যের কারিগর ইঞ্জিনিয়ার বলেছেন, 'পতৌদির নামে পদক দেওয়া হবে, শুরুতেই যদি সিদ্ধান্ত নিত, তাহলে এত বিতর্ক হত না। শচীন, বিসিসিআইয়ের তরফে উদ্যোগের পর ইসিবি শেষমুহূর্তে এই সিদ্ধান্ত নিয়েছে। আশা করি, আগামীদিনে সিরিজের বিজয়ী অধিনায়ককে পতৌদি পদক দেওয়ার প্রথা বজায় থাকবে।'

## পতৌদি বিতর্কে ইসিবি-কে তোপ

> পতৌদির নামে পদক দেওয়া হবে, শুরুতেই যদি সিদ্ধান্ত নিত, তাহলে এত বিতর্ক হত না। শচীন, বিসিসিআইয়ের তরফে উদ্যোগের পর ইসিবি শেষমুহূর্তে এই সিদ্ধান্ত নিয়েছে। আশা করি, আগামীদিনে সিরিজের বিজয়ী অধিনায়ককে পতৌদি পদক দেওয়ার প্রথা বজায় থাকবে।
>
> **ফারুখ ইঞ্জিনিয়ার**

দুই দেশের ক্রিকেট সম্পর্কের ৭৫ বছর পূর্তিতে ২০০৭-এ ইংল্যান্ড-ভারত সিরিজের নামকরণ করা হয় পতৌদির নামে। সিনিয়ার পতৌদি ইংল্যান্ড ও ভারত, দুই দেশের হয়ে খেলেছেন। মনসুর আলি খান পতৌদি দীর্ঘদিন ভারতীয় দলকে নেতৃত্ব দিয়েছেন নিপুণভাবে। দুজনকে সম্মান জানিয়ে ইংল্যান্ডে অনুষ্ঠিত ভারত-ইংল্যান্ড সিরিজ পতৌদির নামে করা হয়। এখন যা অ্যান্ডারসন-তেন্ডুলকারের নামে।

# 'যশ দয়ালের বাড়িতে ১৫ দিন ছিলাম'

**লখনউ, ৩০ জুন :** যশ দয়ালের বিরুদ্ধে এবার নয়া চাঞ্চল্যকর দাবি অভিযোগকারিণীর। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর পেসারের সঙ্গে তাঁর সম্পর্কের গভীরতা বোঝাতে গিয়ে তিনি জানান, যশের বাড়িতে নাকি টানা ১৫ দিন কাটিয়েছেন। একসঙ্গে উটিতে বেড়াতেও গিয়েছেন।

## দাবি অভিযোগকারিণীর

বিয়ের প্রতিশ্রুতি দিয়ে তাঁর সঙ্গে মানসিক ও শারীরিক নির্যাতনের অভিযোগ করেন গাজিয়াবাদের এই তরুণী। দাবি করেন, যশের পরিবারও তাঁকে পুত্রবধূ হিসেবে দেখত। সেভাবেই ব্যবহার করত। বলেন, 'যশ দয়ালের বাড়িতে আমি ১৫ দিন কাটিয়েছিলাম। ওর সঙ্গে উটিতে বেড়াতেও গিয়েছি। ওর বাড়িতে বহুবার গিয়েছি। যশের পরিবারের সঙ্গে সময় কাটিয়েছি। ও এবং ওর পরিবার বিয়ের প্রতিশ্রুতি দিয়েছিল। যা কাজে লাগিয়ে আমাকে ব্যবহার করেছে যশ। অর্থ দিয়ে বিষয়টি ঢেকে দেওয়ার চেষ্টা করে। কিন্তু আইনের ওপর আমার পূর্ণ আস্থা রয়েছে। পুলিশ জানিয়েছে, যশ দয়ালকে নোটিশ পাঠানো হয়েছে।'

# 'ক্যাপ্টেন কুল'-এর অধিকার চান ধোনি!



**রাঁচি, ৩০ জুন :** ক্যাপ্টেন কুল।

মহেন্দ্র সিং ধোনির কাছে শব্দ দুইটি শুধুমাত্র 'ডাক নাম' নয়, তার চেয়েও অনেক বেশি। পরিচয়ও। ক্রিকেট কেরিয়ারে তিলে তিলে যে পরিচয় তৈরি করেছেন। এবার সেই 'ক্যাপ্টেন কুল'-এর স্বত্বের জন্য আবেদন জানালেন মাহি। জুনের ৫ তারিখ স্পোর্টস ট্রেনিং, কোচিং সার্ভিস, ট্রেনিং সেন্টারে 'ক্যাপ্টেন কুল' ব্যবহারের অধিকার পেতে আবেদন করেন।

ট্রেডমার্ক রেজিস্ট্রি পোর্টাল সূত্রে জানা গিয়েছে, ধোনির আবেদন গ্রহণ করা হয়েছে এবং গত ১৬ জুন বিষয়টি প্রকাশও করা হয়। তবে চূড়ান্ত প্রক্রিয়ার পথে আরও কিছুটা অপেক্ষা করতে হবে। সেই ধাপগুলি পেরিয়ে গেলে নিজের কোনও ক্রিকেট-বাণিজ্য সংক্রান্ত কাজে 'ক্যাপ্টেন কুল' শব্দযুগল ব্যবহার করার স্বত্বাধিকার পাবেন এমএস ধোনি।

মাহির আইনজীবী মানসী আগরওয়াল জানিয়েছেন, প্রাথমিকভাবে আবেদন খারিজ করা হয়েছিল। ট্রেডমার্কস অ্যাক্টের ১১ (১) ধারায় যা আটকে যায়। তবে অনেক টালবাহানার পর শেষপর্যন্ত তাঁদের যুক্তি মেনে নিয়েছে ট্রেডমার্ক।

# এবার টেস্টে পাক কোচ আজহার

**লাহোর, ৩০ জুন :** পাকিস্তানের টেস্ট দলের অন্তর্বর্তীকালীন কোচ হলেন আজহার মাহমুদ। গত বছরের এপ্রিল থেকে আজহার তিন ফরম্যাটেই সহকারী কোচের দায়িত্ব পালন করছিলেন। এবং জেসন গিলেসপি গত বছরের ডিসেম্বরে পদত্যাগ করার পর টেস্ট দলের কোচের পদ ফাঁকাই ছিল। সেই জায়গায় এবার আজহারকে নিয়ে এল পাকিস্তান ক্রিকেট বোর্ড। গত ৫ বছরে এই নিয়ে ৭ বার টেস্ট দলের কোচ বদল করল পাক বোর্ড। ২০২৬ সালের মার্চ পর্যন্ত আজহারের সঙ্গে চুক্তি রয়েছে পাক ক্রিকেট বোর্ডের।

### ম্যাচের পর ক্ষোভ বাগান সমর্থকদের

# পালতোলা নৌকা ডোবাল পুলিশ

**মোহনবাগান সুপার জায়েন্ট-০**
**পুলিশ এসি-১ (আমিল নায়িম)**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৩০ জুন :** খারাপ আবহাওয়া। তার থেকেও খারাপ ফুটবল।

প্রথম ম্যাচেই পুলিশ এসি-র কাছে ১-০ গোলে হার মোহনবাগান সুপার জায়েন্টের। গতবারেও এই দলটির কাছে ৩-২ গোলে হারতে হয়েছিল সবুজ-মেরুন শিবিরকে। এবার পুলিশ দলে শেখ সাহিল, শুভ ঘোষের মতো প্রাক্তন বাগান তারকারা রয়েছেন। কিন্তু 'প্রাক্তনী কাঁটা' নয়, বরং মেকানিক পুত্র আমিল নায়িমের 'মেকানিজম'-এ পুলিশ ব্যারিকেডে আটকে পড়ল পালতোলা নৌকা। আসানসোলের এই ছেলেটির গোলেই জয় নিশ্চিত করে পুলিশ।

ম্যাচের প্রথম পনেরো মিনিট বাদ দিলে বাকি সময় পুলিশেরই দাপট। সালাউদ্দিন আদনান, পাসাং দোরজি তামাংদের সেভাবে চোখেই পড়ল না। ১৪ মিনিটে হ্যামস্ট্রিং চোট পেয়ে মাঠের বাইরে চলে যান ডিফেন্ডার উমের মুত্তার। তারপরেই যেন খেলা থেকে হারিয়ে গেল বাগান। বিক্ষিপ্ত কয়েকটি আক্রমণ ছাড়া মোহনবাগানকে চোখেই পড়ল না। কেবল অধিনায়ক সন্দীপ মালিক ও মিগমা শেরপা কিছুটা লড়াইয়ের চেষ্টা করলেন। ম্যাচের সংযোজিত সময়ে জয়সূচক গোলটি করে যান আমিল।

ম্যাচের শেষে ক্ষোভে ফেটে পড়েছিলেন মোহনবাগান সমর্থকরা। টানেল দিয়ে ড্রেসিংরুমে ঢোকার মুখে সমর্থকদের চোখা চোখা কটূক্তি উড়ে এল ফুটবলার, কোচিং স্টাফদের উদ্দেশ্যে। 'গো ব্যাক ডেগি' স্লোগানও শোনা গেল। ম্যাচের পরে বিপক্ষ দলের সমর্থকদের সঙ্গে হাতাহাতিতেও জড়িয়ে পড়েন বাগান সমর্থকরা। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

একদিকে যখন বাগান সমর্থকদের ক্ষোভ চলছে, অন্যদিকে বড় দলের বিরুদ্ধে গোল করে উচ্ছ্বসিত আমিল। আসানসোল থেকে উঠে আসা ২১ বছরের এই ফুটবলার। বাবা গ্যারাজে মেকানিকের কাজ করেন। সেই নায়িম বলেছেন, 'আমি কোনওদিন ভাবিনি, মোহনবাগানের বিরুদ্ধে গোল করব। দারুণ লাগছে। গোলটা সতীর্থ, কোচকে উৎসর্গ করতে চাই।' নেইমারের ভক্ত নায়িমের লক্ষ্য ভারতীয় ফুটবলের মূলস্রোতে নিজেকে প্রতিষ্ঠা করা।

এদিকে চোট পাওয়া মুত্তার আপাতত তিন সপ্তাহের জন্য মাঠের বাইরে বলেই জানা গিয়েছে।

অন্যদিকে লিগের অপর ম্যাচে পাঠচক্রের কাছে ২-০ গোলে হেরেছে কালীঘাট স্পোর্টস লাভার্স। জর্জ টেলিগ্রাফ ৩-২ গোলে হারিয়েছে বেহালা এসএস-কে। কাস্টমস ৩-০ গোলে জয় পেয়েছে রেলওয়ে এফসি-র বিরুদ্ধে। সুরুচি সংঘ ৪-০ গোলে বিধ্বস্ত কালীঘাট এমএস-কে।



পুলিশ এসি-র রক্ষণে আটকে গেল মোহনবাগানের আক্রমণ।

### জোড়া স্পিনারের ভাবনা, তিন নম্বরে হয়তো করুণ

# বুমরাহ ফিট, খেলার আগে চূড়ান্ত সিদ্ধান্ত

**বার্মিংহাম, ৩০ জুন :** অপেক্ষা আর মাত্র কয়েক ঘণ্টার। তারপরই বুধবার থেকে বার্মিংহামের এজবাস্টনের মাঠে শুরু হয়ে যাবে ভারত বনাম ইংল্যান্ড সিরিজের দ্বিতীয় টেস্ট।

এজবাস্টন টেস্টের ভারতীয় দলের প্রথম একাদশে বেশ কয়েকটি বদল হতে চলেছে বলে খবর। শার্দূল ঠাকুরের পরিবর্তে নীতীশ কুমার রেড্ডি ঢুকছেন দলে। বাংলার আকাশ দীপেরও খেলার সম্ভাবনা প্রবল। শুধু তাই নয়, বড় অঘটন না হলে জোড়া স্পিনারে প্রথম একাদশ নামাতে চলেছে শুভমান গিলের ভারত। রবীন্দ্র জাদেজার সঙ্গে দ্বিতীয় স্পিনার হিসেবে কে খেলবেন, কুলদীপ যাদব নাকি ওয়াশিংটন সুন্দর—তা নিয়েই আপাতত জোরদার চর্চা। ক্রিকেট বিশেষজ্ঞদের একটা বড় অংশ এজবাস্টন টেস্টের প্রথম একাদশে রিস্ট স্পিনার কুলদীপকে চাইছেন। কিন্তু টিম ইন্ডিয়ার অনুশীলন যদি কোনও কিছুর ইঙ্গিত হয়, তাহলে কুলদীপের অপেক্ষা বাড়তে পারে। কারণ, কোচ গৌতম গম্ভীর দলের ব্যাটিং গভীরতা বাড়ানোর জন্য ওয়াশিংটনকে প্রথম একাদশে চাইছেন বলে খবর।

কিন্তু জসপ্রীত বুমরাহ? তিনি কি এজবাস্টন টেস্টে খেলবেন? বুমরাহকে নিয়ে আপাতত জল্পনার শেষ নেই। আজ ভারতীয় সময় সন্ধ্যার দিকে সাংবাদিক সম্মেলনে হাজির হয়েছিলেন টিম ইন্ডিয়ার সহকারি কোচ রায়ান টেন দুশখাতে। তিনি জানিয়েছেন, বুমরাহ ফিট। কিন্তু তিনি খেলবেন কিনা, সিদ্ধান্ত হবে বুধবার টসের আগে। রায়ানের কথায়, 'বুমরাহ ফিট। ও তৈরি। কিন্তু সিরিজের বাকি থাকা চার টেস্টের লক্ষ্যে ওয়ার্কলোড ম্যানেজমেন্টের কথা ভেবে বুমরাহ নিয়ে সিদ্ধান্ত হবে টসের আগে।' আজ বিকেলে এজবাস্টনের মাঠে সতীর্থদের সঙ্গে অনুশীলনে হাজির ছিলেন বুমরাহ। মিনিট দশেকের বেশি তাঁকে বল হাতে দেখা যায়নি। বাকি সময়টা তিনি কখনও সাজঘরে, আবার কখনও অধিনায়ক শুভমান গিল ও কোচ গম্ভীরের সঙ্গে আলোচনা করে কাটিয়েছেন। তাই দলের সহকারি কোচের কথার পরও বুমরাহ নিয়ে

> বুমরাহ ফিট। ও তৈরি। কিন্তু সিরিজের বাকি থাকা চার টেস্টের লক্ষ্যে ওয়ার্কলোড ম্যানেজমেন্টের কথা ভেবে বুমরাহ নিয়ে সিদ্ধান্ত হবে টসের আগে।
>
> **রায়ান টেন দুশখাতে**
> ভারতের সহকারী কোচ

ধোঁয়াশা কাটছে না। বুমরাহ এজবাস্টন টেস্টে একান্তই না খেললে বাংলার আকাশকে দেখা যাবে বলে খবর। গত কয়েকদিনের পর আজও ভারতীয় দলের নেটে দীর্ঘসময় বোলিং করেছেন তিনি।

বার্মিংহামে এখন প্রবল গরম। হাঁসফাঁস অবস্থা সকলের। এমন গরমের কারণে এজবাস্টনের পিচে ঘাস থাকলেও সেটা আদর্শ 'ইংলিশ সামারের' মতো আচরণ করবে কিনা, তা নিয়ে রয়েছে ধোঁয়াশা। বুধবার, এজবাস্টন টেস্টের প্রথম দিন বৃষ্টির পূর্বাভাসও রয়েছে। মনে করা হচ্ছে, খেলা গড়ানোর সঙ্গে গরমের কারণে পিচে ফাটল তৈরি হবে। যার ফলে স্পিনাররা সাহায্য পাবেন। তাই জাদেজার সঙ্গে প্রথম একাদশে দ্বিতীয় স্পিনার রাখার ভাবনা রয়েছে। যেখানে ওয়াশিংটন ও কুলদীপের মধ্যে তুমুল লড়াই চলছে। হেডিংলে টেস্টে ব্যর্থতার পর জাদেজাকে নিয়েও রয়েছে সংশয়। বি সাই সুদর্শনকে নিয়েও চলছে টানাপোড়েন। অভিষেক টেস্টে তিন নম্বরে ব্যাটিং করে হতাশ করেছেন সুদর্শন। তাই তাঁর বদলে এজবাস্টনে তিন নম্বরে করুণ নায়ারকে তুলে আনতে চাইছে ভারতীয় টিম ম্যানেজমেন্ট। আজ টিম ইন্ডিয়ার নেটে করুণ তিন নম্বরে ব্যাটিং করার পর এমন সম্ভাবনা আরও জোরদার হয়েছে।

এদিকে, হেডিংলে টেস্টে জঘন্য ফিল্ডিংয়ের পর বদলে যাচ্ছে টিম ইন্ডিয়ার স্লিপ কর্ডন। যশস্বী জয়সওয়ালকে আর স্লিপ বা গালিতে রাখা হচ্ছে না। তাঁর জায়গায় নীতীশকে নিয়ে আসা হচ্ছে। আর স্লিপে থাকছেন লোকেশ রাহুল, অধিনায়ক শুভমান ও করুণ। ভুল শুধরে এজবাস্টনে টিম ইন্ডিয়া কী করে, সেটাই এখন দেখার।

# জসপ্রীত-বিতর্কে ভুল দেখছেন ডিভিলিয়ার্স

**ডারবান, ৩০ জুন :** পাঁচটার মধ্যে তিনটি টেস্ট খেলবেন।

প্রশ্ন, কোন তিনটিতে দলের সেরা বোলারকে পাবে ভারতীয় দল? জসপ্রীত বুমরাহকে ঘিরে যে টানাপোড়েন নিয়ে এদিন বিস্ফোরক মন্তব্য এবি ডিভিলিয়ার্সের। ঘুরিয়ে নির্বুদ্ধিতার অভিযোগ তুললেন ভারতীয় টিম ম্যানেজমেন্ট, নির্বাচকদের দিকে। কিংবদন্তি প্রোটিয়া তারকার মতে, বুমরাহকে সঠিকভাবে ব্যবহার করে গুরুত্বপূর্ণ, কঠিন সিরিজগুলির জন্য তুলে রাখা উচিত ছিল।

কিন্তু তা যে হয়নি, পরিষ্কার চলতি মিশন ইংল্যান্ডে পাঁচের মধ্যে তিনটি টেস্ট খেলা নিয়ে জল্পনায়। এবির মতে, ভারতীয় টিম ম্যানেজমেন্টের উচিত ছিল আরও ভালোভাবে বুমরাহর ওয়ার্কলোড



অনুশীলনের মাঝে জসপ্রীত বুমরাহর সঙ্গে শুভমান গিল।

### 'ইংল্যান্ডের জন্য তুলে রাখা উচিত ছিল'

ম্যানেজমেন্টের দিকে খেয়াল রাখা। হোম সিরিজ, তুলনায় কম গুরুত্বপূর্ণ সিরিজগুলিতে বিশ্রাম দিয়ে তরতাজা রাখা দরকার ছিল ইংল্যান্ড, অস্ট্রেলিয়ার মতো দ্বৈরথে। নিজের ইউটিউব চ্যানেলে এবি বলেছেন, 'সমস্ত ফরম্যাটে বুমরাহ সম্ভবত বিশ্বের এক নম্বর বোলার। এইরকম অস্ত্রকে ইংল্যান্ড সিরিজে বিশ্রাম দেওয়া সত্যিই চাপের ভারতীয় দলের জন্য। আমার মতে, টেস্ট ক্রিকেট সবসময় অগ্রাধিকার পাওয়া উচিত। গুরুত্বপূর্ণ সিরিজগুলির মধ্যে ইংল্যান্ড সফর ওপরের দিকে থাকবে। সেই কথা মাথায় রেখে বুমরাহকে পাঁচ টেস্টের জন্য প্রস্তুত রাখা দরকার ছিল।'

> আমরা কম গুরুত্বপূর্ণ সিরিজ, টি২০, ওডিআই সিরিজগুলিতে স্টেইনকে বিশ্রাম দিতাম। তুলে রাখতাম অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, ভারতের বিরুদ্ধে অ্যাওয়ে সিরিজের জন্য। নিউজিল্যান্ড সফরেও। বুমরাহর ক্ষেত্রেও একই হওয়া উচিত ছিল।
>
> **এবি ডিভিলিয়ার্স**

বাংলাদেশের বিরুদ্ধে জোড়া টেস্টেই বুমরাহকে খেলানো হয়। নিউজিল্যান্ডের বিরুদ্ধে পরবর্তী হোম সিরিজেও তিনটির মধ্যে দুইটি ম্যাচে ছিলেন তারকা স্পিডস্টার। ঠিক এদিকেই আঙুল তুলেছেন এবি। উদাহরণ হিসেবে ডেল স্টেইনের প্রসঙ্গ টেনে আনেন। জানান, অধিনায়ক হিসেবে কীভাবে প্রোটিয়া স্পিডস্টারের ওয়ার্কলোডের দিকটা সামলেছেন।

এবি আরও বলেছেন, 'আমরা কম গুরুত্বপূর্ণ সিরিজ, টি২০, ওডিআই সিরিজগুলিতে স্টেইনকে বিশ্রাম দিতাম। তুলে রাখতাম অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, ভারতের বিরুদ্ধে অ্যাওয়ে সিরিজের জন্য। নিউজিল্যান্ড সফরেও। বুমরাহর ক্ষেত্রেও একই হওয়া উচিত ছিল। জানি না, এর নেপথ্যে মিস ম্যানেজমেন্ট, নাকি পিঠের চোট। হয়তো চিকিৎসকদের কোনও নির্দেশ রয়েছে। টানা পাঁচটা টেস্ট খেলতে বারণ করেছে। সেই রকম কিছু হলে বিষয়টিকে অবশ্যই গুরুত্ব দিতে হবে। তবে দিনের শেষে বুমরাহর ক্রিকেটীয় ধকলের দিকটা সঠিকভাবে সামলাতে হবে দলের থিংকট্যাংককেই।'



জয়ের হুংকার বেলারুশের আরিয়ানা সাবালেঙ্কার।

## প্রথম রাউন্ডে সহজ জয় সাবালেঙ্কার

**লন্ডন, ৩০ জুন :** জয় দিয়েই উইম্বলডন যাত্রা শুরু করলেন মহিলাদের শীর্ষবাছাই আরিয়ানা সাবালেঙ্কা। প্রথম রাউন্ডে কার্সন ব্রানস্টাইনকে ৬-১, ৭-৫ গেমে স্ট্রেট সেটে হারিয়েছেন তিনি। ইউক্রেনের এলিনা ভিতোলিনা প্রথম রাউন্ডে অ্যানা বনডারকে ৬-৩, ৬-১ গেমে হারিয়েছেন। প্রথম রাউন্ড থেকে বিদায় নিয়েছেন জেলেনা অস্টাপেঙ্কো। তিনি ৫-৭, ৬-২, ২-৬ গেমে হেরেছেন সানায় কার্টালের কাছে।

পুরুষদের বিভাগে প্রথম রাউন্ড থেকে বিদায় নিয়েছেন ড্যানিল মেদভেদেভ। তিনি বেঞ্জামিন বোনজির ৭-৬ (৭/২), ৩-৬, ৭-৬ (৭/৩), ৬-২ গেমে পরাজিত হয়েছেন। স্টেফানোস সিতসিপাস প্রথম রাউন্ডে ওয়াকওভার দিয়েছেন ভেলেন্টিন রোয়েরকে। এদিকে শেষ খবর পাওয়া পর্যন্ত প্রতিযোগিতার দ্বিতীয় বাছাই কার্লোস আলকারাজ ইতালির ফাবিও ফগনিনির বিরুদ্ধে প্রথম তিনটি সেটের দুটিতে জিতেছেন।

## মহমেডান ছাড়লেন ফ্রাঙ্কা, জুইডিকা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৩০ জুন :** মহমেডান স্পোর্টিং ক্লাব ছাড়ছেন গতবারের নজরে পড়া ফুটবলাররা। ভানলালজুইডিকা চাকচুয়াক এদিনই সাদা-কালো জার্সির মায়া কাটিয়ে যোগ দিলেন ওড়িশা এফসি-তে। অ্যালেক্সিজ গোমেজ আগেই দল ছেড়ে ইন্দোনেশিয়ার প্রিমিয়ার ডিভিশন ক্লাব পার্সিজাপ জেপারাতে যোগ দেওয়ার পর ওই একই ক্লাবে চললেন মহমেডানের আরও এক স্ট্রাইকার কার্লোস ফ্রাঙ্কাও। এই দুজনই মহমেডানের বিরুদ্ধে বেতন না পাওয়ার কথা জানিয়ে ফিফাতে অভিযোগ করেছেন।

জামশেদপুর এফসি ছাড়লেন জর্ডন মারে। তিনি কোথায় যাচ্ছেন পরিষ্কার নয়। একটা সময় ইস্টবেঙ্গল কথা বলে তারপর আর এগোয়নি। ইতিমধ্যে ইস্টবেঙ্গলে যোগ দিয়েছেন হামিদ আহদাদ। মাইকেল জাবাকোর সঙ্গে এদিন চুক্তি বাড়ানোর কথা জানায় নর্থইস্ট ইউনাইটেড এফসি। ফারুখ চৌধুরীকে নিতে চেয়ে সরকারিভাবে প্রস্তাব দিল কেরালা ব্লাস্টার্স। তাঁর বিষয়ে আগ্রহী এফসি গোয়া, বেঙ্গালুরু এফসি ও মুম্বই সিটি এফসি-ও।

## বৈভব ৪৫

**নর্দাম্পটন, ৩০ জুন :** অনূর্ধ্ব-১৯ ইংল্যান্ড দলের বিরুদ্ধে দ্বিতীয় একদিবসীয় ম্যাচেও অর্ধশতরান হাতছাড়া করলেন বৈভব সূর্যবংশী (৩৪ বলে ৪৫)। শুরুতেই আয়ুষ মাত্রেকে (০) হারানোর পর বৈভব ও বিহান মালহোত্রার (৪৯) জুটিতে চাপ কাটিয়ে ওঠে অনূর্ধ্ব-১৯ ভারতীয় দল। পরে রাহুল কুমার (৪৭), কণিষ্ক চৌহানের (৪৫) ব্যাটে ভর করে ভারত ২৯০ রানে শেষ করে। জবাবে শেষ খবর পাওয়া পর্যন্ত ৩৮ ওভারে ইংল্যান্ডের স্কোর ২১৮/৪। ক্রিজে টমাস রিউ (১২১) ও জোসেফ মুরস (৯)।

# দল ঘোষণা ইংল্যান্ডের, জায়গা হল না জোফ্রার

**বার্মিংহাম, ৩০ জুন :** কারও মতে আত্মবিশ্বাস। কেউ বলছেন, এটাই বাজবল!

হেডিংলে টেস্টে জিতে আপাতত সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে ইংল্যান্ড। বুধবার থেকে এজবাস্টনে শুরু সিরিজের দ্বিতীয় টেস্ট। তার আগে আজ বেন স্টোকসরা চমকে দিয়েছেন ক্রিকেট দুনিয়াকে। বুধবার থেকে শুরু হতে চলা দ্বিতীয় টেস্টের প্রথম একাদশ ঘোষণা করে দিয়েছে ইংল্যান্ড। আসন্ন টেস্টে প্রথম একাদশ অপরিবর্তিত রেখেছেন স্টোকসরা।

প্রথম টেস্ট জয়ের পর যখন দ্বিতীয় টেস্টের স্কোয়াড ঘোষণা করেছিল ইংল্যান্ড, তখন দলে জায়গা করে নিয়েছিলেন জোফ্রা আর্চার। মনে করা হয়েছিল, চার বছর পর এজবাস্টনের মাঠে আর্চারের প্রত্যাবর্তন হতে চলেছে। বাস্তবে দল অপরিবর্তিত রেখে চমক দিল ইংল্যান্ড। আজ ইংল্যান্ড দলের অনুশীলনে হাজির ছিলেন না আর্চার। দলের তরফে জানানো হয়েছে, ব্যক্তিগত কারণে তিনি আজ অনুশীলনে হাজির ছিলেন না। আর্চারের মতো জোরে বোলারকে দলে নেওয়ার পরও তাঁকে প্রথম একাদশের বাইরে রাখা নিয়ে শুরু হয়েছে জল্পনা। অধিনায়ক স্টোকস ও কোচ ব্রেন্ডন ম্যাককুলাম এখনও আর্চারের টেস্ট ম্যাচ খেলার ফিটনেস নিয়ে আশাবাদী নন বলেই খবর।

> ঋষভ যখনই ব্যাট হাতে বাইশ গজে থাকে, তখন খেলাটা আচমকা অন্যরকম হয়ে যায়। হেডিংলেতে ওর জোড়া শতরান আমাদের চাপ বাড়িয়ে দিয়েছিল।
>
> **ক্রিস ওকস**

কেন আর্চারকে এজবাস্টন টেস্টের জন্য বিবেচনা করা হল না, দলের তরফে সাংবাদিক সম্মেলনে হাজির হয়ে বিষয়টা খোলসা করেননি ক্রিস ওকস। বরং ইংরেজ পেসার অনেক বেশি করে ঋষভ পন্থ ম্যাজিক নিয়ে মুখ খুলেছেন। হেডিংলে টেস্টের দুই ইনিংসেই শতরান করেছিলেন ঋষভ। ভারত টেস্ট জিততে না পারলেও ঋষভের প্রভাব যে ইংল্যান্ড দলের অন্দরে টেনশন তৈরি করেছে, স্বীকার করে নিয়েছেন ওকস। ইংল্যান্ডের জোরে বোলারের কথায়, 'ঋষভ যখনই ব্যাট হাতে বাইশ গজে থাকে, তখন খেলাটা আচমকা অন্যরকম হয়ে যায়। হেডিংলেতে ওর জোড়া শতরান আমাদের চাপ বাড়িয়ে দিয়েছিল।' হেডিংলে টেস্ট এখন অতীত। বুধবার থেকে এজবাস্টনে শুরু হচ্ছে সিরিজের দ্বিতীয় টেস্ট। সেই টেস্টের আগে ঋষভকে নিয়ে রীতিমতো পরিকল্পনা চলছে ইংল্যান্ড শিবিরে। ওকসের কথায়, 'হেডিংলের মাঠে হয়নি। আমরা চাইব, এজবাস্টনে দ্রুত ঋষভকে প্যাভিলিয়নে ফেরাতে। বোলিং ইউনিট হিসেবে নিজেদের মধ্যে ঋষভ ও ভারতীয় ব্যাটিং নিয়ে বিস্তর আলোচনা করেছি আমরা।'

শুধু ঋষভ নয়, টিম ইন্ডিয়ার টপ অর্ডার ব্যাটারদের ছন্দ নিয়েও দুশ্চিন্তা রয়েছে ইংল্যান্ড শিবিরে। ওকস নিজেই সেকথা জানিয়েছেন। বলেছেন, 'ভারতীয় ব্যাটারদের সকলেই ভালো ছন্দে রয়েছে। তাই এজবাস্টন টেস্টে আমাদের আরও তৈরি হয়ে নামতে হবে।' এদিকে, হেডিংলে টেস্টের মতোই এজবাস্টনের বাইশ গজেও ভালোরকম ঘাস রয়েছে। বুধবার খেলা শুরুর আগে ঘাস কতটা কমবে, সময় বলবে। কিন্তু তার আগে মনে করা হচ্ছে, এজবাস্টনের পিচ থেকে টেস্টের প্রথম দুই-তিনদিন নিশ্চিতভাবেই জোরে বোলাররা সাহায্য পাবেন।




দ্বিতীয় টেস্টের জন্য শক্তি বাড়িয়ে নিচ্ছেন বেন স্টোকস।





স্পিন অস্ত্রে শান কুলদীপ যাদবের (বাঁয়ে)। অনুশীলনের ফাঁকে মর্নি মরকেলের সঙ্গে কুস্তিতে মেতে অর্শদীপ সিং।

# অর্শদীপ-কুলদীপকে খেলানোর পরামর্শ গ্রেগের

**মেলবোর্ন, ৩০ জুন :** ক্যাচ মিসে ম্যাচ মিস।

হেডিংলে টেস্ট যার হাতেগরম উদাহরণ। একঝাঁক ক্যাচ ফেলে সুবিধাজনক পরিস্থিতি হাতছাড়া। সুযোগ কাজে লাগিয়ে ম্যাচে শুধু ফেরাই নয়, ভারত-বধ সেরেছে ইংল্যান্ড। গ্রেগ চ্যাপেলও মনে করেন, ক্যাচ মিসের খেসারত চুকোতে হয়েছে হেডিংলেতে। তবে ভারতীয় দলের প্রাক্তন হেডকোচের মতে, টিম ইন্ডিয়ার মূল সমস্যা বোলিংয়ে বৈচিত্র্যের অভাব।

### 'বৈচিত্র্যহীন বোলিংই মূল সমস্যা'

গ্রেগের মতে, জসপ্রীত বুমরাহকে বাদ দিলে বাকি পেসাররা প্রায় একইরকম। ডানহাতি, মিডিয়াম পেস। ক্রিজের কোণ ব্যবহারের ক্ষেত্রে তফাত নেই বাকিদের মধ্যে। সব মিলিয়ে শুভমান গিলের হাতে সেই অর্থে বৈচিত্র্যময় বোলিং ব্রিগেড নেই। সমস্যা মেটাতে অবিলম্বে বাঁহাতি অর্শদীপ সিং, রিস্ট স্পিনার কুলদীপ যাদবকে প্রথম এগারোয় অন্তর্ভুক্ত করা উচিত, পরামর্শ গুরু গ্রেগের।

কিংবদন্তি অস্ট্রেলীয়র মতে, শেন ওয়ার্ন পরবর্তী জমানায় কুলদীপ সম্ভবত সেরা রিস্ট স্পিনার। যুক্তি, ইংলিশ কন্ডিশনে স্পিন বিভাগে রবীন্দ্র জাদেজা সেভাবে কার্যকর নয়। ব্যাটিং ঠিক আছে। তবে সাপোর্ট স্পিনার হিসেবে কাজ চালিয়ে দেবে। কিন্তু সিরিজের ভাগ্য বদলাতে হলে দলে আরও বেশি করে ভারসাম্য আনতে হবে। কুলদীপের মতো একজনকে দরকার ভারতের।

২ জুলাই বার্মিংহামে শুরু দ্বিতীয় টেস্টে দ্বিতীয় স্পিনার হিসেবে অলরাউন্ডার ওয়াশিংটন সুন্দরের নাম ঘোরাফেরা করছে। এদিন সাংবাদিক সম্মেলনে ভারতীয় দলের সহকারী কোচ রায়ান টেন দুশখাতে সেইরকম ইঙ্গিত ভাসিয়ে দিয়েছেন। যদিও গ্রেগের যুক্তি, ব্যাটিংয়ে গভীরতা বাড়ানোকে প্রাধান্য দিতে গিয়ে বোলিংকে কমজোরি করা যুক্তিযুক্ত নয়। গৌতম গম্ভীরদের মাথায় রাখতে হবে টেস্ট জিততে হলে ২০ উইকেট দরকার। বোলিংকে তাই অগ্রাধিকার না দিলে ভুল করবে ভারত।

ক্যাচ মিসের রোগ সারানোর টোটকাও দিয়ে রাখলেন গ্রেগ। জানান, স্লিপ ফিল্ডিং স্পেশাল দায়িত্ব। সারাক্ষণ মনঃসংযোগ রাখা জরুরি। হালকাভাবে নিলে ভুল হবে। ইতিবাচক মানসিকতা, ক্যাচ ধরার সময় শরীরের অবস্থান, ফুটওয়ার্কও গুরুত্বপূর্ণ। যশস্বী জয়সওয়াল মোটেই খারাপ ফিল্ডার নয়। আসলে প্রথম ক্যাচ মিস করার পর যে চাপটা তৈরি হয়েছিল, তা কাটিয়ে উঠতে পারেনি।

## যুক্তরাষ্ট্র ব্যাডমিন্টনে চ্যাম্পিয়ন আয়ুষ

**আইওয়া, ৩০ জুন :** আয়ুষ শেঠির হাত ধরে মরশুমের প্রথম শিরোপা এল ভারতে। যুক্তরাষ্ট্র ওপেন ব্যাডমিন্টনে চ্যাম্পিয়ন কর্ণাটকের তরুণ শাটলার।

রবিবার ফাইনালে মাত্র ৪৭ মিনিটের লড়াইয়ে ২১-১৮, ২১-১৩ পয়েন্টে কানাডার ব্রায়ান ইয়ংকে পরাস্ত করেন আয়ুষ। পুরুষ সিঙ্গলসে শেষবার ভারতে খেতাব এসেছিল কানাডা ওপেন থেকে লক্ষ্য সেনের হাত ধরে। তাও প্রায় বছর দুয়েক আগে। ২০ বছরের আয়ুষের হাতে সেই খরা কাটল। এর আগে যুব বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ জিতেছিলেন। তবে যুক্তরাষ্ট্র ওপেনেই আন্তর্জাতিক মঞ্চে সিনিয়ার পর্যায়ে তাঁর প্রথম খেতাব। ম্যাচ শেষে আয়ুষ বলেছেন, 'এই জয়টা আজীবন মনে থাকবে। লক্ষ্য এবার কানাডা ওপেন।' আয়ুষ জিতলেও মহিলা সিঙ্গলসের ফাইনালে হেরে গিয়েছেন তানভি শর্মা। বেইওয়েন ঝ্যাংয়ের কাছে ২১-১১, ১৬-২১, ২১-১০ পয়েন্টে হেরে গিয়েছেন তিনি।

## সিএবি এজিএম ২০ সেপ্টেম্বর

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৩০ জুন :** ঘোষণা হয়ে গেল বাংলা ক্রিকেট সংস্থার বার্ষিক সাধারণ সভার দিন। আজ সন্ধ্যায় সিএবি-র অ্যাপেক্স কাউন্সিলের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে ২০ সেপ্টেম্বর হবে বার্ষিক সভা। প্রয়াত কিংবদন্তি জগমোহন ডালমিয়ার প্রয়াণ দিবসের দিনই এবার হতে চলেছে সিএবি-র এজিএম। যেখানে এবার নির্বাচনের সম্ভাবনা প্রবল। কিন্তু আজ সন্ধ্যার অ্যাপেক্সের বৈঠকে এজিএমের দিন ঘোষণার পর বাংলা ক্রিকেট সংস্থার শাসক ও বিরোধী, দুই শিবিরেই উৎসাহ লক্ষ্য করা গিয়েছে। এসবের মধ্যেই অ্যাপেক্সের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে ৩০ অগাস্ট হবে সিএবি-র বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন উত্তর ২৪ পরগণা-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, উত্তর ২৪ পরগণা - এর একজন বাসিন্দা গোবিন্দ রায় - কে 12.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 53A 32633 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "এটি আমার জীবনের সবচেয়ে অসাধারণ ঘটনা। এটি এক কোটি টাকার একটি বড় জয়। আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। এখন আমার আর্থিক অবস্থা ঠিক আছে, আমার পরিবার আরও ভালো জীবনযাপন করবে এবং আমাদের ভবিষ্যৎ এখন পুরোপুরিভাবে সুরক্ষিত।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।

* বিজ্ঞাপ্তির তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

## রাজগঞ্জ লিগ শুরু ১৩ জুলাই

**রাজগঞ্জ, ৩০ জুন :** রাজগঞ্জ জোনাল ফুটবল লিগ ১৩ জুলাই থেকে বেলাকোবা হাইস্কুল মাঠে শুরু হবে। এর আগে ১ ও ২ জুলাই টিমকে রেজিস্ট্রেশন এবং ৩, ৪, ৫, ৬ জুলাই ক্রীড়া রেজিস্ট্রেশন করতে হবে বলে জানান সচিব মৃত্যুঞ্জয় সেনগুপ্ত। রবিবার বেলাকোবা কেএসসিসি ক্লাবে ৩৫ জন সদস্যের কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন খগেশ্বর রায়, সচিব মৃত্যুঞ্জয় সেনগুপ্ত এবং কোষাধ্যক্ষ সুকুমার রায় ও নির্মলকান্তি সরকার।

## প্রবীরের ৪ গোল

**তুফানগঞ্জ, ৩০ জুন :** মহকুমা ক্রীড়া সংস্থার ফুটবল লিগে সোমবার বলরামপুর একাদশ ৮-০ গোলে হারিয়েছে ধলপল স্বামীজি স্পোর্টিং ক্লাবকে। সংস্থার মাঠে হ্যাটট্রিক সহ ৪ গোল করে ম্যাচের সেরা হয়েছেন প্রবীর দে। জোড়া গোল করেন হিতুন নারায়ণও। তাদের বাকি গোলস্কোরার নবীন মণ্ডল ও শাহজাদ মিয়াঁ। মঙ্গলবার মুখোমুখি হবে যুবশ্রী সংঘ রসিকবিল ও মর্নিং স্ট্রাইকার এফসি।

উত্তরের খেলা

## রাহুলের জোড়া গোল

**আলিপুরদুয়ার, ৩০ জুন :** জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ফুটবল লিগে সোমবার মর্নিং বয়েজ ফুটবল অ্যাকাডেমি ৪-৩ গোলে হারিয়েছে যুব সংঘকে। সূর্যনগর মাঠে মর্নিংয়ের রাহুল ওরাওঁ জোড়া গোল করেন। তাদের বাকি স্কোরার সন্দীপ ওরাওঁ এবং বাপ্পা ওরাওঁ। জোড়া গোল করেন যুবর কিরণ মিনজ ওরাওঁ। তাদের অন্য গোলটি রিতেশ বাসফোরের।

## বড় জয় অগ্রদূতের



ম্যাচের সেরা পাপাই মহন্ত। ছবি : প্রতাপকুমার ঝা

**জামালদহ, ৩০ জুন :** জামালদহ স্পোর্টস অ্যাসোসিয়েশনের প্রদীপকুমার ঘোষ, তপনকুমার মিত্র ও নগেন্দ্রনাথ সরকার ট্রফি ফুটবলে সোমবার শিকারপুর অগ্রদূত ক্লাব ৯-২ গোলে অশোকবাড়ির সংগ্রামী সংঘকে হারিয়েছে। অগ্রদূতের পাপাই মহন্ত ৬টি গোল করে ম্যাচের সেরা হয়েছেন। জোড়া গোল করেন তনয় সূত্রধর। তাদের অন্য গোলটি হৃদয় হোসেনের। অশোকবাড়ির সৌরভ বর্মন জোড়া গোল করেন। মঙ্গলবার মুখোমুখি হবে জামালদহ স্পোর্টস অ্যাসোসিয়েশন জুনিয়ার ও উচলপুকুরি জনকল্যাণ সত্যেন্দ্রনাথ ক্লাব ও পাঠাগার।

## সুপার ডিভিশনে স্থগিত ম্যাচ

**বালুরঘাট, ৩০ জুন :** জেলা ক্রীড়া সংস্থার সুবলচন্দ্র বিশ্বাস ও বিমলা সুন্দরী বিশ্বাস ট্রফি সুপার ডিভিশন ফুটবল লিগে সোমবারের খেলা স্থগিত করা হয়েছে। এদিন আদিবাসী সম্প্রদায়ের হুল দিবস উদযাপনের জন্য বালুরঘাট স্টেডিয়ামে কুড়াহা ও গঙ্গারামপুর ফুটবল দলের মধ্যে খেলা স্থগিত করা হয়। সংস্থার ফুটবল সচিব কৃষ্ণ দত্ত জানিয়েছেন, আগামীতে এই খেলার সূচি দেওয়া হবে।



চ্যাম্পিয়ন হওয়ার পর রেড বুলস ইলেভেন দল। ছবি : জয়ন্ত সরকার

## চ্যাম্পিয়ন রেড বুলস

**গঙ্গারামপুর, ৩০ জুন :** হুল দিবস উপলক্ষ্যে আয়োজিত কালদিঘি রামচন্দ্রপুর আদিবাসী সিধু কানু ক্লাবের ৮ দলীয় ফুটবলে চ্যাম্পিয়ন হল রাজীবপুরের রেড বুলস ইলেভেন। সোমবার গঙ্গারামপুরের সিধু কানু ময়দানে ফাইনালে তারা ১-০ গোলে হারিয়েছে বাগিচাপুর হরিরামপুরকে। একমাত্র গোল করে ফাইনালের সেরা হয়েছেন রেড বুলসের সুজয় হেমরম। প্রতিযোগিতার সেরা ফুটবলার বাগিচাপুরের রোহিত মুর্মু। চ্যাম্পিয়ন দল ট্রফি সহ ৪৫০০ টাকা পুরস্কার ও রানার্সরা ট্রফির সঙ্গে ৩৫০০ টাকা পুরস্কার পেয়েছে।